The Most Circulated Bengali Newspaper in North America

শুক্রবারের পত্রিকা | উত্তর-আমেরিকায় বাংলা ভাষায় সর্বাধিক প্রচারিত

সাপ্তাহিক আজকাল

find us online
www.ajkalusa.com
/weeklyajkal

The Weekly Ajkal | Vol.18, Issue 943 | 09 October 2026 | শুক্রবার ২৪ আশ্বিন ১৪৩৩

Trump's popularity hits record low ahead of midterm elections

→ Page 19

Washington seeks information from Russia after lab worker dies of 'plague'

→ Page 18

Biman signs deal with Airbus for 10 aircraft

→ Page 19

'Close-Up' Star Muhin to Contest UP Chairman Election

→ Page 18

ব্রংকসে এগিয়ে সেলিম-আলী: ব্রুকলিনে হাড্ডাহাড্ডি লড়াই

২৫ অক্টোবর বাংলাদেশ সোসইটির নির্বাচন : একযোগে ভোট হবে ৫ কেন্দ্রে

মনোয়ারুল ইসলাম

বাংলাদেশ সোসইটির নির্বাচন জমে উঠেছে। আগামী ২৫ অক্টোবর সিটির ৫টি কেন্দ্রে একযোগে নির্বাচন অনুষ্ঠিত হবে। কেন্দ্রগুলো হচ্ছে উডসাইড, জামাইকা, ব্রুকলিন (চার্চ ম্যাকডোনাল্ডস), ওজনপার্ক ও ব্রংকসের পার্ক চেষ্টার। নির্বাচনে সেলিম-আলী ও কুনু-ফিরোজ প্যানেল প্রতিদ্বন্দ্বিতা করছে। এর বাইরে এককভাবে সাধারন সম্পাদক পদে নির্বাচন করছেন রাব্বী সৈয়দ। সাপ্তাহিক আজকাল কেন্দ্রভিত্তিক নির্বাচন নিয়ে আলোচনা ও জরিপের ভিত্তিতে রিপোর্ট করছে। এ সংখ্যায় ব্রংকস ও ব্রুকলিন নিয়ে রিপোর্ট প্রকাশ করা হলো। আগামী সপ্তাহে প্রকাশিত হবে ওজনপার্ক ও জামাইকা নিয়ে বাংলাদেশ সোসাইটির নির্বাচন ঘিরে প্রতিদিন ব্রংকসের পার্কচেষ্টারে বসছে ভোটারের মেলা। তা ফাইভ স্টার রেষ্টুরেন্ট, হাসান চাইনিজ, নিরব রেষ্টুরেন্ট, মান্নান বেকারি কিংবা আল আকসায়। জটলা কিংবা আড্ডা। সর্বত্রই নির্বাচনী আলোচনা। চুলছেড়া বিশ্লেষন চলছে। কোন প্যানেল জিতবে ২৫ অক্টোবরের

↘এরপর ২৮ পৃষ্ঠায়

মাফ করবেন খোকন

কমিউনিটির মুখোশ উন্মোচন

আজকাল রিপোর্ট

নিখোঁজের ৫ দিন পর মিলালো কাজি আজিজুল হক খোকনের (৫৭) মরদেহ। দৈন্যতা প্রকাশ পেল বাংলাদেশি কমিউনিটির। নেতৃত্বের সমন্বয়হীনতার স্বাক্ষর হয়ে থাকবে। শনিবারই মারা গেলেন খোকন। রাস্তায় পড়েছিল দেহ। পথচারিরা পুলিশ খবর দেয়। জামাইকা হাসপাতালে নিলে তাকে মৃত ঘোষণা করা হয়। ব্রুকলিনে মর্গে পাঠানো হয়। ৫ দিন পড়ে থাকলো লাশ। সবই রেকর্ডেড। অথচ সোমবার খোকনের রাজনৈতিক অনুসারি ও বন্ধু মহল বললেন, সব হাসপাতাল ও প্রিসিংকটে খোঁজ নেয়া হয়েছে। তার কোন হদিস নেই। বুধবার খোকনকে খুজেঁ বের করতে আওয়ামী ঘরণার নেতৃবৃন্দ জ্যাকসন হাইটসে বৈঠকে বসেন। বক্তাদের অধিকাংশই আশংকা প্রকাশ করেন, তাকে আইস পুলিশ ধরে নিয়ে যেতে পারে। আর বাস্তব চিত্রটা ছিল তারা হাসপাতাল কিংবা থানায় খোঁজটা পর্যন্ত নেননি। অথচ সেই সভায় কত পরিকল্পনা। কমিটি গঠন। কত কি? একজন মানুষ নিখোঁজ হবার ৫ দিন পরও না পাওয়া কমিউনিটিকে লজ্জায় ফেলে দিয়েছে।
নিউইয়র্কের জ্যাকসন হাইটসে গেলেই দেখা

↘এরপর ২৪ পৃষ্ঠায়

বদলে গেল আমেরিকার পাসপোর্ট

আজকাল রিপোর্ট

বদলে যাচ্ছে যুক্তরাষ্ট্রের পাসপোর্ট। ডিসেম্বর থেকে প্রথমবারের মতো অনলাইনে এই পাসপোর্টের আবেদনের প্রক্রিয়াটি সম্পূর্ণ ডিজিটাল করার পরিকল্পনাও ঘোষণা করা হয়েছে। ফ্লাইট অফ দ্য ঈগল্ত

↘এরপর ২৮ পৃষ্ঠায়

৪০ আমেরিকানের নাগরিকত্ব বাতিলের উদ্যোগ

আজকাল রিপোর্ট

৪০ আমেরিকানের নাগরিকত্ব বাতিলের উদ্যোগ নিয়েচে ট্রাম্প প্রশাসন। বিচার বিভাগ ৫ অক্টোবর এক ঘোষণা বলেছে, যুক্তরাষ্ট্রের একাধিক জেলা আদালতে ৪০ জন ব্যক্তির বিরুদ্ধে নাগরিকত্ব বাতিলের আইনি পদক্ষেপ গ্রহণ করেছে। এই ব্যক্তিরা গুরুতর অপরাধে অভিযুক্ত। যার মধ্যে রয়েছে বিদেশি সরকারের এজেন্ট হিসেবে কাজ করা, ইচ্ছাকৃত নরহত্যা এবং বিশেষ চাহিদাসম্পন্ন এক ব্যক্তির বিরুদ্ধে গুরুতর যৌন অপরাধ (অ্যাগ্রাভেটেড সোডমি) সংঘটন। ২১ আগস্ট থেকে ২ অক্টোবর ২০২৬'র মধ্যে দায়ের করা এই অভিযোগগুলো ট্রাম্প প্রশাসনের অধীনে এককালীন দাখিল করা মামলার মধ্যে বৃহত্তম সংখ্যা। ৫ অক্টোবর জাস্টিস ডিপার্টমেন্টের এক প্রেসবিজ্ঞপ্তিতে এ তথ্য প্রকাশ করা হয়েছে। ইমিগ্রেশন অ্যান্ড ন্যাশনালিটি অ্যাক্ট (অভিবাসন ও নাগরিকত্ব আইন) অনুযায়ী, কোনো

↘এরপর ২৮ পৃষ্ঠায়

প্রেমে ব্যর্থ হয়ে নারীকে হুমকি

সাসপেন্ড বাংলাদেশি পুলিশ আতিক

আজকাল রিপোর্ট

প্রেম কেলেংকারিতে নিউইয়র্ক সিটি পুলিশ বাংলাদেশি আতিকুল ইসলাম ফেঁসে গেলেন। চাকুরি হারাতে বসেছেন পুলিশ ডিপার্টমেন্ট থেকে। প্রেমে প্রত্যাখিত হয়ে আতিক নিজে ইমিগ্রান্ট পুলিশ পরিচয় দিয়ে সুন্দরী বাংলাদেশি এক নারীকে হয়রানী করতে শুরু করেন। ঐ নারীকে তার পরিবারসহ একটি অভিবাসন কেন্দ্রে হাজির হওয়ার নির্দেশ দিয়েছিলেন তিনি। সরকারি কৌঁসুলিরা একে প্রেমে ব্যর্থ হওয়ায় 'ব্যক্তিগত আক্রোশ' বা প্রতিশোধ নেওয়ার প্রচেষ্টা হিসেবে অভিহিত করেছেন। ৩০ সেপ্টেম্বর বুধবার ব্রুকলিন

↘এরপর ২৪ পৃষ্ঠায়

নিউইয়র্ক সিটিই বিশ্বের শীর্ষ শহরের মর্যাদায়

আজকাল রিপোর্ট

নিউইয়র্ক সিটিই বিশ্বের শীর্ষ শহরের মর্যাদা পেল। অক্সফোর্ড ইকোনমিক্স কর্তৃক মূল্যায়িত ১,০০০টি প্রধান শহরের মধ্যে প্রথম স্থান অধিকার করেছে নিউ ইয়র্ক সিটি।

↘এরপর ২৪ পৃষ্ঠায়

প্রো-প্যালেস্টাইনিদের তোপের মুখে মেয়র মামদানি

আজকাল রিপোর্ট

নিউইয়র্কে প্রো-প্যালেস্টাইন বিক্ষোভকারীদের তোপের মুখে পড়লেন সিটি মেয়র জোহরান মামদানি। তারা তাকে ঘিরে বিক্ষোভ প্রদর্শন করেছে।তাকে লক্ষ্য করে বিভিন্ন শ্লোগান দেয়। তাকে 'কাপুরুষ' পুরুষ বলেও আখ্যায়িত করে। গত বুধবার ম্যানহাটনের ঐতিহাসিক ইউনিয়ন স্কয়ারে 'শান্তিপন্থী একটি ইসরায়েলি গোষ্ঠীর' আয়োজিত ৭ অক্টোবর ইসরাইলে হামাসের হামলার তৃতীয় বার্ষিকীর অনুষ্ঠানে মেয়র যোগ দিলে এ ঘটনা ঘটে। সেখানে প্রো-ইসরাইল ও প্রো-প্যালেস্টাইন সর্মথ করা সমবেত হয়েছিল। এই অনুষ্ঠানে যোগ দেয়ায় প্রো-প্যালেস্টাইন বিক্ষোভকারিদের তীব্র দুয়োধ্বনি ও বিদ্রুপের মুখে পড়েন মামদানি।
এর আগে একই

↘এরপর ২৮ পৃষ্ঠায়

৮ কোটি টাকার প্রতারণায় গ্রেফতার বাংলাদেশি আবু সালেহ

আজকাল রিপোর্ট

যুক্তরাষ্ট্রে ৮ কোটি টাকার (৬৫ হাজার ডলার) প্রতারণা মামলায় গ্রেফতার হলেন বাংলাদেশি আবু সালেহ। গত বুধবার, ৩০ সেপ্টেম্বর টেনাসী অঙ্গরাজ্যের

↘এরপর ২৮ পৃষ্ঠায়

এক্সিডেন্ট কেইসেস
ও
মেডিকেল ম্যালপ্র্যাক্টিস
বিনামুল্যে পরামর্শ
এটর্নি বাসায় ও হাসপাতালে নিয়ে যাবে
Call : +1(866) 664 6529
For appointments only

Computer Support/Job?
ডাটা রিকভারি, নেটওয়ার্কিং, AI সফটওয়্যার
ট্যাক্স কোর্স ও কম্পিউটারের চাকুরী
২৫ বছরের অভিজ্ঞ প্রফেশনালদের
পরামর্শ ও সহায়তা নিন।
(929) 665 2500
Tired of Driving? Get office Job

এসাইলাম সেন্টার/স্টপ ডিপোর্টেশন
আমেরিকায় গ্রীনকার্ড / বৈধতা নিয়ে আতঙ্কবিহীন জীবনযাপনে আমাদের সহায়তা নিন
রাজনৈতিক, ধর্মীয় ও সামাজিক বৈষম্যের প্রেক্ষিতে নিপীড়ন,নাগরিক অথবা মানবধিকার লঙ্ঘণের প্রেক্ষিতে একটি এসাইলাম কেইস হতে পারে আপনার গ্রীনকার্ড (স্থায়ী বাসিন্দা) পাওয়ার সহজতর রাস্তা।
কেন আমাদের কাছে আসবেন
★ আমেরিকায় এসে ইমিগ্রেশন নিয়ে কিছুই করেননি অথবা কিছু করে ব্যর্থ হয়েছেন তারা সত্তর যোগাযোগ করুন।
★ বাংলাদেশ জাতীয়তাবাদী দল (বিএনপি)-কে TIER (III) জঙ্গী সংগঠন হিসাবে বিবেচনা করায় তাদের নেতা ও কর্মীদের এসাইলাম কেইসগুলো একটু দুরূহ হলেও আমরা সফলতার সাথে অনেকগুলো মামলায় জয়লাভ করেছি। (বিএনপির সর্বাধিক কেইস আমরাই জয়লাভ করেছি।)
★ ১৯ জন ইউএস "এটর্নী অব ল" শুধুমাত্র ইমিগ্রেশন কেইসগুলোই করেন।
★ আমরা অত্যন্ত সফলতার সাথে অনকগুলো ডিপোর্টেশন কেইস করেছি।
★ ক্রিমিনাল কেইস/ফোরক্লোজার স্টপ/ডিভোর্স/ব্যাঙ্করাপসি/ল-স্যুট ইত্যাদি।
★ দীর্ঘ অভিজ্ঞতাসম্পন্ন আমেরিকা ATTORNEY-দের সাহায্য নিয়ে এই দেশে আপনার ভবিষ্যৎ নিশ্চিত করুন।
কেন আমরা অন্যদের চেয়ে আলাদা
আমেরিকার ৫০টি স্টেটে সফলতার সাথে ইমিগ্রেশন মামলা পরিচালনা করি
লিগ্যাল নেটওয়ার্ক ইন্টারন্যাশনাল, এল এল সি
আপনার আইনী সমস্যা সমাধানে আমরা অদ্বিতীয়
৩৭-৪৮ ৭২ স্ট্রীট, ২য় তলা, জ্যাকসন হাইটস্, নিউইয়র্ক ১১৩৭২
ই-মেইল: legalnetwork.us@gmail.com
ফোন: 917-722-1405 or 718-524-9777
All of our services are provided bz third-party professionals
Visit us : www.legalnetworkusa.com

BISMILLAH
HALAL LIVE POULTRY MEAT & FISH MARKET
BISMILLAH HALAL LIVE POULTRY MEAT & FISH MARKET
১০টি কালার (কালার চিকেন) চিকেন কিনলে ২টি ফ্রি
(অথবা ৩টি রেড হার্ড চিকেন ফ্রি)
৬টি কালার (রেড/ব্লাক) চিকেন কিনলে ১টি ফ্রি
এখানে বাংলাদেশের সব ধরণের মাছ পাওয়া যায় ৩টি হার্ড চিকেন $20.99
নিউইয়র্ক শরীয়াহ বোর্ড অনুমোদিত SBNY
37-15 55th St. Woodside NY-11377. Phone: 718.205.7200
We accept all major credit cards
ফ্রি ডেলিভারী

GREE MECHANICAL YONKERS
সরকারী অনুদানে বাসা ও ব্যবসা প্রতিষ্ঠানে অত্যাধুনিক হিটিং ও এয়ারকন্ডিশন লাগাতে চান?
সরকারী অনুদানে $8000-$10000 ডলার।
বিস্তারিত জানতে কল করুন
914-222-9477, 914-989-0089
Gree Mechanical Yonkers
1900 Central Park Ave,Yonkers NY 10710
তোফায়েল চৌধুরী

RAJIB AHMED
PRESIDENT & CEO
LICENSED REAL ESTATE EXPERT
MEGA insurance BROKERAGE
TLC UBER, LYFT, YELLOWCAB, BLACK CAR
ইন্স্যুরেন্সের জন্য নির্ভরযোগ্য প্রতিষ্ঠান
আমরা দিচ্ছি ফ্রি কোটেশন সুবিধা
TAXI-LIMOUSINE INSURANCE EXPERT
WE OFFER DMV/TLC SERVICES & CLAIMS
Uber lyft NYC TAXI
DIRECT: 718-730-5290 OFFICE: 212-721-0001
32-47 57TH ST, WOODSIDE, NY 11377

MORTGAGE MORTGAGE MORTGAGE
PURCHASE OR REFINANCE
Call Nasir Today
TO SEE IF YOU CAN GET PRE APPROVED
917-400-5728
Nasiruddin M Laskar
NMLS ID 1312055

NYSADC
NEW YORK SENIOR ADULT DAY CARE
NEW YORK SENIOR ADULT DAYCARE
নিউইয়র্ক সিনিয়র এডাল্ট ডে কেয়ার
WE HAVE MOST PROMINENT MLTC CONTACT
healthfirst
Health Insurance for New Yorkers
elderplan
a participating agency of MJHS Health System
Anthem
Hamaspik
MANAGED CARE
RiverSpring Living
MetroPlus Health
S W H
Senior Whole Health
SHAH NAWAZ MBA
PRESIDENT & CEO
FUHAD HUSSAIN
CCO
MOHAMMAD ZAHID ALAM
CFO
• We Provide Transportation for Pick-Up and Drop Off
• Both Halal and Vegetarian Food Option
A SISTER CONCERN OF SHAH NAWAZ GROUP
সর্বোচ্চ সেবার নিশ্চয়তা
CALL US NOW:
718-516-3425
SNG
SHAH NAWAZ GROUP
Design by: ihopeprint.com, 929-536-7903
CONTACT US:
Off: 718-516-3424
FAX: 646-568-6474
newyorksadc.com
intake@ny-sadc.com
116-33 Queens Blvd
Forest Hills, NY 11375
86-11 101 Avenue,
Ozone Park, NY 11416

সাপ্তাহিক আজকাল
Friday, 09 October 2026, Issue 943, www.ajkalusa.com
PAGE 03

আফসান হাবিব বসন-এর কলাম
বন্দির চিকিৎসাকেন্দ্র বন্দরের সুরাহা সরকারের অবস্থাই দিয়েই ধরা!
০৫ পৃষ্ঠায়

জহিরুল ইসলাম-এর কলাম বাংলা ভাষা কি উত্তর আমেরিকায় নতুন প্রজন্মের কাছে টিকে থাকবে?
১০ পৃষ্ঠায়

ড. মাহরুফ চৌধুরী-এর কলাম আলোকিত জাতি গঠনে শিক্ষা
০৬ পৃষ্ঠায়

নিউইয়র্কে সুরের জালে শ্রোতাদের বাঁধলেন ইমরান, কনা ও ঝিলিক

আজকাল রিপোর্ট

যুক্তরাষ্ট্র প্রবাসী বাংলাদেশিদের বাংলা গান ও সংস্কৃতির আনন্দে ভাসাতে নিউইয়র্কের লং আইল্যান্ড সিটিতে অনুষ্ঠিত হয়ে গেল মেগা মিউজিক্যাল শো 'লাইভ ইন কনসার্ট: অ্যান আনফরগেটেবল মিউজিক্যাল নাইট'। গত ৩ অক্টোবর, শনিবার সন্ধ্যা থেকে গভীর রাত পর্যন্ত ইন্টারন্যাশনাল ক্রিশ্চিয়ান সেন্টার মিলনায়তনে এ কনসার্ট অনুষ্ঠিত হয়। কনসার্টটি যৌথভাবে আয়োজন করে প্রবাসী নারী সংগঠন 'দ্য বিউটিফুল লেডিস অব ইউএসএ'।

এরপর ৫২ পৃষ্ঠায়

বিংহ্যামটনে মিউজিক্যাল নাইট ১১ অক্টোবর

আজকাল রিপোর্ট

বাংলাদেশি সংস্কৃতি, সংগীত ও বিনোদনের পসরা সাজিয়ে কমিউনিটির মিলনমেলায় পরিণত হবে নিউইয়র্কের গ্রেটার বিংহ্যামটনের ভেস্টালে অনুষ্ঠেয় বর্ণাঢ্য মিউজিক্যাল নাইট ও কম মেয়ার'। আগামীকাল রোববার, ১১ অক্টোবর, বিকেল ৫টা থেকে রাত ১১টা পর্যন্ত ভেস্টালের আইসিলি অডিটোরিয়ামে অনুষ্ঠিত হবে দিনব্যাপী এই বিশেষ আয়োজন।

গ্রি এমএমএস করপোরেশনের আয়োজনে অনুষ্ঠানে থাকছে সংগীত, চলচ্চিত্র তারকাদের বিশেষ উপস্থিতি, স্থানীয় শিল্পীদের পরিবেশনা, বাংলাদেশি খাবার, ফ্যাশন স্টল, র‍্যাফেল ড্র সহ নানা আয়োজন।

অনুষ্ঠানের অন্যতম প্রধান আকর্ষণ হিসেবে থাকবেন বাংলাদেশের জনপ্রিয় চলচ্চিত্র তারকা মৌসুমী ও শাকিব খান। তারা অনুষ্ঠানে স্পেশাল এপিয়ারেন্স হিসেবে দর্শকদের সঙ্গে সময়

এরপর ২৪ পৃষ্ঠায়

ভারতের স্যাটেলাইটের আঘাতে ঝুঁকিতে বাংলাদেশের স্যাটেলাইট!

আজকাল রিপোর্ট

নাসার সতর্ক বার্তা না পেলে মহাকাশে ভারতের একটি স্যাটেলাইটের ভগ্নাংশের আঘাতে বাংলাদেশের স্যাটেলাইট মারাত্মক হুমকিতে পড়ে। ক্রুতগতির একটি মহাকাশ বর্জ্যের আঘাত থেকে অল্পের জন্য রক্ষা পেয়েছে বাংলাদেশ স্যাটেলাইট-১ (বিএস-১)। নাসা থেকে সতর্কবার্তা পাওয়ার পর গাজীপুরের গ্রাউন্ড ইঞ্জিনিয়ারদের দক্ষতায় শেষ মুহূর্তে স্যাটেলাইটটির অবস্থান সামান্য পরিবর্তন করে সম্ভাব্য সংঘর্ষ এড়ানো সম্ভব হয়েছে। গত ২৩ আগস্ট বাংলাদেশের স্যাটেলাইটটির মাত্র ৮৫২ মিটারের মধ্যে চলে এসেছিল ভারতের মহাকাশ বর্জ্য।

বাংলাদেশ স্যাটেলাইট কোম্পানি লিমিটেডের (বিএসসিএল) ব্যবস্থাপনা পরিচালক ও প্রধান নির্বাহী কর্মকর্তা ড. মুহাম্মদ ইমাদুর রহমান ঘটনা স্বীকার করে জানান, ২৩ আগস্ট সন্ধ্যা ৭টা ৪০ মিনিটে নাসা থেকে বিএসসিএলকে সতর্কবার্তা দেওয়া হয়। এতে জানানো হয়, একটি দ্রুতগতির মহাকাশ বর্জ্য পরবর্তী ১২ ঘণ্টারও কম সময়ের মধ্যে বিএস-১-এর ৮৫২ মিটারের মধ্যে চলে আসতে পারে। সংঘর্ষ হলে বড় ধরনের ক্ষতির আশঙ্কার কথাও জানানো হয়।

চুক্তি অনুযায়ী, নাসা প্রতি দুই ঘণ্টা পর স্যাটেলাইটটির নিরাপত্তা পরিস্থিতি সম্পর্কে হালনাগাদ তথ্য দেয়। তবে ওই দিনের সর্বশেষ বার্তাটি ছিল জরুরি ও সতর্কতামূলক। ইমাদুর রহমান জানান, ওই পরিস্থিতিতে বিএস-১-এর অবস্থান পরিবর্তন করা ছাড়া উপায় ছিল না। সামনে, পেছনে বা ডানে সরানোর সুযোগ ছিল না। বাঁ দিকে সরালে অন্য একটি সক্রিয় স্যাটেলাইটের কাছাকাছি চলে যাওয়ার ঝুঁকি ছিল। ফলে অল্প সময়ের মধ্যে সঠিক সিদ্ধান্ত নেওয়া ছিল অত্যন্ত কঠিন। পরিস্থিতি বিবেচনায় প্রকৌশলীরা স্যাটেলাইটটিকে সামান্য বাঁ দিকে

এরপর ১৩ পৃষ্ঠায়

গ্রেটার বেগমগঞ্জ সোসাইটির সভাপতি নুরুল সেক্রেটারি মাহমুদুল

আজকাল রিপোর্ট

একসময়ের বাংলাদেশের সর্ববৃহৎ উপজেলা বেগমগঞ্জের যুক্তরাষ্ট্র প্রবাসীদের সংগঠন দি গ্রেটার বেগমগঞ্জ (বেগমগঞ্জ-সোনাইমুড়ি) সোসাইটি ইউএসএর দ্বিবার্ষিক নির্বাচনে সভাপতি পদে নুরুল আমিন, সেক্রেটারি পদে মাহমুদুল হক এবং অর্থ-সম্পাদক পদে আমির হোসেন তুহিনসহ ১৩ পদের বিপরীতে প্রার্থীরা বিনা প্রতিদ্বন্দ্বিতায় নির্বাচিত হয়েছেন। সহ-সভাপতি পদে দুইজন প্রার্থীর মধ্যে একজন প্রার্থী প্রত্যাহার

এরপর ১৩ পৃষ্ঠায়

সেলিম-আলী পরিষদকে সমর্থন বাংলাদেশ এসেম্বলির

আজকাল রিপোর্ট

বাংলাদেশ সোসাইটির আগামী ২৫ অক্টোবর অনুষ্ঠেয় নির্বাচনে সেলিম-আলী পরিষদকে সমর্থন জানিয়েছে বাংলাদেশ এসেম্বলি অব ইউএসএ ইনক। গত ৪ অক্টোবর রবিবার জ্যামাইকার একটি পার্টি হলে প্যানেলটির সমর্থনে এক অনুষ্ঠানের আয়োজন করে বাংলাদেশ এসেম্বলি।

এতে এসেম্বলির সভাপতি শামীম হাসান, সাধারণ সম্পাদক ইসলাম কলিমসহ সংগঠনের সদস্যরা উপস্থিত ছিলেন। এছাড়া সেলিম-আলী পরিষদের সভাপতি পদ প্রার্থী মো. আতাউর রহমান সেলিম ও সাধারণ সম্পাদক প্রার্থী মোহাম্মদ আলীসহ পুরো প্যানেলের সবাই উপস্থিত ছিলেন। জলি আহমেদ ও স্বপনের যৌথ সঞ্চালনায়

এরপর ১৩ পৃষ্ঠায়

প্রার্থীদের সঙ্গে বাংলাদেশ সোসাইটির নির্বাচন কমিশনের মতবিনিময়

আজকাল রিপোর্ট

বাংলাদেশ সোসাইটির আসন্ন নির্বাচন সুষ্ঠুভাবে পরিচালনার লক্ষ্যে প্রতিদ্বন্দ্বী দুই প্যানেল ও স্বতন্ত্র প্রার্থীদের সাথে মতবিনিময় করেছে সোসাইটির নির্বাচন কমিশন। ৬ অক্টোবর সোসাইটির নিজস্ব কার্যালয়ে অনুষ্ঠিত এ সভায় স্যাম্পল ব্যালট থেকে শুরু করে পোলিং এজেন্ট, জাল ভোট প্রতিরোধ, প্রার্থীদের ভোটকেন্দ্রে প্রবেশ ও অবস্থান, নির্বাচন পরিচালনার বিভিন্ন গুরুত্বপূর্ণ বিষয়ে আলোচনা হয়। প্রার্থীদের বেশ কয়েকটি প্রস্তাব ও সুপারিশ গ্রহণ করেছে কমিশন।

মতবিনিময় সভায় বক্তব্য প্রদানকালে প্রধান নির্বাচন কমিশনার আবু নাসের ভোট প্রদানে প্রয়োজনীয় কি কি কাগজপত্র সাথে থাকতে হবে এবং ভোট প্রদানের বিভিন্ন নিয়মাবলী তুলে ধরেন। একই

এরপর ৫২ পৃষ্ঠায়

বৃহত্তর কুমিল্লাবাসীর সঙ্গে সভা 'কুনু-ফিরোজ' প্যানেলের

আজকাল রিপোর্ট

বাংলাদেশ সোসাইটির আসন্ন নির্বাচনে 'পরিবর্তনের স্লোগান' নিয়ে প্রতিদ্বন্দ্বিতাকারী 'কুনু-ফিরোজ' প্যানেলের উদ্যোগে নিউইয়র্ক প্রবাসী বৃহত্তর কুমিল্লাবাসীর পক্ষ থেকে মতবিনিময় সভা ও নির্বাচনী সমাবেশ হয়েছে। সভায় প্রবাসী বৃহত্তর কুমিল্লাবাসী 'কুনু-ফিরোজ' প্যানেলের পক্ষে ঐক্যবদ্ধ হওয়ার প্রতিশ্রুতি দিয়েছেন। সভার বক্তাগণও বিশেষ করে বৃহত্তর কুমিল্লার বিভিন্ন সংগঠনের নেতৃবৃন্দ সকল ভেদাভেদ ভুলে 'কুনু-ফিরোজ' প্যানেলের পক্ষে ঐক্যবদ্ধ থাকতে দাবী করেছেন।

জ্যাকসন হাইটসের নবান্ন পার্টি হলে গত ৪ অক্টোবর

এরপর ৫২ পৃষ্ঠায়

JACKSON HEIGHTS OFFICE

GEHI & ASSOCIATES

Attorneys and Counselors at Law
www.gehilaw.com

ফ্রি কনসালটেশন

74-09-37th Ave, Suite:205, Jackson Heights, NY-11372. TEL: 718-263-5999
104-05 Liberty Ave, Ozone Park, NY-11417 TEL: 718-577-0711
173-29, Jamaica Ave, Jamaica, NY-11432 TEL: 718-764-6911

Naresh Gehi, Esq.

ইমিগ্রেশন ব্যাংক্রাপসি ক্রেডিট কার্ড মেটার ডিভোর্স চাইল্ড কাস্টডি চাইল্ড সাপোর্ট অর্ডার অব প্রোটেকশন সিটিজেনশিপ সব ধরনের ভিসা ও ফিয়ানসি ভিসা প্রসেসিং।

- Do you want apply for a green card?
- Are you being deported?
- Are you having credit card problems?
- Are you unable to pay your debts?
- Has your bank account been sealed?
- Are you getting harrassed by creditors?

আমাদের রয়েছে বাঙালি স্টাফ, আমরা বাংলায় কথা বলি।

IF YOU ANSWERED YES, WE CAN HELP YOU TO RESOLVE YOUR DEBT, IMMIGRATION, BANKRUPTCY AND CREDIT CARD MATTERS.

ON MANY OCCASIONS, OUR CLIENTS DEBTS WERE CLEARED WITHOUT PAYING ANYTHING TO THEIR CREDITORS. PRIOR RESULTS DO NOT GUARANTEE FUTURE OUTCOME.

আমরা ৭ দিন খোলা
We are open 7 days

Call: 718-263-5999

• তুলনামূলকভাবে কম ফি • সন্ধ্যা এবং সপ্তাহান্তে এপয়েন্টমেন্টের সুযোগ

Asif Mortuza

NY INSURANCE BROKERAGE INC

NY I
NY INSURANCE BROKERAGE

আপনি কি TLC প্লেট নিতে চান??

NY INSURANCE দিচ্ছে আপনাকে সেই সুযোগ

যারা কোভিড-১৯ কালিন সময়ে (মার্চ ৭, ২০২০ থেকে সেপ্টেম্বর ১২, ২০২২) প্লেট সারেন্ডার করেছেন কিন্তু নতুন করে প্লেট নেন নি, তাদের জন্য টিএলসি নতুন করে প্লেট দিচ্ছে।

এই সুযোগ গ্রহন করতে চাইলে NY INSURANCE-এ দ্রুত যোগাযোগ করুণ

Design & Print by: ihopeprint.com, 929-538-7903

CONTACT US:

SCAN ME

718-476-2025

71-16 35th Avenue, Jackson Heights, NY 11372
office@nyinsuranceb.com www.nyinsurancebrokerage.us

সম্পাদকীয়

ট্রাম্পের ভাগ্য নির্ধারণ নভেম্বর

ভোটারদের ৫ হাজার, ৫ শত ডলার প্রদান ও স্বাস্থ্য সেবা বৃদ্ধির প্রতিশ্রুতিতেও থামছে না ট্রাম্পের জনপ্রিয়তার ধ্বস। সাধারণ মানুষের আস্থার সংকট বাইডেনের মতোই ট্রাম্পও পতন ফাঁদে পা দিয়েছেন।' প্রেসিডেন্ট বাইডেনের শাসনামলে অর্থনীতির উন্নয়ন ও জনকল্যাণকর কাজগুলোও আমেরিকানরা ইতিবাচকভাবে নেয়নি। বরং জনমত জরিপের ফলাফল ছিল উল্টো।' ট্রাম্পের সময়ে বড় বাজারে অস্থিরতা দেখা দিয়েছে। ফেডারেল রিজার্ভ সম্প্রতি সুদের হার বাড়িয়েছে। ট্রাম্পের বাণিজ্য যুদ্ধ এবং ইরানের সাথে সংঘাত সামগ্রিক অর্থনৈতিক পরিস্থিতিকে জটিলতর করছে। এসব কিছুই তাঁর জনসমর্থন বা জনমত জরিপের ফলাফল কমে যাওয়ার কারণ ব্যাখ্যা করতে সাহায্য করে।' (ক্যারিন জিন পেরি, সাবেক প্রেসিডেন্ট বাইডেনের প্রেস সেক্রেটারি)। ক্ষমতার ভারসাম্যের ঝুঁকিতে রয়েছেন প্রেসিডেন্ট ট্রাম্প। ইরান যুদ্ধ, প্রতিবেশী কানাডার সাথে বৈরি সম্পর্ক গড়ে তোলা ও ইউরোপের সাথে বাকবিতণ্ডায় অস্থির সাধারণ মানুষ। ট্রাম্প সত্য বললেও অনেকে তা আস্থায় নিতে পারেন না। নতুন করে কিউবার সাথে উত্তেজনা বাড়িয়েছেন ট্রাম্প। নির্বাচনের মাত্র ৩০ দিন আগে ৩টি যুদ্ধ জাহাজ পাঠিয়েছেন ইরান অভিমুখে। সাধারণ মানুষের এ সবের সায় নেই। সেদিকে ভ্রূক্ষেপ নেই ট্রাম্পের। মানুষ চায় গ্যাস স্টেশনে স্বস্তি। গ্যালনপ্রতি এখন ৬ ডলারের উপরে। গ্রোসারীর দোকানে আগুন। মানুষ সঞ্চয় ভাংছে প্রতিদিন। আইনশৃংখলার চরম অবনতি ঘটেছে। ৩ নভেম্বরের মধ্যবর্তী নির্বাচনে ট্রাম্পের গণেশ উল্টে যেতে পারে। অধিকাংশ জরিপেই ট্রাম্পের দল রিপাবলিকান পার্টির ভরাডুবির আভাস দিচ্ছে। কংগ্রেসের আপার হাউজ সিনেটে ৪টি ও লোয়ার হাউজ ৫টি আসনে রিপাবলিকানদের পরাজিত করতে পারলে (নিজেদের আসনগুলো ধরে রেখে) ডেমোক্র্যাটরা সংখ্যাগরিষ্ঠ দলে পরিণত হবে। তখন সবগুলো কমিটির সভাপতির আসনে বসবে তারা। লাগাম টেনে ধরবে ট্রাম্প প্রশাসনের। বিচারক নিয়োগ ও রাষ্ট্রের ব্যয় মেটানোর জন্য ট্রাম্পকে ধর্ণা দিতে হবে ডেমোক্র্যাটদের কাছে। যুদ্ধের লাগাম টেনে ধরতে পারে ডেমোক্র্যাটিক পার্টি। অভিশংসনের মুখোমুখিও হতে পারেন ট্রাম্প। ২০২৮ সালে প্রেসিডেন্ট নির্বাচন। ২০২৬ সালের নির্বাচনের তাপ লাগবে সেই নির্বাচনে। এতে কোন সন্দেহ নেই। তখন ব্যালটে ট্রাম্প থাকতে পারবেন না টার্ম লিমিটের কারণেই। প্রেসিডেন্ট নির্বাচনেও পরাজয়ের স্বাদ পেতে পারে রিপাবলিকান পার্টি।

মধ্যপ্রাচ্যের ইরান, রাশিয়া-ইউক্রেন যুদ্ধ, ইউরোপের সাথে কূটনৈতিক টানাপোড়েন, কানাডার সাথে বাণিজ্য বিরোধ ও কিউবাকে যুদ্ধের হুমকি কোনটাই আমেরিকানদের আকর্ষিত করছে না। একবার আস্থার সংকট দেখা দিলে তা ফিরিয়ে আনা সহজ নয়। সেটি পারেননি বাইডেনও। যার খেসারত দিতে হয়েছে ২০২৪ সালে প্রেসিডেন্ট পদপ্রার্থী কমলা হ্যারিসকে। নির্বাচনের আর একমাস বাকী। গণতন্ত্রের পথে কণ্টক ছড়িয়ে ট্রাম্প ভিন্ন পথে হাঁটতে চাইছেন কিনা এমন প্রশ্ন বহু আমেরিকানদেরও। নতুন করে ইরানকে ঘিরে যুদ্ধের দামামা বাজাচ্ছেন ট্রাম্প। সেটাও নির্বাচনী কৌশল কিনা তাও দেখছেন ভোটাররা। তবুও মানুষ চোখ রাখছে ৩ নভেম্বরের দিকেই।

জুলাইয়ে রিপাবলিকান পার্টির (জিওপি) সম্মেলনে অংশ নেওয়ার সময় প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প বলেন, ৩ নভেম্বর জিতলে যুক্তরাষ্ট্রের সকল প্রাপ্তবয়স্ক নাগরিক ৫ হাজার ডলার করে অর্থ পাবেন। ২ অক্টোবর আরও একটি নির্বাচনী প্রতিশ্রুতি দিলেন। ২ কোটি বয়স্ক আমেরিকানকে বিশেষ স্বাস্থ্য সেবা প্রদান করবেন। প্রত্যেকে এককালীন ১০ ডলার (বাংলাদেশি ১০ হাজার টাকা) পাবেন। নির্বাচনের আগে ভোটারদের এ ধরনের অর্থের বেনিফিট দেয়ার ঘোষণাকে রাজনৈতিক অঙ্গনে নির্বাচনে প্রভাব বিস্তারের অভিযোগ উঠেছে। নভেম্বরের মধ্যবর্তী নির্বাচনের আগে ভোটারদের কাছে রিপাবলিকান নেতার ধারাবাহিক আর্থিক প্রতিশ্রুতির মধ্যে এটি সর্বশেষ সংযোজন। রাজনীতিবিদদের মতে, এই পদক্ষেপটি নির্বাচনের ফলাফলের ওপর প্রভাব ফেলতে পারে।

ট্রাম্প প্রশাসন আলাদাভাবে প্রায় ১০ লাখ (১ মিলিয়ন) আমেরিকানকে ৫০০ ডলার করে অর্থ প্রদানের ব্যবস্থাও করছে। হোয়াইট হাউসের ভাষ্যমতে, এই অর্থ প্রদান মূলত একটি 'রিফান্ড' বা অর্থ ফেরত দেওয়ার প্রক্রিয়া। 'অ্যাফোর্ডেবল কেয়ার অ্যাক্ট'-এর আওতায় যারা স্বাস্থ্য বীমা কিনেছিলেন, তাদের কাছ থেকে অতিরিক্ত ফি নেওয়া হয়েছিল-সেই অর্থই ফেরত দেওয়া হচ্ছে। বর্তমানে সিনেট এবং প্রতিনিধি পরিষদ-উভয় কক্ষেই ট্রাম্পের রিপাবলিকান পার্টির সামান্য সংখ্যাগরিষ্ঠতা রয়েছে। তবে ইরান-ইসরায়েল যুদ্ধের জেরে তেল ও গ্যাসের দাম বেড়ে যাওয়ায় আমেরিকানদের জীবনযাত্রার ব্যয় বৃদ্ধি পেয়েছে এবং তা সামাল দেওয়ার বিষয়ে ট্রাম্পের জনপ্রিয়তা বা 'অ্যাপ্রুভাল রেটিং' বর্তমানে কম।

বর্তমানে সিনেট এবং প্রতিনিধি পরিষদ-উভয় কক্ষেই ট্রাম্পের রিপাবলিকান পার্টির সামান্য সংখ্যাগরিষ্ঠতা রয়েছে। তবে ইরান-ইসরায়েল যুদ্ধের জেরে তেল ও গ্যাসের দাম বেড়ে যাওয়ায় আমেরিকানদের জীবনযাত্রার ব্যয় বৃদ্ধি পেয়েছে এবং তা সামাল দেওয়ার বিষয়ে ট্রাম্পের জনপ্রিয়তা বা 'অ্যাপ্রুভাল রেটিং' বর্তমানে কম

আমলাতন্ত্র : ক্ষমতা ও আনুগত্যের বিনিময় ব্যবস্থা

শহীদুল্লাহ ফরায়জী



সম্প্রতি ঢাকায় অনুষ্ঠিত বে অব বেঙ্গল কনভারসেশন- ২০২৬-এর দ্বিতীয় দিনে রাষ্ট্রবিজ্ঞানী আলী রীয়াজ বাংলাদেশের রাষ্ট্রব্যবস্থার একটি গভীর সংকটের দিকে দৃষ্টি আকর্ষণ করেছেন। তাঁর বক্তব্যের একটি অংশ বিশেষভাবে গুরুত্বপূর্ণ- বাংলাদেশের আমলাতন্ত্রের একটি অংশ সংস্কারের বিরোধিতা করে এবং রাজনৈতিক প্রভুদের সেবা করতে অভ্যস্ত হয়ে উঠেছে।

বাংলাদেশের সংকটের কারণ উল্লেখ করে আলী রীয়াজ বলেন, এক নম্বর হলো রাজনীতিকীকরণ, বিশেষ করে ১৯৯১ সালের পর থেকে পরবর্তী সরকারগুলোর সময়ে। আর ২০০৯ সালের পর এটি সহজ ও সরলভাবেই একটি দলের যন্ত্র হয়ে গেছে। এটি ৪৭ নয়, ৭১ নয়। ইতিহাসের সঙ্গে এর কোনো সম্পর্ক নেই। তিনি আরও বলেন, এটি রাজনীতিকরণ-ক্ষমতাসীন দলের দিক থেকেও, আবার আমলাতন্ত্রের পক্ষ থেকেও, যারা রাজনৈতিক প্রভুদের অধীন হয়ে চলতে রাজি।

আমলাতন্ত্রকে 'সংস্কারবিরোধী' আখ্যা দিয়ে তিনি আরও বলেন, ১৫-১৬ মাস, বিশেষ করে নয় মাস তিনি তাদের সঙ্গে কাজ করেছেন এবং বিশাল গণঅভ্যুত্থান ও পুরনো ব্যবস্থাকে জনগণের প্রত্যাখ্যানের পরও তিনি তাদের মধ্যে পরিবর্তনের অনিচ্ছা দেখেছেন। তাঁর বক্তব্য অনুযায়ী, সংস্কার ঠেকাতে তারা যত ধরনের বাধা সৃষ্টি করা সম্ভব, তা করেছে। তিনি সতর্ক করে বলেন, আমলাতন্ত্রের সংস্কারবিরোধী ভূমিকা এবং রাজনৈতিক প্রভুদের সেবা করার প্রবণতাকে আড়াল না করে বাস্তবতাকে স্বীকার করতে হবে।

এই বক্তব্যকে শুধু আমলাদের সমালোচনা হিসেবে দেখলে এর গভীরতা ধরা যাবে না। বরং এটি বাংলাদেশের রাষ্ট্রক্ষমতার একটি মৌলিক প্রশ্ন সামনে আনে-আমলাতন্ত্র কাদের সেবা করবে-রাজনৈতিক ক্ষমতাকে, নাকি জনগণকে? এটি শুধু প্রশাসনিক নীতির প্রশ্ন নয়; এটি সাংবিধানিক প্রশ্ন।

বাংলাদেশের সংবিধানের ২১(২) অনুচ্ছেদে বলা হয়েছে, 'সকল সময়ে জনগণের সেবা করিবার চেষ্টা করা প্রজাতন্ত্রের কর্মে নিযুক্ত প্রত্যেক ব্যক্তির কর্তব্য।' অর্থাৎ জনগণের সেবা করা কোনো রাজনৈতিক স্লোগান নয়; এটি প্রজাতন্ত্রের কর্মে নিযুক্ত ব্যক্তির সাংবিধানিক কর্তব্য।

অতএব তাঁর ব্যক্তিগত আনুগত্য কোনো ব্যক্তি, রাজনৈতিক দল বা রাজনৈতিক প্রভুর প্রতি হতে পারে না।

সরকারের আইনসম্মত নীতি বাস্তবায়ন এবং ক্ষমতাসীন রাজনৈতিক দল বা কোনো রাজনৈতিক ব্যক্তির প্রতি ব্যক্তিগত আনুগত্য- এই দুটি এক বিষয় নয়।

এই সীমারেখা অস্পষ্ট হয়ে গেলে 'সরকারের প্রতি আনুগত্য' ধীরে ধীরে "ক্ষমতাসীন দলের প্রতি আনুগত্যে" পরিণত হতে পারে।

অতএব রাজনৈতিক দল সরকার গঠন করতে পারে; কিন্তু রাষ্ট্রীয় প্রতিষ্ঠান কোনো রাজনৈতিক দলের সম্পত্তি নয়। সরকার ও রাষ্ট্র এক জিনিস নয়। সরকার পরিবর্তনশীল; রাষ্ট্রের সাংবিধানিক ও প্রাতিষ্ঠানিক ধারাবাহিকতা তার চেয়ে স্থায়ী। রাজনৈতিক দল সরকার পরিচালনা করতে পারে, কিন্তু রাষ্ট্রীয় প্রতিষ্ঠানকে দলীয় আনুগত্যের কাঠামোয় পরিণত করার সাংবিধানিক অধিকার কোনো সরকারের নেই।

কিন্তু যখন আমলাতন্ত্র রাজনৈতিক ক্ষমতার ওপর অতিরিক্তভাবে নির্ভরশীল হয়ে পড়ে, তখন রাষ্ট্রীয় প্রতিষ্ঠান ধীরে ধীরে তার সাংবিধানিক চরিত্র হারাতে শুরু করে।

তখন বদলি ও পদায়ন পেশাগত প্রয়োজনের পরিবর্তে আনুগত্যের পুরস্কার বা শাস্তির উপায় হিসেবে ব্যবহৃত হতে পারে। এভাবেই প্রশাসনের ভেতরে জন্ম নেয় রাজনৈতিক পৃষ্ঠপোষকতার সংস্কৃতি।

আলী রীয়াজ যে দুটি বিষয় পাশাপাশি রেখেছেন- "সংস্কারবিরোধিতা" এবং "রাজনৈতিক প্রভুদের সেবা"-তা অত্যন্ত তাৎপর্যপূর্ণ।

কারণ এই দুটির মধ্যে গভীর সম্পর্ক রয়েছে।

যে আমলাতান্ত্রিক ব্যবস্থা রাজনৈতিক ক্ষমতা ও প্রশাসনিক সুবিধার পারস্পরিক বিনিময়ের ওপর দাঁড়িয়ে থাকে, সেই ব্যবস্থা নিজের ক্ষমতার কাঠামো পরিবর্তন করতে আগ্রহী নাও হতে এরপর ৩৬ পৃষ্ঠায়

> আমলাতন্ত্রকে রাজনৈতিক প্রভুর তাঁবু থেকে বের করে সাংবিধানিক প্রজাতন্ত্রের অধীন আনতে হবে। তাই রাষ্ট্র রূপান্তরের প্রকৃত লক্ষ্য হতে হবে এমন একটি প্রশাসন প্রতিষ্ঠা করা, যেখানে সরকার জনগণের সেবক, আমলাতন্ত্র জনগণের সেবক এবং রাষ্ট্রীয় ক্ষমতার প্রতিটি প্রতিষ্ঠান জনগণের সার্বভৌম ক্ষমতার প্রতি শ্রদ্ধাশীল ও জবাবদিহিমূলক। ক্ষমতার মুখ বদলালে সরকার বদলায়; ক্ষমতার চরিত্র বদলালে রাষ্ট্র বদলায়। আর জুলাইয়ের প্রকৃত শিক্ষা যদি রাষ্ট্র রূপান্তর হয়, তবে সেই রূপান্তরের একটি অপরিহার্য শর্ত হলো- রাজনৈতিক প্রভুর আমলাতন্ত্র নয়, আমরা চাই প্রজাতন্ত্রের আমলাতন্ত্র

চাকরিসূত্রে জাতীয়তাবাদী, সুবিধাসূত্রে দলীয়

আবু জুবায়ের



নব্বইয়ের দশকের শুরুতে স্বৈরাচারের পতনের পর যখন দেশে গণতান্ত্রিক ব্যবস্থার পুনরুত্থান ঘটছে এবং বাংলাদেশ জাতীয়তাবাদী দল (বিএনপি) রাষ্ট্রক্ষমতায় অধিষ্ঠিত, ঠিক সেই সন্ধিক্ষণে সাংবাদিক ও ছড়াকার আবু সালেহ লিখেছিলেন এক রূঢ় সত্য ছড়া-

"চাকরি সূত্রে জাতীয়তাবাদী, সুবিধা সূত্রে দলীয়, ভুয়া লোকদের আনাগোনা চলে সুগন্ধায় গিয়ে বলিও।"

তৎকালীন প্রধানমন্ত্রীর কার্যালয় 'সুগন্ধা'কে কেন্দ্র করে ক্ষমতার যে মেরুকরণ এবং সুবিধাবাদীদের যে নির্লজ্জ খোলস বদলের মহড়া তিনি দেখেছিলেন, আজ দীর্ঘ তিন দশক পর যেন সেই একই নাটকের পুনর্মঞ্চায়ন ঘটছে। দীর্ঘ নিবর্তনমূলক দুঃশাসনের পতন ও অভাবনীয় রাজনৈতিক পটপরিবর্তনের মধ্য দিয়ে বিএনপি যখন পুনরায় রাষ্ট্র পরিচালনার কেন্দ্রে, তখন ক্ষমতার ভরকেন্দ্র হয়তো বদলেছে, কিন্তু সেই 'ভুয়া লোকদের আনাগোনা' বিন্দুমাত্র কমেনি। সবচেয়ে বড় ট্র্যাজেডি হলো, এই সুবিধাবাদের বিষবাষ্প আজ কেবল প্রশাসনের গণ্ডিতে সীমাবদ্ধ নেই, তা ভয়াবহভাবে গ্রাস করেছে আমাদের পেশাজীবী সমাজ, শিল্প-সাহিত্য অঙ্গন এবং গণমাধ্যমকে।

যেকোনো রাষ্ট্রের মেরুদণ্ড হিসেবে বিবেচনা করা হয় তার পেশাজীবী শ্রেণিকে। কিন্তু বাংলাদেশের রাজনৈতিক সংস্কৃতিতে বিশ্ববিদ্যালয় শিক্ষক, চিকিৎসক, প্রকৌশলী কিংবা আইনজীবীদের একটি বড় অংশের যে নৈতিক অবক্ষয় ঘটেছে, তা এক অশনিসংকেত। গত দেড় দশকে যারা দলীয় লেজুড়বৃত্তির মাধ্যমে ভিসি হয়েছেন, বিশ্ববিদ্যালয়ের নিয়োগ-বাণিজ্য নিয়ন্ত্রণ করেছেন, হাসপাতালের শীর্ষ পদ দখল করেছেন কিংবা প্রকৌশল সংস্থাগুলোতে টেন্ডারের ভাগবাটোয়ারা করেছেন-ক্ষমতার পটপরিবর্তনের পর তাদের একটা বড়ো অংশ আজ রাতারাতি 'জাতীয়তাবাদী' বনে গেছেন।

পেশাজীবী সংগঠনগুলোতে এখন কান পাতলেই শোনা যায় আনুগত্য প্রমাণের নির্লজ্জ হুড়োহুড়ি। যারা এতকাল পূর্বতন স্বৈরাচারী সরকারের স্তুতি গেয়েছেন, তারা এখন সেমিনারে-সিম্পোজিয়ামে দাঁড়িয়ে অত্যন্ত চতুরতার সঙ্গে প্রমাণ করার চেষ্টা করছেন যে, অন্তরে তারা বরাবরই 'জাতীয়তাবাদী' ছিলেন এবং গত সরকারের আমলে তারা নাকি 'বাধ্য হয়ে' কাজ করেছেন! আবু সালেহ-এর ভাষায় এরাই হলেন সেই 'চাকরি সূত্রে জাতীয়তাবাদী', যাদের কাছে আদর্শের চেয়ে পদোন্নতি, প্লট আর ক্ষমতার উচ্ছিষ্ট অনেক বেশি মহামূল্যবান।

বুদ্ধিবৃত্তিক দেউলিয়াত্বের সবচেয়ে নগ্ন রূপটি চোখে পড়ে শিল্প ও সাহিত্যের অঙ্গনে। লেখক, কবি, চিত্রশিল্পী, নাট্যকার ও চলচ্চিত্রকারদের যে অংশটি গত পনেরো বছর ধরে পূর্ববর্তী সরকারের নিরঙ্কুশ বন্দনায় মগ্ন ছিল, যারা বাংলা একাডেমি বা শিল্পকলা একাডেমির মতো রাষ্ট্রীয় প্রতিষ্ঠানগুলোকে দলীয় কার্যালয়ে পরিণত করেছিল, আজ তাদের ভোলবদল বিস্ময়কর।

যেসব সাংস্কৃতিক ব্যক্তিত্ব একসময় সরকারের দমন-পীড়ন, গুম-খুন ও ভোটাধিকার হরণের বিরুদ্ধে একটি শব্দও উচ্চারণ করেননি, বরং রাষ্ট্রীয় পদক, অনুদান ও প্লটের লোভে চাটুকারিতার নতুন নতুন দৃষ্টান্ত স্থাপন করেছেন- তারাই এখন নতুন সরকারের প্রশস্তি গাইতে শুরু করেছেন। তারা নতুন করে কবিতা লিখছেন, টকশোতে এসে গণতন্ত্রের সবক দিচ্ছেন। অথচ যে প্রতিবাদী শিল্পী বা লেখকেরা সত্য বলার অপরাধে বছরের পর বছর সেন্সরশিপের শিকার হয়েছেন, মামলা-হামলা সয়েছেন, তারা আজও সেই 'সুবিধা সূত্রে দলীয়' হাইব্রিডদের দাপটে কোণঠাসা।

গণমাধ্যমকে বলা হয় রাষ্ট্রের চতুর্থ স্তম্ভ। কিন্তু গত এক দশকে এই স্তম্ভটি কীভাবে ক্ষমতার পদলেহন করেছে, তা জাতির জানা। সম্পাদক, টেলিভিশন চ্যানেলের মালিক, টকশোর সঞ্চালক এবং স্বঘোষিত বুদ্ধিজীবীদের একটি বড় অংশ কার্যত পরিণত হয়েছিল স্বৈরাচারের প্রোপাগান্ডা মেশিনে। তারা বিরোধী মতকে তুলাধুনো করেছেন, গায়েবি মামলাকে বৈধতা দিয়েছেন এবং লুণ্ঠনকারীদের পক্ষে সাফাই গেয়েছেন।

কিন্তু ক্ষমতার পটপরিবর্তনের সাথে সাথেই এই মিডিয়া মোড়লদের মুখোশ অবিশ্বাস্য দ্রুততায় পাল্টে গেছে। যারা গতকালও স্বৈরাচারের পক্ষে সম্পাদকীয় লিখেছেন, তারাই আজ পত্রিকার পাতায় বা টেলিভিশনের পর্দায় 'গণতন্ত্র ও বাকস্বাধীনতার' চ্যাম্পিয়ন হিসেবে আবির্ভূত হয়েছেন। নতুন সরকারের নীতিনির্ধারকদের সাক্ষাৎকার নেওয়া, তাদের স্তুতি গাওয়া এবং নিজেদের অতীত মুছে ফেলার এক অদ্ভুত প্রতিযোগিতায় লিপ্ত তারা। এরা প্রকৃত সাংবাদিক নন, এরা ক্ষমতার সুবিধাভোগী ব্যবসায়ী। এদের এই চাটুকারিতা কেবল সাংবাদিকতার নীতিকেই ভূলুণ্ঠিত করছে না, নতুন সরকারের জন্য এক বিপজ্জনক ফাঁদ তৈরি করছে।

সুবিধাবাদের এই চিরায়ত চক্র ভাঙতে না পারলে কোনো রাজনৈতিক পরিবর্তনই টেকসই হবে না। পেশাজীবী, বুদ্ধিজীবী কিংবা সাংবাদিক যারা ক্ষমতার পালাবদলের সাথে সাথে গিরগিটির মতো রং বদলায়, সংকটের দিনে তারাই সবার আগে বিশ্বাসঘাতকতা করে। গত দেড় দশকে যে অগণিত তৃণমূল কর্মী, ত্যাগী এরপর ৫৩ পৃষ্ঠায়

> মেধা, সততা এবং আদর্শিক দৃঢ়তাকে যদি মূল্যায়নের একমাত্র মাপকাঠি হিসেবে প্রতিষ্ঠিত করা না যায়, তবে ১৯৯২ সালের সেই ছড়ার অন্তর্নিহিত সতর্কবার্তা আমাদের ভবিষ্যৎকেও বারবার উপহাস করবে। চাকরি না থাকলে এরা আর জাতীয়বাদী থাকবে না। সুবিধা না থাকলে এরা দলের হয়েও কাজ করবে না। এদের কাছে আদর্শ বলে কিছু নেই। সুবিধাবাদী, ভুয়া লোকদের আনাগোনা চিরতরে বন্ধ হোক-আজকের রাজনৈতিক ও বুদ্ধিবৃত্তিক প্রেক্ষাপটে সবচেয়ে গুরুত্বপূর্ণ দাবি হলো এটিই

Editor & Publisher : Shah Nawaz
Managing Editor : Rano Nawaz
City Editor : Anik Raj
General Manager : Abubakar Siddique

সম্পাদক ও প্রকাশক : শাহ্ নেওয়াজ
ব্যবস্থাপনা সম্পাদক : রানো নেওয়াজ
সিটি এডিটর : অনিক রাজ
জেনারেল ম্যানেজার : আবুবকর সিদ্দিকী

Weekly Ajkal
71-16 35th Ave, Jackson Heights,
NY 11372, USA.
Ph: 646-267-7751
web: www.ajkalusa.com
e-mail: ajkalnews@gmail.com

শিক্ষকদের মর্যাদা আর নীতিগত সংস্কারের ভারসাম্য জরুরি

মো. জসিম উদ্দিন

প্রতিবছরই শিক্ষক দিবসকে আমরা স্মরণ করি। আনুষ্ঠানিকতার বাইরেও এটি শিক্ষকদের ভূমিকা, মর্যাদা ও দায়িত্ব সম্পর্কে নতুন করে ভাবার দিন। জাতি গঠনের মূল কারিগর শিক্ষক- এটি বহুল স্বীকৃত সত্য। তবুও প্রশ্ন জাগে, আজকের বাংলাদেশে সেই কারিগররা কতটা মর্যাদা, সম্মান এবং প্রয়োজনীয় সুযোগ-সুবিধা পাচ্ছেন? শিক্ষক শুধুমাত্র একজন পেশাজীবী নন; তিনি সমাজের পথপ্রদর্শক, জাতির নৈতিক শক্তির প্রতীক। একজন দক্ষ ও নিবেদিতপ্রাণ শিক্ষক একদিকে যেমন জ্ঞান বিতরণ করেন, অন্যদিকে শিক্ষার্থীদের ভেতর মূল্যবোধ, মানবিকতা, দায়িত্ববোধ ও নেতৃত্বের বীজ বপন করেন। দিন শেষে আমাদের সমাজে শিক্ষককে যথাযথ মর্যাদা আদায় করে নিতেই আন্দোলন-সংগ্রাম করতে হয়।

শহর বনাম গ্রামের শিক্ষক বাস্তবতা

বাংলাদেশে প্রাথমিক থেকে উচ্চশিক্ষা পর্যন্ত সব শিক্ষকের ভূমিকা গুরুত্বপূর্ণ। তবে শহর ও গ্রামের শিক্ষকের কর্মপরিবেশ, সুযোগ-সুবিধা ও বাস্তবতা এক নয়। শহরের প্রতিষ্ঠানে তুলনামূলক ভালো পরিবেশ ও সুযোগ থাকলেও গ্রামীণ শিক্ষকদের সীমিত অবকাঠামো, প্রশিক্ষণ ও আর্থিক অনিশ্চয়তার মধ্যে দায়িত্ব পালন করতে হয়। শিক্ষার্থী কমে যাওয়ায় কোথাও কর্মসংস্থানও অনিশ্চিত হয়ে পড়ে। তবু বৃহৎ জনগোষ্ঠীর সন্তানদের শিক্ষার আলো পৌঁছাতে তাঁরা গুরুত্বপূর্ণ ভূমিকা রাখেন। টেকসই শিক্ষাব্যবস্থার জন্য শহর-গ্রামের ব্যবধান কমিয়ে সব শিক্ষকের জন্য সমানাধিকারমূলক পরিবেশ, প্রশিক্ষণ ও নিরাপদ পেশাগত ভবিষ্যৎ নিশ্চিত করা জরুরি।

প্রযুক্তির যুগে নিত্যনতুন চ্যালেঞ্জ

আজকের শিক্ষাব্যবস্থায় সবচেয়ে বড় চ্যালেঞ্জ হলো প্রযুক্তি ও চতুর্থ শিল্পবিপ্লবের সঙ্গে তাল মিলিয়ে শিক্ষককে নতুনভাবে প্রস্তুত করা। বিশ্ব দ্রুত পরিবর্তিত হচ্ছে কৃত্রিম বুদ্ধিমত্তা, রোবটিক্স, ডিজিটাল শিক্ষা ও অনলাইন প্ল্যাটফর্ম আমাদের সামনে নতুন বাস্তবতা হাজির করেছে। এখন একজন শিক্ষককে কেবল বইয়ের পাঠ্যাংশ শেষ করে দেয়াই যথেষ্ট নয়; বরং শিক্ষার্থীদের সৃজনশীল, সমালোচনামূলক ও বিশ্লেষণধর্মী চিন্তায় উদ্বুদ্ধ করতে হবে। শিক্ষককে এমনভাবে তৈরি করতে হবে, যাতে শিক্ষার্থীরা ভবিষ্যতের শ্রমবাজারে প্রতিযোগিতা করতে সক্ষম হয়। এর জন্য প্রয়োজন ধারাবাহিক প্রশিক্ষণ, প্রযুক্তি ব্যবহারের দক্ষতা এবং আধুনিক শিক্ষণ-পদ্ধতি আয়ত্ত করা। কিন্তু বাস্তবতা হলো, আমাদের দেশে অনেক শিক্ষক এখনও পর্যাপ্ত প্রশিক্ষণ পান না এবং প্রযুক্তিনির্ভর শিক্ষায় পিছিয়ে আছেন।

শিক্ষকের মর্যাদা ও অর্থনৈতিক সংকট

দেশের শিক্ষাব্যবস্থার দিকে তাকালেই দেখা যায়, শিক্ষকদের প্রয়োজনীয় প্রশিক্ষণ ও আধুনিক সুবিধা দিতে পারিনি আমরা। বেশিরভাগ ক্ষেত্রেই শিক্ষকদের প্রতি সম্মান শুধু কথার মধ্যে সীমাবদ্ধ থাকছে; বাস্তবে তাদের সামাজিক-অর্থনৈতিক মর্যাদা খুবই সীমিত। মাসের পর মাস বেতন না পাওয়া কিংবা অনিয়মিত পদোন্নতি আর সিদ্ধান্ত গ্রহণ প্রক্রিয়ায় শিক্ষকদের মতামতকে উপেক্ষা করা আমাদের শিক্ষক সমাজে এক ধরনের হতাশা সৃষ্টি করে। একজন শিক্ষক যদি বেঁচে থাকার ন্যূনতম নিশ্চয়তা না পান তবে এই পেশায় তাদের টিকে থাকাই কঠিন হয়ে পড়বে। দেশের উন্নয়ন নির্ভর করে শিক্ষার মানের ওপর, আর শিক্ষার মান নির্ভর করে শিক্ষকের মান ও মর্যাদার ওপর। তাই শিক্ষকের প্রতি প্রকৃত সম্মান প্রদর্শন মানে কেবল আনুষ্ঠানিক বক্তৃতা নয়, বরং বাস্তব সমস্যার সমাধান করা।

শিক্ষকরা সমাজের নীরব স্থপতি

একজন ডাক্তার মানুষের জীবন বাঁচানোর চেষ্টা করেন, একজন প্রকৌশলী অবকাঠামো নির্মাণ করেন, একজন আইনজীবী ন্যায়বিচারে ভূমিকা রাখেন। কিন্তু তাঁদের প্রত্যেকের জ্ঞান, দক্ষতা ও মূল্যবোধের ভিত্তি গড়ে দেন একজন শিক্ষক। তাই জাতি গঠনের প্রতিটি ধাপে শিক্ষকের অবদান অস্বীকার করার উপায় নেই। শিক্ষক কেবল পাঠ্যবইয়ের জ্ঞান বিতরণ করেন না; তিনি শিক্ষার্থীর ভেতর মানবিকতা, দায়িত্ববোধ ও নেতৃত্বের বীজ বপন করেন। এত গুরুত্বপূর্ণ পেশার মানুষটিকে যদি ন্যায্য মর্যাদা, নিরাপত্তা ও সম্মান না দেয়া হয়, তবে তাঁর মনোবল ক্ষুণ্ন হবে। মাসের পর মাস বেতন না পাওয়া, সন্তানের শিক্ষা ও চিকিৎসা নিয়ে দুশ্চিন্তা-এসব নিয়ে থাকলে তিনি ক্লাসরুমে মনপ্রাণ ঢেলে দেবেন কীভাবে? শিক্ষক অবহেলিত হলে তার প্রভাব পড়বে শিক্ষার্থী, শিক্ষা ও আগামী প্রজন্মের ওপর।

ইতিহাসে শিক্ষকের ভূমিকা

দেশের ইতিহাসের দিকে তাকালে দেখা যায়, প্রতিটি গুরুত্বপূর্ণ আন্দোলন ও পরিবর্তনের পেছনে শিক্ষক সমাজ গুরুত্বপূর্ণ ভূমিকা রেখেছেন। ভাষা আন্দোলন, মুক্তিযুদ্ধ কিংবা গণতান্ত্রিক আন্দোলন-সবক্ষেত্রেই শিক্ষকরা ছিলেন অগ্রণী। তাঁরা শুধু ক্লাসরুমে নয়, সমাজ-রাজনীতিতেও নেতৃত্ব দিয়েছেন। কিন্তু কালের পরিক্রমায় সেই শিক্ষক সমাজ এখন অনেকাংশে অবহেলার শিকার। বর্তমান প্রজন্মের অনেকেই শিক্ষকতা পেশায় আসতে চান না কেবলমাত্র এরপর ৫৩ পৃষ্ঠায়

> শিক্ষকদের পেশাগত মর্যাদা, আর্থিক নিরাপত্তা ও কর্ম সন্তুষ্টি নিশ্চিত করতে হবে। কারণ একজন শিক্ষক যখন নিজের পেশায় সন্তুষ্ট ও মর্যাদাবোধ করেন, তখনই তিনি শিক্ষার্থীদের আলোর পথে নেতৃত্ব দিতে আরও কার্যকর ভূমিকা রাখতে সক্ষম হন। সর্বোপরি, বিশ্ব শিক্ষক দিবস আমাদের শুধু একটি আনুষ্ঠানিক স্মারক নয়, বরং শিক্ষা ও শিক্ষককে মূল্যায়নের অঙ্গীকার পুনর্নবীকরণের দিন। আলোকিত বাংলাদেশ গড়তে হলে শিক্ষককে অবহেলায় রেখে তা কখনোই সম্ভব নয়; রাষ্ট্রকে নিরাপত্তা দিতে হবে, সমাজকে মর্যাদা দিতে হবে এবং শিক্ষককে নিজের নিষ্ঠা বজায় রাখতে হবে-এই ত্রিমুখী দায়িত্ববোধের মেলবন্ধনেই নির্মিত হবে আগামীর বাংলাদেশ। শিক্ষক সমাজকে সঠিক মূল্য, মর্যাদা ও আধুনিক সুযোগ-সুবিধা দেওয়া হলে, তাঁদের হাত ধরেই রচিত হবে জাতির এক সমৃদ্ধ ও আলোকিত ভবিষ্যৎ

কিশোর গ্যাং, বাড়ছে কেন, নেপথ্যে কারা

এমডি জিয়াবুল

'কিশোর গ্যাং' শব্দ দুটি এখন আমাদের নগরজীবনের পরিচিত আতঙ্ক। পাড়ার গলি, বাজারের মোড়, শিক্ষাপ্রতিষ্ঠানের আশপাশ কিংবা জনবহুল এলাকার নির্জন কোণে দল বেঁধে ঘোরাফেরা করা কিশোরদের নিয়ে মানুষের মনে উৎকণ্ঠা তৈরি হচ্ছে। তুচ্ছ ঘটনাকে কেন্দ্র করে সংঘাত, দাপট দেখানোর প্রবণতা, সামাজিক মাধ্যমে ঔদ্ধত্যের প্রদর্শন- এসব দৃশ্য আমাদের ভাবিয়ে তুলছে। অথচ এই কিশোরদের অনেকেই একদিন মায়ের হাত ধরে স্কুলে গেছে, মাঠে ছুটেছে, বইয়ের পাতায় নিজের ভবিষ্যৎ খুঁজেছে। একটি কিশোর এক সকালে ঘুম থেকে উঠে অপরাধী হয়ে যায় না। তার পরিবর্তন ধীরে ধীরে ঘটে। পরিবারে অশান্তি, অভিভাবকের সময়ের অভাব, শিক্ষাজীবন থেকে বিচ্ছিন্নতা, সঙ্গদোষ, অর্থনৈতিক অনটন, অবসর সময়ের অপব্যবহার, অনলাইন জগতের নেতিবাচক প্রভাব- বিভিন্ন উপাদান তার মনোজগতে জমা হতে থাকে। যেখানে সুস্থ বিনোদন নেই, খেলাধুলার মাঠ নেই, বই পড়ার পরিবেশ নেই, সেখানে শূন্য জায়গা দখল করে নিতে পারে বিপথগামী সঙ্গ।

কিশোর মন খুব সহজেই স্বীকৃতি চায়। সে চায় তাকে কেউ গুরুত্ব দিক, তার কথা শুনুক, তাকে আপন করে নিক। এই স্বাভাবিক আকাঙ্ক্ষাটিকেই অপরাধীচক্র কাজে লাগাতে পারে। কয়েকজন বয়সে বড় মানুষের সঙ্গে ওঠাবসা, তাদের কাছ থেকে বিশেষ গুরুত্ব পাওয়া, অর্থ বা নানা সুবিধা লাভ- এসবের মধ্য দিয়ে একটি কিশোরের মনে জন্ম নিতে পারে কৃত্রিম ক্ষমতার অনুভূতি। তখন তার কাছে ভয় দেখানো হয়ে ওঠে সাহস, দাপট হয়ে ওঠে মর্যাদা, আর অন্যকে নিয়ন্ত্রণ করাই হয়ে ওঠে সাফল্যের মাপকাঠি। এখানেই আসে সবচেয়ে অস্বস্তিকর প্রশ্ন- কিশোর গ্যাংয়ের নেপথ্যে কারা? শুধু কিশোরদের দিকে আঙুল তুললেই কি উত্তর পাওয়া যাবে? যদি কোনো কিশোর অপরাধে জড়িয়ে পড়ে, তার দায় অস্বীকার করার সুযোগ নেই। কিন্তু তাকে প্রভাবিত করেছে কে, অপরাধের পরিবেশে টেনেছে কে, তার দুর্বলতাকে কাজে লাগিয়েছে কে- সেসব প্রশ্নও সামনে আনতে হবে। বাংলাদেশ নিয়ে ইউনিসেফের গবেষণায় শিশুদের অপরাধী গোষ্ঠীর সঙ্গে যুক্ত হওয়ার ক্ষেত্রে প্রাপ্তবয়স্ক অপরাধী নেটওয়ার্ক, অর্থনৈতিক প্রণোদনা এবং সামাজিক সুরক্ষার নামে গড়ে ওঠা সম্পর্কের জটিলতার কথা উঠে এসেছে।

আরও গভীরে গেলে দেখা যায়, স্থানীয় ক্ষমতার সংস্কৃতিও কখনও কখনও কিশোরদের মানসিকতায় বিষ ঢেলে দেয়। কোনো প্রভাবশালী ব্যক্তির সঙ্গে ছবি তোলা, তার নাম ভাঙিয়ে এলাকায় দাপট দেখানো কিংবা অপরাধের পরও পার পেয়ে যাওয়ার গল্প- এসব দৃশ্য কিশোর মনে আইনের প্রতি ভীতি কম করে। সে তখন ভাবতে শেখে, শক্তিই শেষ কথা। এই মানসিকতা এক দিনের নয়; সমাজের চোখের সামনে ধীরে ধীরে তৈরি হয়। ফলে কিশোর অপরাধের সঙ্গে লড়াই করতে হলে অপরাধকে আশ্রয় দেওয়া সামাজিক কাঠামোর দিকেও নজর দিতে হবে।

একই সঙ্গে সামাজিক মাধ্যমের অন্ধ অনুকরণও উপেক্ষা করার সুযোগ নেই। ভার্চুয়াল জগতের প্রদর্শন যখন বাস্তব জীবনের মর্যাদার মাপকাঠি হয়ে দাঁড়ায়, তখন কিছু কিশোর দ্রুত পরিচিতি পাওয়ার নেশায় অস্বাভাবিক আচরণে জড়িয়ে পড়তে পারে। দাপটের দৃশ্য, সংঘাতের ভিডিও কিংবা অপরাধীসুলভ ভঙ্গিকে অনুকরণ করার প্রবণতা তাদের স্বাভাবিক মূল্যবোধকে ধীরে ধীরে ক্ষয় করে। তাই ডিজিটাল পরিসরেও পরিবার, বিদ্যালয় ও সমাজের সচেতন উপস্থিতি প্রয়োজন।

আরেকটি বড় সংকট মাদক ও অপরাধের পারস্পরিক যোগসূত্র। মাদকের বিস্তার কোনো একটি পরিবারের ক্ষতি করে থেমে থাকে না; তার অভিঘাত ছড়িয়ে পড়ে মহল্লা থেকে মহল্লায়। কিশোর বয়সে ভুল সঙ্গ ও মাদকের সংস্পর্শ একজন তরুণকে আরও গভীর অপরাধজগতের দিকে ঠেলে দিতে পারে। ইউনিসেফও শিশুদের অপরাধে জড়িয়ে পড়ার ক্ষেত্রে সামাজিক পরিবেশ, মাদকসহ বিভিন্ন ঝুঁকির বিষয়টি গুরুত্ব দিয়ে দেখেছে। তবে দায় শুধু পরিবারের নয়। একটি শিশু প্রতিদিন যে সমাজের ভেতর দিয়ে বেড়ে ওঠে, সেই সমাজও তার চরিত্র নির্মাণে ভূমিকা রাখে। আমাদের পাড়ায় মাঠ কমে যাচ্ছে, পাঠাগারের দরজা বন্ধ হচ্ছে, সাংস্কৃতিক চর্চার পরিসর সংকুচিত হচ্ছে। শিক্ষাপ্রতিষ্ঠানের দায়িত্বও কম নয়। একটি শিক্ষার্থী হঠাৎ বদলে গেলে, নিয়মিত অনুপস্থিত থাকলে, সহপাঠীদের সঙ্গে সংঘাতে জড়ালে কিংবা পড়াশোনা থেকে মুখ ফিরিয়ে নিলে তার পেছনের কারণটি অনুসন্ধান করা জরুরি। শাসন দিয়ে সব আচরণগত পরিবর্তনের ব্যাখ্যা হয় না। কখনও একটি কিশোরের প্রয়োজন হয় এমন একজন মানুষের, যার কাছে সে নিজের কথা নির্ভয়ে বলতে পারে।

আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী অপরাধ দমন করবে এটাই প্রত্যাশিত। অপরাধের ক্ষেত্রে আইনগত জবাবদিহিও অপরিহার্য। তবে শিশু-কিশোরের ক্ষেত্রে সংশোধন ও পুনর্বাসনের সুযোগ রাখার প্রয়োজন রয়েছে। ইউনিসেফের বাংলাদেশবিষয়ক নথিতে শিশুদের আনুষ্ঠানিক বিচারপ্রক্রিয়ার বাইরে উপযুক্ত বিকল্প ব্যবস্থার গুরুত্ব তুলে ধরা হয়েছে; এর লক্ষ্য শিশুকে অপরাধের পুনরাবৃত্তি থেকে দূরে রেখে সমাজে ফিরিয়ে আনা। এরপর ৫৩ পৃষ্ঠায়

> আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী অপরাধ দমন করবে এটাই প্রত্যাশিত। অপরাধের ক্ষেত্রে আইনগত জবাবদিহিও অপরিহার্য। তবে শিশু-কিশোরের ক্ষেত্রে সংশোধন ও পুনর্বাসনের সুযোগ রাখার প্রয়োজন রয়েছে। ইউনিসেফের বাংলাদেশবিষয়ক নথিতে শিশুদের আনুষ্ঠানিক বিচারপ্রক্রিয়ার বাইরে উপযুক্ত বিকল্প ব্যবস্থার গুরুত্ব তুলে ধরা হয়েছে; এর লক্ষ্য শিশুকে অপরাধের পুনরাবৃত্তি থেকে দূরে রেখে সমাজে ফিরিয়ে আনা। একটি কিশোরকে অপরাধের অন্ধকার থেকে ফিরিয়ে আনা মানে একটি ভবিষ্যৎকে ফিরিয়ে আনা। তার হাতে বই তুলে দেওয়ার পথ তৈরি করতে হবে, খেলাধুলার মাঠ ফিরিয়ে দিতে হবে, সৃজনশীলতার দরজা খুলতে হবে। পরিবারকে সন্তানের সঙ্গে কথা বলতে হবে, শিক্ষককে শিক্ষার্থীর চোখের ভাষা পড়তে হবে, সমাজকে তার চারপাশের বিপজ্জনক সম্পর্কগুলো চিনতে হবে

দক্ষ মানুষ, প্রযুক্তি ও মানবিক নেতৃত্বে সমৃদ্ধ হবে বাংলাদেশ

কারখানার শ্রমিকের পাশাপাশি আজ বিশাল এক জ্ঞানভিত্তিক পেশাজীবী ও ডিজিটাল কর্মীশ্রেণি তৈরি হয়েছে। তাই শ্রমিকদের বিদ্যমান অধিকার অক্ষুণ্ণ রেখে বেসরকারি খাতের সকল স্তরের কর্মীদের চাকরির স্থায়িত্ব, কর্মস্থলের সুরক্ষা ও বিরোধ নিষ্পত্তির জন্য আরও বিস্তৃত ও আধুনিক একটি 'বাংলাদেশ কর্মসংস্থান আইন' প্রণয়নের বিষয় নিয়েভাবার সময় এসেছে। দিবস থেকে জাতীয় আন্দোলন জাতীয় উৎপাদনশীলতা দিবসের সবচেয়ে বড় সার্থকতা তখনই আসবে, যখন উৎপাদনশীলতা এক দিনের আনুষ্ঠানিকতা ছেড়ে সারা বছরের চর্চায় পরিণত হবে। মানুষকে ব্যয় নয়-সম্পদ হিসেবে দেখতে হবে; প্রশিক্ষণকে খরচ নয়-বিনিয়োগ হিসেবে গণ্য করতে হবে। দক্ষ মানুষ, উদ্ভাবনী চিন্তা, আধুনিক প্রযুক্তি, মানবিক নেতৃত্ব এবং কার্যকর অংশীদারত্বের সমন্বয়েই গড়ে উঠবে একটিপ্রতিযোগিতামূলক ও সমৃদ্ধ বাংলাদেশ

মো. মাসেকুর রহমান খান

একটি দেশের সবচেয়ে বড় সম্পদ কোনটি-প্রাকৃতিক সম্পদ, অবকাঠামো, প্রযুক্তি, নাকি মূলধন? দীর্ঘ অভিজ্ঞতার মুখোমুখি দাঁড়িয়ে এই প্রশ্নের একটিই স্পষ্ট উত্তর মেলে-মানুষ। কারণ দক্ষ, সৃজনশীল ও প্রশিক্ষিতনির্ভর মানুষ ছাড়া আধুনিক প্রযুক্তি নিষ্প্রাণ, মূলধন অনুৎপাদনশীল এবং অবকাঠামোও তার কাঙ্ক্ষিত সুবিধা দিতে ব্যর্থ হয়।

জাতীয় উৎপাদনশীলতা দিবস আমাদের সেই মৌলিক সত্যটিকেই নতুন করে মনে করিয়ে দেয়। এ বছরের প্রতিপাদ্য- "উৎপাদনশীলতা বৃদ্ধিতে উদ্ভাবন, প্রযুক্তি ও দক্ষতার সমন্বয়"-অত্যন্ত প্রাসঙ্গিক ও সময়োপযোগী। তবে উৎপাদনশীলতা কেবল কোনো একটি নির্দিষ্ট দিবসের আলোচনা কিংবা কোনো একক প্রতিষ্ঠানের দায়িত্ব নয়। এটিকে আমাদের জাতীয় সংস্কৃতিতে পরিণত করতে হবে এবং এ লক্ষ্যে জাতীয় পর্যায়ে সুসংগঠিত পরিকল্পনা ও বাস্তবমুখী পদক্ষেপ গ্রহণ করা

দক্ষতার বীজ বুনতে হবে বিদ্যালয় থেকেই

দক্ষতা উন্নয়নের চিন্তা সাধারণত শুরু হয় যখন একজন তরুণ কর্মবাজারে প্রবেশের প্রস্তুতি নেন। কিন্তু এই ভাবনা অনেক দেরিতে আসে। বিদ্যালয় থেকেই শিক্ষার্থীদের সমস্যা সমাধান, দলগত কাজ, যোগাযোগ, সময়ানুবর্তিতা, শৃঙ্খলা, সৃজনশীলতা, নৈতিকতা, প্রযুক্তির সঠিক ব্যবহার ও নেতৃত্বের অভ্যাস গড়ে তুলতে হবে। পরীক্ষায় ভালো ফল করা আর কর্মজীবনের জন্য প্রস্তুত হওয়া এক বিষয় নয়। তাই কারিগরি ও কর্মমুখী শিক্ষাকে মূলধারার শিক্ষার সঙ্গে যুক্ত করে এই সংক্রান্ত সামাজিক মানসিকতার পরিবর্তন ঘটানো প্রয়োজন।

শিল্প ও শিক্ষাঙ্গনের দূরত্ব কমাতে হবে

আমাদের দেশের একটি বড় সমস্যা হলো-শিক্ষাপ্রতিষ্ঠান যে দক্ষতা দিচ্ছে, কর্মবাজার চাইছে তার চেয়ে ভিন্ন কিছু। ফলে একদিকে শিক্ষিত বেকারের হার বাড়ছে, অন্যদিকে শিল্পপ্রতিষ্ঠানগুলো দক্ষ কর্মী পাচ্ছে না। এই বৈপরীত্য দূর করতে শিল্পপ্রতিষ্ঠানগুলোকে পাঠ্যক্রম প্রণয়নে সম্পৃক্ত করতে হবে।একাডেমির সঙ্গে শিল্প ধারণা জোরদার করে তরুণদের বাস্তব কাজের অভিজ্ঞতা অর্জনের সুযোগ তৈরি করাএখন সময়ের দাবি।

প্রশিক্ষণের সংখ্যা নয়, ফলাফলই হোক সাফল্যের মাপকাঠি

দক্ষতা উন্নয়ন কর্মসূচিতে কত হাজার মানুষ প্রশিক্ষণ পেলেন বা কতটি সনদ বিতরণ হলো, তা দিয়ে সফলতা মাপা উচিত নয়। আসল বিষয় হলো-প্রশিক্ষণ নেওয়ার পর কতজনের কর্মসংস্থান হলো, কতজনের আয় বাড়ল এবং ব্যক্তি ও প্রতিষ্ঠানের উৎপাদনশীলতা কতটা বৃদ্ধি পেল। প্রশিক্ষণ থেকে কর্মসংস্থান এবং কর্মসংস্থান থেকে উৎপাদনশীলতা-এই পুরো পথপরিক্রমা পরিমাপ করা

মানুষ ও যন্ত্র: প্রতিযোগী নয়, সহযোগী

কৃত্রিম বুদ্ধিমত্তার (এআই) এই যুগে প্রযুক্তি ও মানুষের সক্ষমতাকে মুখোমুখি দাঁড় করানোর সুযোগ নেই। এআই তথ্য বিশ্লেষণ ও পুনরাবৃত্তিমূলক কাজ দ্রুত করতে পারে, কিন্তু মানুষের রয়েছে সৃজনশীলতা, বিবেক, সহমর্মিতা ও নেতৃত্বের মতো অনন্য গুণাবলি। তাই ভবিষ্যতের কর্মক্ষেত্রে প্রযুক্তির সুবিধার সঙ্গে মানবিক সক্ষমতার সমন্বয় ঘটিয়ে মানুষের উৎপাদনশীলতাবহুগুণ বাড়াতে হবে।

প্রয়োজন '৪-পি' বা চার-অংশী অংশীদারত্ব

দক্ষতা ও উৎপাদনশীলতা বাড়াতে 'শিক্ষাঙ্গন + সরকার + বেসরকারি খাত + জনগণ'-এই চার-অংশী কাঠামোর কার্যকর বাস্তবায়ন প্রয়োজন। শিক্ষাঙ্গন দেবে জ্ঞান ও গবেষণা, সরকার তৈরি করবে নীতি ও সহায় পরিবেশ, বেসরকারি খাত জানাবে বাজারের চাহিদা এবং জনগণ থাকবে এর কেন্দ্রে। পাশাপাশি, অভিজ্ঞ মানবসম্পদ পেশাজীবীদের জ্ঞানকে রাষ্ট্রীয় নীতি প্রণয়নও বাস্তবায়নে যুক্ত করতে হবে।

'শ্রম আইন' থেকে 'কর্মসংস্থান আইন'-এর ভাবনা

কর্মক্ষেত্রের পরিধি এখন দ্রুত বদলাচ্ছে। কারখানার শ্রমিকের পাশাপাশি আজ বিশাল এক জ্ঞানভিত্তিক পেশাজীবী ও ডিজিটাল কর্মীশ্রেণি তৈরি হয়েছে। তাই শ্রমিকদের বিদ্যমান অধিকার অক্ষুণ্ণ রেখে বেসরকারি খাতের সকল স্তরের কর্মীদের চাকরির স্থায়িত্ব, কর্মস্থলের সুরক্ষা ও বিরোধ নিষ্পত্তির জন্য আরও বিস্তৃত ও আধুনিক একটিবাংলাদেশ কর্মসংস্থান আইন প্রণয়নের বিষয় নিয়েভাবার সময় এসেছে।

দিবস থেকে জাতীয় আন্দোলন

জাতীয় উৎপাদনশীলতা দিবসের সবচেয়ে বড় সার্থকতা তখনই আসবে, যখন উৎপাদনশীলতা এক দিনের আনুষ্ঠানিকতা ছেড়ে সারা বছরের চর্চায় পরিণত হবে। মানুষকে ব্যয় নয়-সম্পদ হিসেবে দেখতে হবে; প্রশিক্ষণকে খরচ নয়-বিনিয়োগ হিসেবে গণ্য করতে হবে। দক্ষ মানুষ, উদ্ভাবনী চিন্তা, আধুনিক প্রযুক্তি, মানবিক নেতৃত্ব এবং কার্যকর অংশীদারত্বের সমন্বয়েই গড়ে উঠবে একটিপ্রতিযোগিতামূলক ও সমৃদ্ধ বাংলাদেশ।

লেখক: সভাপতি, বাংলাদেশ সোসাইটি ফর হিউম্যান রিসোর্সেস ম্যানেজমেন্ট (BSHRM); ইমিডিয়েট পাস্ট প্রেসিডেন্ট ও বর্তমান বোর্ড সদস্য, এশিয়া প্যাসিফিক ফেডারেশন অব হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট (APFHRM)।

ভালোবাসা সবার তরে,
ঘৃণা নয়কো কারো পরে

Love for all, hatred for none

বাংলাডেস্ক যুক্তরাষ্ট্রের ভূবনে স্বাগতম

For more information contact:
Bait-uz-Zafar 188-15 McLaughlin Ave, Hollis NY 11423
(347) 530-5791

بسم الله الرحمن الرحيم

নিখিলবিশ্ব আহমদীয়া মুসলিম জামা'তের বর্তমান ইমাম ও আমীরুল মু'মিনীন হযরত মির্যা মসরূর আহমদ খলীফাতুল মসীহ্ আল্ খামেস (আই.) গত ১৪ই জুন, ২০২৪ তারিখে যুক্তরাজ্যের (ইসলামাবাদস্থ) মসজিদে মুবারকে প্রদত্ত জুমুআর খুতবায় 'বনু নযীর' এর যুদ্ধের ঘটনা বিশদভাবে উল্লেখ করেন এবং দু'জন শহীদের স্মৃতিচারণের পাশাপাশি পাকিস্তানের আহমদীদের জন্য বিশেষভাবে দোয়ার আহ্বান জানান।

তাশাহুদ, তা'ঊয ও সূরা ফাতিহা পাঠের পর হুযূর (আই.) বলেন, আজ বনু নযীরের যুদ্ধের কিছু ঘটনা বর্ণনা করবো। বনু নযীর গোত্রের পরিচিতি হলো, এরা মদীনার ইহুদীদের একটি বংশ ছিল। কোনো কোনো ঐতিহাসিক লিখেছেন, বনু নযীর খায়বরের ইহুদীদের একটি গোত্র ছিল এবং তাদের বসতিকে যাহরা বলা হতো। মহানবী (সা.) যখন মদীনায় আগমন করেন তখন বনু নযীর গোত্রের নেতা ছিল হুয়াই বিন আখতাব। তার পিতৃপুরুষের ষষ্ঠ প্রজন্মে নযীর বিন সাহামের নাম পাওয়া যায়, যার নামে এই গোত্রটি বনু নযীর নামে প্রসিদ্ধি লাভ করে। উম্মুল মু'মিনীন হযরত সাফিয়া (রা.) বনু নযীরের নেতা হুয়াই বিন আখতাবের কন্যা ছিলেন। ইতিহাসের গ্রন্থাবলীতে লেখা আছে, হুয়াই বিন আখতাবের বংশধারা হযরত মূসা (আ.)-এর ভাই হযরত হারূন (আ.)-এর সাথে গিয়ে মিলিত হয়। হুয়াই এর বংশে কতিপয় ব্যক্তি নবুওয়্যাতের সম্মানে ধন্য হয়েছিলেন, যাদের কারণে সে গর্বিত ছিল। আর এই অহংকারের কারণেই সে বলতো, আল্লাহ্ তা'লা আমাদের প্রতি ইহকালেও দয়ালু এবং পরকালেও আমাদের প্রতি স্নেহ ও অনুগ্রহ করবেন। তিনি আমাদেরকে পাপের কারণে কয়েকদিন শাস্তি দিবেন, অবশেষে জান্নাতই হবে আমাদের স্থায়ী নিবাস। এই বংশীয় আত্মগরিমা ও ঔদ্ধত্যের কারণেই হুয়াই মহানবী (সা.)-এর শিক্ষামালা থেকে মুখ ফিরিয়ে নিয়েছিল। অবস্থানের নিরিখে বনু নযীর গোত্রটি মসজিদে কুবা থেকে আধা মাইল দূরে উত্তর পূর্ব দিকে (অবস্থিত) ছিল। আর মদীনার মধ্যভাগে এর বসতি প্রথমে আসতো এবং মসজিদে কুবা এর থেকে কিছুটা দূরত্বে দক্ষিণ পার্শ্বে অবস্থিত ছিল।

চতুর্থ হিজরীর রবিউল আউয়াল (মাসে) বনু নযীরের যুদ্ধ সংঘটিত হয়। এক তথ্য অনুসারে এটি উহুদের যুদ্ধের পূর্বের ঘটনা আর ইমাম বুখারীর তথ্যও এটিই। তবে ইমাম বুখারী (রহ.) এখানে একথাও লিখেছেন যে, ইবনে ইসহাকের মতে এই যুদ্ধ উহুদ ও বি'রে মা'ঊনার পরে হয়েছিল। যদিও আল্লামা ইবনে কাসীর ছাড়াও অধিকাংশ ঐতিহাসিক এবং জীবনীকার বলেছেন, উহুদের যুদ্ধের পরেই বনু নযীরের যুদ্ধ সংঘটিত হয়েছিল। বনু নযীরের যুদ্ধের প্রেক্ষাপট হলো, মক্কার কুরাইশ কাফিররা বদরের যুদ্ধের পূর্বে আব্দুল্লাহ বিন উবাই বিন সলূল এবং অওস ও খাযরাজ গোত্রের অন্যান্য প্রতিমাপূজারীদের লিখেছিল, {তখন মহানবী (সা.) মদীনায় ছিলেন।} তোমরা আমাদের নবীকে আশ্রয় দিয়েছ। মদীনায় তোমাদের সংখ্যা সবচেয়ে বেশি। আমরা শপথ করে বলছি, হয় (তোমরা) তাদের সাথে যুদ্ধ করো অথবা তাদেরকে নিজেদের শহর থেকে বহিষ্কার করো; নতুবা আমরা গোটা আরবকে ঐক্যবদ্ধ করে তোমাদের ওপর আক্রমণ করবো। তোমাদের যোদ্ধাদের সাথে যুদ্ধ করবো, তোমাদের নারী ও শিশুদের (নির্মমভাবে) হত্যা করবো। যখন ইবনে উবাই এবং অন্য প্রতিমাপূজারীরা এই পত্র পায় তখন তারা একে অপরকে বার্তা পাঠায় এবং মহানবী (সা.) ও তাঁর সাহাবীদের সাথে যুদ্ধ করার জন্য দৃঢ় সংকল্প করে। এই সংবাদ পাওয়ার পর মহানবী (সা.) তাঁর সাহাবীদের একটি দলকে নিয়ে মদীনার নেতাদের সাথে সাক্ষাৎ করেন। তিনি (সা.) বলেন, কুরাইশরা তোমাদেরকে কঠোর হুঁশিয়ারি দিয়ে পত্র লিখেছে। এই পত্র তোমাদেরকে কোনো ধোঁকায় যেন না ফেলে, পাছে তোমরা স্বয়ং ধোঁকা ও প্রতারণার শিকার হয়ে নিজেদেরই ভাই ও পুত্রদের সাথে আবার যুদ্ধ করতে না আরম্ভ করো। মহানবী (সা.)-এর একথা শোনে তারা বিষয়টি অনুধাবন করতে পারে এবং নিজেদের সংকল্প স্থগিত করে আর ছত্রভঙ্গ হয়ে যায়। এভাবে মক্কার কুরাইশদের এই হুমকি আর শেষ পর্যন্ত কার্যকর হয়নি।

এরপর কুরাইশরা বদরের যুদ্ধের পর ইহুদীদের কাছে একটি পত্র লিখে যে, তোমাদের কাছে অস্ত্র আছে আর তোমরা দুর্গেরও মালিক। হয় তোমরা আমাদের সহযোগী হয়ে যুদ্ধ করো নতুবা আমরা তোমাদের ওপর আক্রমণ করবো এবং তোমাদের পুরুষদেরকে হত্যা করবো আর তোমাদের নারীদেরকে আমাদের দাসী বানাবো। এই পত্র যখন ইহুদীদের কাছে পৌঁছায় তখন বনু নযীর গোত্র মহানবী (সা.)-কে ধোঁকা দেয়ার জন্য সম্মত হয়, কেননা ইহুদী গোত্রগুলো তো আগে থেকেই সুযোগ খুঁজছিল যাতে মুসলমানদের আধিপত্য ও ক্ষমতার যত দ্রুত সম্ভব অবসান করা যায়। এ পর্যায়ে তারা এমন দুরভিসন্ধি করার চিন্তা করে যাতে মহানবী (সা.)-কে নাউযুবিল্লাহ্ হত্যা করা যায়। অতএব, তারা তাঁর সমীপে সংবাদ প্রেরণ করে যে, আপনি আপনার ত্রিশজন সাহাবীকে নিয়ে আসুন, আমাদের ত্রিশজন আলেমও আপনার সামনে উপস্থিত হবে; এমনকি আমরা এমন এক স্থানে মিলিত হবো যা আমাদের এবং আপনাদের পছন্দের হবে। আমাদের লোকেরা আপনার কথা শুনবে। তারা যদি আপনাকে সত্যায়ন করে অর্থাৎ ইহুদী আলেমরা যদি আপনার প্রতি ঈমান আনয়ন করে তাহলে আমরাও আপনার প্রতি ঈমান আনব। পরের দিন মহানবী (সা.) ত্রিশজন সাহাবীকে সাথে নিয়ে তাদের উদ্দেশ্যে যাত্রা করেন। ত্রিশজন ইহুদী আলেমও তাঁর কাছে আসে। ইহুদীরা যখন খোলা প্রান্তরে আসে তখন তারা পরস্পরকে বলে, তোমরা তাঁর ওপর কীভাবে আক্রমণ করবে? কেননা তাঁর সাথে ত্রিশজন সঙ্গী রয়েছেন। ত্রিশজন সঙ্গীর উপস্থিতিতে আক্রমণ করা তো কঠিন আর তারা এমন সঙ্গী, যারা তাঁর জন্য প্রাণ বিসর্জন দিতেও কুণ্ঠাবোধ করবে না। তখন ইহুদীরা তাঁর কাছে পুনরায় এই সংবাদ প্রেরণ করে যে, আমরা ষাটজন পরস্পর কীভাবে প্রজ্ঞাপূর্ণ আলোচনা করবো? আপনি এক কাজ করুন, তিনজন সঙ্গীকে নিয়ে আসুন আর আমরাও আমাদের তিনজন আলেমকে নিয়ে আসবো, তারা আপনার আলোচনা শুনবে। তখন তিনি (সা.) তিনজন সাহাবীকে সাথে নিয়ে আসার প্রস্তাবটি গ্রহণ করেন। তিনজন ইহুদী আলেমও রওয়ানা হয় আর ঐ ইহুদীদের কাছে খঞ্জর বা ধারালো ছুরি ছিল। তারা মহানবী (সা.)-এর ওপর আক্রমণ করতে চাচ্ছিল। যাহোক, মহানবী (সা.) যাত্রার জন্য প্রস্তুত ছিলেন, পথিমধ্যেই বনু নযীরের একজন হিতাকাঙ্ক্ষী নারী একজন আনসারী মুসলমানকে এবং পরে মহানবী (সা.)-কে বনু নযীরের সকল ষড়যন্ত্রের কথা বলে দেয়। তাই মহানবী (সা.) ইহুদীদের কাছে না গিয়ে মদীনায় ফেরত চলে আসেন।

এই যুদ্ধের আরেকটি কারণ বর্ণনা করতে গিয়ে একজন রচয়িতা লিখেছেন, বনু নযীর গোত্র সংগোপনে কুরাইশের কাছে বার্তা পাঠায় আর তাদেরকে মহানবী (সা.)-এর বিরুদ্ধে যুদ্ধ করতে প্ররোচিত করে বরং তাদেরকে মুসলমানদের প্রতিরক্ষা-খাতের কিছু দুর্বলতার কথাও জানিয়ে দেয়। কোনো কোনো বর্ণনা অনুযায়ী উহুদের যুদ্ধের পূর্বে ইহুদীরাও মক্কার কুরাইশকে ক্রমাগতভাবে উত্তেজিত করেছিল যার ফলশ্রুতিতে উহুদের যুদ্ধ সংঘটিত হয়েছিল।

এ যুদ্ধের একটি গুরুত্বপূর্ণ ও তাৎক্ষণিক কারণ এটিও বর্ণনা করা হয় যে, বি'রে মা'ঊনা থেকে প্রত্যাবর্তনের সময় যখন হযরত আমর বিন উমাইয়া যামরী (রা.) বনু আমেরের দু'জনকে হত্যা করেছিলেন যাদের সাথে মুসলমানদের সন্ধিচুক্তি ছিল, তাই তাদেরকে রক্তপণ প্রদান আবশ্যক ছিল। এ উদ্দেশ্যে মহানবী (সা.) বনু নযীরের কাছে গিয়েছিলেন, কেননা মহানবী (সা.) ইহুদীদের সাথে যে সন্ধিচুক্তি করেছিলেন এর একটি ধারায় ছিল, 'আইনা'ওয়ানুহু ফীদ্ দিয়াত' অর্থাৎ তারা রক্তপণের ব্যাপারে মুসলমানদের সাথে সহযোগিতা করবে। এই ঘটনার বিশদ বিবরণ হলো, হযরত আমর বিন উমাইয়া যামরী (রা.) যখন মহানবী (সা.)-এর নিকট এসে পুরো বৃত্তান্ত বর্ণনা করেন তখন তিনি (সা.) বলেন, তুমি খুবই অন্যায় কাজ করেছ। তাদের সাথে আমাদের চুক্তি এবং নিরাপত্তার শর্ত ছিল। হযরত আমর বিন উমাইয়া যামরী (রা.) বলেন, আমি এই সন্ধিচুক্তির বিষয়টি জানতাম না। আমি তাদেরকে মুশরিক মনে করতাম আর তাদের গোত্র আমাদের সাথে প্রতারণাও করেছে। হযরত আমর (রা.) তাদের মালপত্র এবং কাপড়-চোপড় সাথে করে নিয়ে এসেছিলেন। মহানবী (সা.) তাকে নির্দেশ দেন তাদের মালপত্র এবং কাপড়-চোপড় যেন তাদের শোকসন্তপ্ত পরিবারের কাছে ফেরত পাঠানো হয়। মহানবী (সা.) রক্তপণ সহ সেগুলো পাঠিয়ে দেন। মহানবী (সা.) শনিবার দিন বনু নযীর গোত্রের উদ্দেশ্যে রওয়ানা হন, মসজিদে কুবায় নামায পড়েন। প্রায় দশজনের মতো মুহাজির ও আনসার সাহাবী মহানবী (সা.)-এর সাথে ছিলেন। তিনি (সা.) বনু নযীরকে তাদের বৈঠকে উপবিষ্ট দেখতে পান। তিনিও তখন সেখানে আসন গ্রহণ করেন যাতে করে মৃত দুই ব্যক্তির রক্তপণ আদায়ের ব্যাপারে তাদের সাথে পরামর্শ করতে পারেন, যেন তারা দু'জন নিহত ব্যক্তির রক্তপণ পরিশোধে তাঁকে সহযোগিতা করে।

এই যুদ্ধাভিযানের কারণ কি ছিল এ ব্যাপারে হযরত মির্যা বশীর আহমদ সাহেব এম. এ (রা.)'র একটি ভাষ্য পাওয়া যায় যা থেকে বিষয়টি আরও সুস্পষ্ট হয়। তিনি (রা.) লিখেন, এই যুদ্ধের কারণ বর্ণনা করতে গিয়ে প্রসিদ্ধ হাদীসবেত্তাগণ বিভিন্ন আঙ্গিক তুলে ধরেছেন আর এ কারণে এই যুদ্ধ ঠিক কখন আরম্ভ হয়েছিল সে ব্যাপারেও দ্বিমত রয়েছে। বনু নযীরের পক্ষ থেকে বিভিন্ন সময়ে বিভিন্ন যুদ্ধের সূচনা হয়েছে। সকল ঘটনাই ভিন্ন ভিন্ন সময় ও স্থান সাপেক্ষে সঠিক। কিন্তু সর্বশেষ যুদ্ধ সেটি ছিল যা বনু আমেরের দু'জন ব্যক্তির রক্তপণ আদায়ের সময় আরম্ভ হয়েছিল, বাকি আল্লাহ্ই ভালো জানেন। রক্তপণ আদায়ের ব্যাপারে মহানবী (সা.) একদল সাহাবীকে নিয়ে বনু নযীরের নিকট উপস্থিত হন এবং চুক্তি অনুসারে রক্তপণ আদায়ের বিষয়টি তাদের কাছে উত্থাপন করেন। তারা বলে, হ্যাঁ, আবুল কাসেম! আপনি খাবার খেয়ে নিন এরপর আমরা এ ব্যাপারে কথা বলছি। এভাবে বাহ্যিকভাবে ইহুদীরা খুবই হাস্যোজ্জ্বলভাবে মহানবী (সা.)-এর সাথে কথা বলে। কিন্তু ভেতরে ভেতরে তারা মহানবী (সা.)-কে হত্যার ষড়যন্ত্র করতে থাকে। তখন তিনি (সা.) তাদের বাড়ির এক দেয়ালের পাশে উপবিষ্ট ছিলেন। একজন বর্ণনাকারী ইহুদীদের মহানবী (সা.)-কে হত্যার ঘৃণ্য ষড়যন্ত্রের কথা উল্লেখ করতে গিয়ে লিখেন, বনু নযীরের সর্দার হুয়াই বলে, "হে ইহুদীর দল! মুহাম্মদ (সা.) তাঁর কতিপয় সাথীকে নিয়ে তোমাদের কাছে উপস্থিত হয়েছে, তাদের সংখ্যা দশজনেরও কম। এই বাড়ির ছাদে উঠে বড় একটি পাথর ফেলে মুহাম্মদকে (সা.)-কে হত্যা করো, তোমরা এর চেয়ে উত্তম সুযোগ আর কখনো পাবে না। যদি তাকে মেরে ফেলতে পারো তাহলে তার সঙ্গীরা ছত্রভঙ্গ হয়ে যাবে। মক্কা থেকে আসা তোমাদের সাথীরা মক্কায় ফিরে যাবে এবং এখানে শুধু অওস ও খাযরাজ থাকবে, যারা তোমাদেরই মিত্র। তাই তোমরা যা করতে চাও, এখনই করো"। একথা শুনে এক দুর্ভাগা ইহুদী আমর বিন জাহাশ বলে, "আমি বাড়ির ছাদে উঠে পাথর ফেলে মুহাম্মদ (সা.)-কে (নাউযুবিল্লাহ্) হত্যা করবো"। যখন এসব সলাপরামর্শ করা হচ্ছিল তখন বনু নযীরের এক নেতা সালাম বিন মিশকাম বলে, "হে ইহুদীর দল! তোমরা চাইলে সারাজীবন আমার বিরোধিতা কোরো, কিন্তু আজ আমার কথা মেনে নাও। আল্লাহ্‌র কসম! মুহাম্মদ (সা.)-কে তোমাদের এই ষড়যন্ত্রের ব্যাপারে অবগত করা হবে। আর এটি আমাদের এবং তাদের মাঝে বিদ্যমান সন্ধিচুক্তির লঙ্ঘনও বটে।" কিন্তু ইহুদীরা তার কথায় কর্ণপাত না করে নিজেদের সিদ্ধান্তে অটল থাকে। হুযূর (আই.) বলেন, 'ইনশাআল্লাহ্ আগামীতে বর্ণনা করা হবে যে, তারা কি পরিকল্পনা করেছিল এবং কীভাবে আল্লাহ্ তা'লা মহানবী (সা.)-কে রক্ষা করে তাদের ষড়যন্ত্রকে ব্যর্থ করে দিয়েছিলেন।'

পরিশেষে হুযূর (আই.) পাকিস্তানের আহমদীদের জন্য দোয়ার আহ্বান জানিয়ে বলেন, 'পাকিস্তানের আহমদীদের জন্য বিশেষ দোয়ার আহ্বান করতে চাই। সম্প্রতি তাদের ওপর পুনরায় নির্যাতন শুরু হয়েছে। আল্লাহ্ তা'লা শীঘ্র পাকিস্তানের আহমদীদেরকে অত্যাচারের কবল থেকে মুক্তি দিন আর সেখানেও আমাদের পরিস্থিতি অনুকূল করে দিন। কেননা যুলহিজ্জাহ্‌র বিষয়কে কেন্দ্র করে তাদের বিরুদ্ধে মামলা-মোকদ্দমা ও নির্যাতনের চেষ্টা করা হচ্ছে।' এরপর হুযূর (আই.) পাকিস্তানের দু'জন শহীদ ও একজন মরহুমের স্মৃতিচারণ করেন এবং নামাযের পর তাদের গায়েবানা জানাযা পড়ান। শহীদদের একজন হলেন, ৬৪ বছর বয়স্ক মুকাররম গোলাম সারোয়ার সাহেব আর অপরজন হলেন ৩২ বছর বয়স্ক শহীদ মুকাররম রাহাত আহমদ বাজওয়া সাহেব। মন্ডী বাহাউদ্দিন জেলার সাদুল্লাহপুরে গত ৮ই জুন, ২০২৪ তারিখে একজন মাদ্রাসা ছাত্র সৈয়দ আলী রেজার গুলিতে তারা উভয়েই ঘটনাস্থলে শাহাদত বরণ করেন, ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন। হুযূর (আই.) তাদের সংক্ষিপ্ত স্মৃতিচারণ করার পর মুকাররম মালেক মুজাফফর খান সাহেবেরও স্মৃতিচারণ করেন এবং তাদের তিনজনের আত্মার মাগফিরাত ও শান্তি কামনা করে দোয়া করেন, 'আল্লাহ্ তা'লা তাদের সাথে প্রতি দয়া ও ক্ষমাসুলভ আচরণ করুন এবং তাদের শোকসন্তপ্ত পরিবারকে ধৈর্য ধারণের তৌফিক দিন' আমীন।

[প্রিয় পাঠকবৃন্দ! হুযূরের খুতবা সম্পূর্ণ শোনার কখনোই কোনো বিকল্প নেই, আমরা সময়ের প্রতি লক্ষ্য রেখে খুতবার সারমর্ম উপস্থাপন করছি মাত্র। আপনাদেরকে হুযূরের পুরো খুতবাটি শোনার অনুরোধ রইল। হুযূরের খুতবাটি পুরো শুনতে পাবেন আমাদের এমটিএ'র নিয়মিত ওয়েবসাইট অর্থাৎ, **www.mta.tv** এবং আমাদের কেন্দ্রীয় বাংলা ওয়েবসাইট **www.ahmadiyyabangla.org** -এ]

(সূত্র: কেন্দ্রীয় বাংলাডেস্ক লন্ডনের তত্ত্বাবধানে প্রস্তুতকৃত)

এটর্নী মঈন চৌধুরী LAW OFFICES

Toll Free: 1-866-MOIN-LAW
Cell: 917-282-9256
(To schedule appointment only)

Michael Taub, Esq.

Moin Choudhury, Esq.

এক্সিডেন্ট কেইসেস-মেডিক্যাল ম্যালপ্রেক্টিস

বিনামূল্যে পরামর্শ

প্রয়োজনে এটর্নী বাসায় বা হাসপাতালে আসবেন

- গাড়ী এক্সিডেন্ট
- কনস্ট্রাকশন কাজে দূর্ঘটনা
- বিল্ডিং এ দূর্ঘটনা
- স্লিপ এন্ড ফল
- ট্রিপ এন্ড ফল
- হাসপাতালে ভুল চিকিৎসা
- বিকলাঙ্গ শিশুর জন্ম
- লেড পয়জনিং
- কাজের জায়গায় দূর্ঘটনা

IMMIGRATION
(Consultation fee applies)

ক্লায়েন্টেদের জন্য আমরা মিলিয়ন মিলিয়ন ডলার আদায় করে দিয়েছি



Attorney
Michigan Only.

Attorney
Michigan Only.

Attorney
New Jersey Only

Attorney, Buffalo
New York Only



Attorney
Connecticut Only

Attorney
Pennsylvania Only

WWW.MOINLAW.COM

Prior result does not guarantee future outcome of any cases. Moin Choudhury is admitted in Michigan State only and also admitted in the Supreme Court of the United States. Michael Taub is admitted in New York State Only and also admitted in the NY Federal District Courts.

যুক্তরাষ্ট্রের রাজনৈতিক সংকটের নেপথ্যে আয়বৈষম্য

অগ্রগতি হলেও তাতে রাজনৈতিক সুস্থতা ও ভালো নীতির একটি ইতিবাচক চক্র স্বয়ংক্রিয়ভাবে তৈরি হবে-এমন নিশ্চয়তা নেই। রক্ষণশীলদের নির্বাচনী প্রচারে অর্থের প্রবাহ কমিয়ে দেয়ার পার্শ্বপ্রতিক্রিয়া হিসেবে প্রগতিশীলদের নির্বাচিত হওয়ার সম্ভাবনা তৈরি হবে-এমনটা অবশ্যম্ভাবী নয়। ফলে কেউ কেউ যে ধরনের স্বয়ংসম্প্রসারণশীল প্রভাবের কথা মনে করেন, এসব পদক্ষেপে তেমন শক্তি নাও থাকতে পারে। এর বিপরীতে মানুষকে ক্রিটিক্যাল চিন্তা করতে শেখানোর প্রচেষ্টা সত্যিই একটি সম্প্রসারণশীল প্রক্রিয়া তৈরি করতে পারে। কারণ এর মাধ্যমে বিজ্ঞান, বিশেষজ্ঞ জ্ঞান এবং যুক্তিবোধের প্রতি রাজনৈতিক সমর্থন জোরদার হবে। নীতিগুলো যত উন্নত হবে, ফলাফলও তত ভালো হবে-বৈষম্যের ক্ষেত্রেও। তবে এখানে সবচেয়ে গুরুত্বপূর্ণ বিষয় হলো বৈষম্য কমে আসবে এর ফল হিসেবে; শুরু করার জায়গা হিসেবে নয়

জেফরি ফ্র্যাংকেল

যুক্তরাষ্ট্রের রাজনৈতিক ব্যবস্থা ভেঙে পড়েছে-এমন কথা এখন অনেক মার্কিন নাগরিকের কাছেই যেন একটি বহুল উচ্চারিত সত্য। প্রশ্ন হলো দেশটির রাজনীতি কীভাবে এ অবস্থায় পৌঁছল এবং কীভাবে একে আবার সঠিক পথে ফিরিয়ে আনা যায়। বর্তমান সংকটের পেছনে অনেকগুলো কারণ কাজ করেছে। এর কিছু-যেমন কংগ্রেসের নির্বাচনী আসনের সীমানা এমনভাবে পুনর্নির্ধারণ করা, যাতে নির্দিষ্ট রাজনৈতিক দলের সুবিধা হয়-সহজেই চিহ্নিত করা যায় এবং এগুলোর সংস্কারের প্রয়োজনও স্পষ্ট। কিন্তু এসবের কোনোটিকেই এমন একক ও মৌলিক বাহ্যিক কারণ হিসেবে চিহ্নিত করা যায় না, যা অন্য সব সমস্যার জন্ম দিয়েছে। এমনকি যুক্তরাষ্ট্রের রাজনীতির এ অবনতি এখনই কেন ঘটল, তারও একক ব্যাখ্যা এগুলো দিতে পারে না। তবে কেউ কেউ এর বিপরীত যুক্তি দেন।

খ্যাতিমান অর্থনীতিবিদ থেকে শুরু করে ডেমোক্রেটিক সোশ্যালিস্টরা ক্রমবর্ধমানভাবে দাবি করছেন, যুক্তরাষ্ট্রের রাজনীতিকে জর্জরিত করা সমস্যাগুলোর মূল কারণ হলো আয়বৈষম্যের তীব্র বৃদ্ধি, যার ফলে একটি স্বয়ংসম্প্রসারণশীল অলিগার্কি বা ধনিকতন্ত্রের উত্থান ঘটেছে। তাদের যুক্তি হলো যুক্তরাষ্ট্রের রাজনীতিকে সুস্থ ধারায় ফেরানোর কাজ শুরু করতে হবে সম্পদ ও আয়বৈষম্য কমানোর মধ্য দিয়ে।

এ কথা সত্য যে বৈষম্য বেড়েছে, এটি অত্যন্ত অনাকাঙ্ক্ষিত এবং এ বিষয়ে নীতিগত পদক্ষেপ নেয়া প্রয়োজন। সেই পদক্ষেপের শুরু হতে পারে তুলনামূলকভাবে সহজ কিছু উদ্যোগ দিয়ে-যেমন আর্নড ইনকাম ট্যাক্স ক্রেডিটের (ইআইটিসি) আওতা বাড়ানো এবং অ্যাফোর্ডেবল কেয়ার অ্যাক্ট বা 'ওবামাকেয়ার'-এর মাধ্যমে স্বাস্থ্যসেবায় মানুষের প্রবেশাধিকার বাড়ানো। এটিও সত্য যে অতিধনী শীর্ষ দশমিক শূন্য ১ শতাংশে মানুষ পশ্চাদমুখী নীতিগত পদক্ষেপের পক্ষে সফলভাবে প্রচারণা চালিয়ে প্রজন্মের পর প্রজন্ম নিজেদের সম্পদ ধরে রাখতে সক্ষম হয়েছেন। এর একটি উদাহরণ হলো এস্টেট ট্যাক্স বা উত্তরাধিকার কর প্রায় ছেঁটে দেয়ার মতো পদক্ষেপ। এ কথাও সত্য যে রাজনীতিতে অর্থের প্রভাব অতিরিক্ত। করপোরেশনগুলোর নির্বাচনী প্রচারে অর্থ ব্যয়ের ওপর বিধিনিষেধ তুলে দেয়া মার্কিন সুপ্রিম কোর্টের 'সিটিজেনস ইউনাইটেড' মামলার রায়টি ছিল একটি ভুল মোড়।

কিন্তু এসব তথ্য একত্র করলেও এমন কোনো কার্যকারণ-শৃঙ্খল তৈরি হয় না, যার ওপর যুক্তরাষ্ট্রের রাজনৈতিক সংকটের মূল কারণ হিসেবে বৈষম্যকে দায়ী করার যুক্তি দাঁড় করানো যায়। প্রথমত, সম্পদ ও ডানপন্থী বা রক্ষণশীল রাজনীতির মধ্যে অপরিহার্য কোনো সম্পর্ক নেই। হ্যাঁ, অতিধনী অনেক মানুষ-বিশেষ করে শীর্ষ দশমিক শূন্য ১ শতাংশ-কর কমানোর প্রতিশ্রুতি দেয়া ডানপন্থী রাজনীতিকদের সমর্থন করতে গিয়ে নিজেদের নীতিবোধ বিসর্জন দিয়েছেন। কিন্তু সামগ্রিকভাবে বেশি আয় ও উচ্চতর শিক্ষার সঙ্গে বরং 'উদারপন্থী' রাজনীতির সম্পর্ক বেশি। যুক্তরাষ্ট্রের 'ব্লু স্টেট'গুলোতে 'রেড স্টেট'গুলোর তুলনায় আয় বেশি। এমনকি একই অঙ্গরাজ্যের ভেতরেও 'ব্লু কাউন্টি'গুলোর আয় 'রেড কাউন্টি'র তুলনায় বেশি।

আরো গুরুত্বপূর্ণ বিষয় হলো ডোনাল্ড ট্রাম্পের রাজনৈতিক উত্থান-যার চূড়ান্ত পরিণতি ছিল ২০১৬ সালের প্রেসিডেন্ট নির্বাচনে তার বিজয়-নির্বাচনী প্রচারে পাওয়া অর্থের ওপর নির্ভরশীল ছিল না। গণমাধ্যম তাকে যতটুকু বিনামূল্যে প্রচার দেয়ার প্রয়োজন ছিল, তা দিয়েছে। যেকোনো ক্ষেত্রেই নির্বাচনী প্রচারে দেয়া অর্থের বড় ধরনের প্রভাব নির্বাচনের ফলাফলের ওপর পড়ে-এমন ধারণার পক্ষে পরিসংখ্যানগত প্রমাণ নেই। বিশেষ করে প্রার্থী যখন ভোটারদের কাছে আগে থেকেই সুপরিচিত, তখন এ ধরনের অর্থের প্রভাব আরো সীমিত।

নিশ্চয়ই নির্বাচনী প্রচারে ব্যয় করা অর্থ একজন রাজনীতিকের আচরণের ওপর প্রভাব ফেলতে পারে-শুধু এ কারণে যে রাজনীতিক নিজেই বিশ্বাস করেন, এ অর্থ নির্বাচনের ফলাফলে প্রভাব ফেলে। আর ট্রাম্পের যুগে ব্যাপকভাবে আলোচিত সেই সম্ভাবনার কথাও বাদ দেয়া যায় না যে অর্থ সরাসরি রাজনীতিকদের নিজেদের পকেটে চলে যায়। কিন্তু এসবের কোনোটিই প্রমাণ করে না যে ধনী ব্যক্তিরা অর্থের বিনিময়ে নির্বাচন কিনে নিতে পারেন।

এমনকি বৈষম্য যদি রাজনীতিকে ডানদিকে সরিয়ে নেয়ার ক্ষেত্রে ভূমিকা রেখেও থাকে, তবু শুধু এ রোগ নির্ণয় দিয়ে যুক্তরাষ্ট্রের রাজনীতিকে সুস্থ ধারায় ফেরানো যাবে না। ধনী অভিজাতদের প্রতি ক্ষোভ সবসময় ভালো নির্বাচনী ফলাফল বয়ে আনে না। ২০১৬ সালে ট্রাম্প 'পিছিয়ে পড়া' বলে মনে করা ভোটারদের বোঝাতে সক্ষম হয়েছিলেন যে তিনি তাদের স্বার্থ রক্ষা করবেন এবং ক্ষতিকর 'এলিট'দের বিরুদ্ধে তাদের পাশে দাঁড়াবেন। কিন্তু ক্ষমতায় যাওয়ার পর তিনি বরং ধনীদেরই বেশি সুবিধা দিয়েছেন। তা সত্ত্বেও ২০২৪ সালে তিনি জনপ্রিয় ভোটে সর্বাধিক ভোট পেয়ে আবার নির্বাচিত হন।

বর্তমানে ডেমোক্রেটিক সোশ্যালিস্টরা নিজেদের শ্রমজীবী মানুষের প্রকৃত চ্যাম্পিয়ন হিসেবে তুলে ধরছেন এবং উদারপন্থী রাজনৈতিক কর্মীদের মধ্যেও তাদের প্রতি সমর্থন বাড়ছে। কিন্তু ডেমোক্রেটিক পার্টির প্রাইমারিতে অতি বামপন্থী রাজনীতিকদের সমর্থন করা কিংবা তৃতীয় দলের প্রার্থী হিসেবে তাদের ভোট দেয়া রিপাবলিকানদের নির্বাচিত হওয়ার পথ সুগম করার প্রায়

এরপর ৫৩ পৃষ্ঠায়

জাতিসংঘ সবার কবে হবে

মাহফুজুর রহমান

দ্বিতীয় বিশ্বযুদ্ধে হতাহতের সংখ্যা ছিল সাড়ে আট কোটি। যুদ্ধে বিজয়ী মিত্রপক্ষ আগেই বুঝেছিল, বিশ্বশান্তি নিশ্চিত করতে লিগ অব নেশনস দিয়ে আর কাজ হবে না। ৫৮ জাতি লিগ থেকে একে একে বিভিন্ন দেশ ছিটকে পড়ছিল। ১৯৪১ সালের শেষে যুক্তরাষ্ট্রের তৎকালীন প্রেসিডেন্ট ফ্রাংকলিন রুজভেল্ট নাৎসি-ইতালি-জাপান অক্ষশক্তির বিরুদ্ধে একত্র হওয়া দেশগুলোকে ইউনাইটেড নেশনস বলা শুরু করেন। যুক্তরাজ্যের প্রধানমন্ত্রী উইনস্টন চার্চিল তার সঙ্গে যোগ দেন এবং অক্ষশক্তিবিরোধী ইউনাইটেড নেশনস জোট গঠনের জন্য ঘোষণাপত্র তৈরি করেন। এরপর যুক্তরাষ্ট্র, যুক্তরাজ্য, সোভিয়েত ইউনিয়ন ও চীনের শীর্ষস্থানীয় নেতারা ১৯৪৩ সালে মস্কোতে বসে নতুন আন্তর্জাতিক সংস্থা গঠনের ইঙ্গিত দেন। এই চার দেশের নেতৃত্বে প্রস্তাবিত আন্তর্জাতিক সংস্থার কাঠামো নিয়ে আলোচনা চলতে থাকে। ১৯৪৫-এ যুক্তরাজ্যের অনুরোধে ফ্রান্সকেও সেখানে যুক্ত করা হয়। ৫০টি দেশ এই উদ্যোগে শামিল হয়। ২৪ অক্টোবর ১৯৪৫ আনুষ্ঠানিকভাবে জন্ম হয় ইউনাইটেড নেশনস তথা জাতিসংঘের।

যুদ্ধের বই পড়ুন

জন্মের পর থেকে জাতিসংঘ দেশে দেশে যুদ্ধ থামাতে তৎপর ছিল। সফলও হয়েছে। কোরিয়া যুদ্ধ তার বড় উদাহরণ। অবশ্য তখন নিরাপত্তা পরিষদে সোভিয়েত ইউনিয়ন অনুপস্থিত ছিল। চীনের আসনও দখল করে রেখেছিল তাইওয়ান। সোভিয়েত ইউনিয়ন চাইছিল, তাইওয়ানের পরিবর্তে নিরাপত্তা পরিষদে মাও সেতুংয়ের নেতৃত্বাধীন গণপ্রজাতন্ত্রী চীনকে অধিষ্ঠিত করতে। অন্যান্য স্থায়ী সদস্য রাষ্ট্রকে রাজি করাতে না পেরে সোভিয়েত ইউনিয়ন নিরাপত্তা পরিষদ বর্জন করে। এতে কপাল পুড়ে উত্তর কোরিয়ার। নিরাপত্তা পরিষদ সৈন্য পাঠিয়ে উত্তর কোরিয়াকে যুদ্ধ বন্ধে বাধ্য করে।

বছরের শেষে সোভিয়েত ইউনিয়ন পুনরায় যোগ দেয় জাতিসংঘে। পৃথিবী ক্রমান্বয়ে ঢুকে যায় স্নায়ুযুদ্ধের যুগে। এশিয়া ও আফ্রিকায় উপনিবেশের নিগড় থেকে একে একে স্বাধীন দেশের জন্ম হলে তারা জাতিসংঘের সদস্যপদ লাভ করে। ফলে তাদের সম্মিলিত শক্তি ও সমর্থনে গণপ্রজাতন্ত্রী চীন অর্জন করে জাতিসংঘ তথা নিরাপত্তা পরিষদের প্রতিনিধিত্ব। মজার ব্যাপার হলো, নিজে নিরাপত্তা পরিষদে অধিষ্ঠিত হয়ে চীন জাতিসংঘে বাংলাদেশের অন্তর্ভুক্তিতে ভেটো দিয়ে বসে।

জাতিসংঘে প্রতিটি সদস্য দেশের একটিই মাত্র ভোট। সাধারণ পরিষদে যেসব সিদ্ধান্ত গৃহীত হয়, তা সবসময় সংখ্যাগরিষ্ঠতার মাধ্যমে গৃহীত হয়। সাধারণ পরিষদের কোনো সিদ্ধান্ত কোনো সদস্য রাষ্ট্রের জন্য বাধ্যতামূলক না। তবে নিরাপত্তা পরিষদের সিদ্ধান্ত বাধ্যতামূলক। নিরাপত্তা পরিষদের স্থায়ী সদস্য পাঁচটি দেশ- যুক্তরাষ্ট্র, যুক্তরাজ্য, রাশিয়া, চীন ও ফ্রান্স। অপর ১০টি দেশ সদস্য রাষ্ট্র হতে পর্যায়ক্রমে নির্ধারিত মেয়াদের জন্য নির্বাচিত হয়ে আসে। নিরাপত্তা পরিষদ সাধারণভাবে সংখ্যাগরিষ্ঠতার ভিত্তিতে সিদ্ধান্ত নেয়। কিন্তু স্থায়ী পাঁচটি দেশের প্রতিটির যেকোনো সিদ্ধান্তে ভেটো বা আপত্তি দেওয়ার সুযোগ আছে। ভেটো উত্থাপিত হলে সে সিদ্ধান্ত আর গৃহীত হয় না, অর্থাৎ স্থায়ী পাঁচটি দেশের যেকোনোটি চাইলেই যেহেতু যেকোনো সিদ্ধান্ত আটকে দেওয়ার ক্ষমতা রাখে, সে জন্য নিরাপত্তা পরিষদের সিদ্ধান্ত এই পাঁচটি দেশের ইচ্ছার ওপর নির্ভরশীল। যুদ্ধ বন্ধে জাতিসংঘ কোনো কার্যকর ভূমিকা রাখতে পারে না। কেননা একদিকে জাতিসংঘ সাধারণ পরিষদের সিদ্ধান্ত সদস্য দেশগুলোর জন্য বাধ্যতামূলক না, অন্যদিকে নিরাপত্তা পরিষদে পাঁচটি দেশের যেকোনোটি ভেটো দিয়ে সিদ্ধান্ত আটকে দেয়। ইতিহাস ঘাঁটলে দেখা যাবে, ইসরায়েলের বিরুদ্ধে শাস্তিমূলক সিদ্ধান্ত নেওয়ার চেষ্টা করলে নিরাপত্তা পরিষদে যুক্তরাষ্ট্র অন্তত ৫০ বার ভেটো দিয়ে ইসরায়েলকে রক্ষা করেছে। অনেকে তাই ভেটো ক্ষমতাকেই বিশ্বশান্তির অন্তরায় মনে করে জাতিসংঘের নিজস্ব কোনো সেনাবাহিনী নেই। ফলে সদস্য দেশ যদি জাতিসংঘের অনুরোধে যুদ্ধ বন্ধ না করে, তবে জাতিসংঘের পক্ষে সেই সদস্য দেশকে বাধ্য করার কোনো উপায় নেই। জাতিসংঘ অনেক ক্ষেত্রে সদস্য দেশগুলো থেকে সেনাবাহিনী ভাড়া নেয়; কিন্তু প্রধানত তা শান্তিরক্ষার জন্য, যুদ্ধের জন্য নয়। জাতিসংঘ সনদের ৭ নম্বর অনুচ্ছেদ নিরাপত্তা পরিষদকে বলপ্রয়োগের এখতিয়ার দিয়েছে। কোরিয়া যুদ্ধ ছাড়াও ১৯৯০ সালের প্রথম উপসাগরীয় যুদ্ধে ইরাকি সৈন্যদের কুয়েতছাড়া করতে এই এখতিয়ার ব্যবহার করা হয়েছে। এ ছাড়া বিভিন্ন সময় সোমালিয়া, রুয়ান্ডা, হাইতি, বসনিয়া ও হার্জেগোভিনা, পূর্ব তিমুর, লিবিয়া, কঙ্গো ও মালিতে সীমিত বলপ্রয়োগ অনুমোদন করা হয়েছে।

আবার বহু জায়গায় হয় রাষ্ট্রযুদ্ধ, না হয় ভূরাজনৈতিক স্বার্থে কিংবা রাজনৈতিক ও অর্থনৈতিক স্বার্থ বা জোট থাকায় স্থায়ী সদস্যদের কেউ না কেউ কোনো না কোনো আগ্রাসী দেশকে সমর্থন দিয়ে গেছে। ক্ষেত্রবিশেষে হয় নিজেরা, না হয় তাদের পক্ষে অন্য দেশ প্রক্সি যুদ্ধে জড়িয়ে পড়েছে। ফলে যুদ্ধ জিইয়ে থেকেছে। অসহায় মানুষরা অন্যায়ভাবে মরেছে। কিন্তু দায়ী রাষ্ট্রকে নিবৃত্তও রাখা যায়নি, শাস্তিও দেওয়া যায়নি। সবচেয়ে বড় উদাহরণ ইসরায়েল। সাধারণ পরিষদ প্রতিবার ইসরায়েলের বিরুদ্ধে সিদ্ধান্ত নিলেও নিরাপত্তা পরিষদ

এরপর ৩৬ পৃষ্ঠায়

ব্রাজিল, জার্মানি, ভারত ও জাপান জোটবদ্ধ হয়ে প্রত্যেকের জন্য নিরাপত্তা পরিষদের স্থায়ী সদস্যপদ চাইছে। এবারের শীর্ষ সম্মেলনে ব্রিকস ভারতের স্থায়ী সদস্যের দাবি সমর্থন করেছে। আবার ইতালি, স্পেন, পাকিস্তান, আর্জেন্টিনা, মেক্সিকো, কোরিয়া এই চার দেশের বিরোধিতা করছে। ১৮ কোটি জনসংখ্যা নিয়ে স্বল্পোন্নত বা উন্নয়নশীল দেশ হিসেবে বাংলাদেশের এখানে নীরব থাকার সুযোগ নেই। বাংলাদেশকে তাই সমমনা উন্নয়নশীল দেশগুলো নিয়ে জোট গড়ে তুলতে হবে এবং কার্যকর সমাধানের জন্য সোচ্চার হতে হবে। সবল কোনো দেশ যেন দুর্বলের ওপর যুদ্ধ চাপিয়ে দিতে না পারে, আবার নিরাপত্তা পরিষদে ভেটো ক্ষমতার যথেচ্ছ ব্যবহার করে সংখ্যাগরিষ্ঠের ইচ্ছাকে পদানত না করে। জাতিসংঘ তবেই প্রকৃত অর্থে 'সবার জাতিসংঘ' হয়ে উঠবে

দেশে যাওয়ার পথে কম খরচে ওমরাহ করে যেতে পারেন
স্পেশাল ওমরাহ প্যাকেজ $১৫৫০
• ওমরাহ প্যাকেজ
• ওমরাহ ভিসা
• মোয়াল্লেম
• হোটেল ও ট্রান্সপোর্ট
বিশ্বের সকল দেশের ভিসা প্রসেসিং করা হয়
সবচেয়ে কমদামের গ্যারান্টি আমরাই দিচ্ছি
৭৪৯
JFK-Dhaka-JFK Return
আমরা IATA অনুমোদিত
আমরা ARC অনুমোদিত
DELTA AIR LINES
Biman BANGLADESH AIRLINES
AmericanAirlines
ETIHAD AIRWAYS
QATAR AIRWAYS
Emirates
KUWAIT AIRWAYS
Mohammad B Hossain (Belal)
President & CEO
বাঙ্গালীদের সর্ববৃহৎ ট্রাভেল এজেন্ট
BANGLA TRAVELS
JACKSON HEIGHTS NEW YORK
আমরা বিভিন্ন এয়ার লাইন্সের স্টক হোল্ডার
বাংলাদেশ থেকে আসার টিকেট সবচেয়ে কম দামে আমাদের কাছেই পাবেন।
জামান রঞ্জু ট্রাভেল কনসালটেন্ট
কাঞ্চন ট্রাভেল কনসালটেন্ট
কে.এম. শহিদ ট্রাভেল কনসালটেন্ট
মাহির ট্রাভেল কনসালটেন্ট
জাহাঙ্গীর ট্রাভেল কনসালটেন্ট
নিলয় ট্রাভেল কনসালটেন্ট
নাহিয়ান আজাদ ট্রাভেল কনসালটেন্ট
NEW YORK OFFICE
73-05 37th Road,
Jackson Heights
NY 11372
ATLANTA OFFICE
4229 1st Ave, Suite B,
Tucker, GA 30084
Tel: 404-704-7753
DHAKA OFFICE
C-752, Ridge Dale Shopping Center
Uttar Badda, Dhaka-1212
01349328919
Phone: 917-396-4140, 917-592-7828

স্পষ্ট হচ্ছে শুভংকরের ফাঁকি

দীপ্র ইসলাম

গত দুই দশকে বাংলাদেশের মানুষের আর্থসামাজিক জীবনে যে পরিবর্তন এসেছে, তা অস্বীকার করার উপায় নেই। একসময় যে রিকশাচালকের হাতে মোবাইল ফোন থাকাটাই ছিল বাড়তি কিছু, আজ তার হাতেও স্মার্টফোন; অন্তত একটি বাটন ফোন থাকা এখন আর বিস্ময়ের বিষয় নয়। যে মধ্যবিত্ত পরিবার তিন বছরে একবার কক্সবাজার যেতে পারলেই আনন্দিত হতো, সেই পরিবার এখন বছরে একবার থাইল্যান্ড বা সিঙ্গাপুর ভ্রমণকে জীবনের স্বাভাবিক অর্জন হিসেবে ভাবতে শুরু করেছে। আপাতদৃষ্টিতে এগুলো নিঃসন্দেহে অর্থনৈতিক অগ্রগতির গল্প। আয় বেড়েছে এবং মানুষ শুধু বেঁচে থাকার জন্য ব্যয় করছে না; বরং জীবনযাত্রার আরাম-আয়েশের জন্য ব্যয় করার সক্ষমতা অর্জন করেছে।

কিন্তু এই ইতিবাচক পরিবর্তনের আড়ালে কি আমরা কোনো শুভংকরের ফাঁকি রেখে দিয়েছি? আজ যখন অর্থনীতির গতি মন্থর হয়ে এসেছে এবং মধ্যবিত্ত ও নিম্ন-মধ্যবিত্ত মানুষের আর্থিক চাপ ক্রমে স্পষ্ট হচ্ছে, তখন প্রশ্নটি করা যেতেই পারে- এই পরিস্থিতির বীজ কি আসলে অনেক আগেই বোনা হয়েছিল?

মানুষ যখন অস্তিত্বের সীমা পেছনে ফেলে কিছুটা স্থিতিশীল আর্থিক অবস্থায় পৌঁছায়, তখন শুধু নিত্যপ্রয়োজনীয় পণ্য কেনার সক্ষমতা দিয়ে তার অর্থনৈতিক অবস্থার পরিবর্তন পরিমাপ করা আর যথেষ্ট নয়। ফলে অর্থনৈতিক সংকট শুরু হলে তার প্রথম লক্ষণও সবসময় ক্ষুধা বা অনাহার হিসেবে দেখা যায় না। বরং মানুষ ধীরে ধীরে সেই ব্যয়গুলো কমাতে শুরু করে, যেগুলো ছাড়াও বেঁচে থাকা সম্ভব। অর্থাৎ সংকটের প্রথম প্রতিক্রিয়া অনেক সময় মৌলিক চাহিদা ত্যাগ নয়; বরং জীবনযাত্রার মান এবং পছন্দের পরিসর সংকুচিত করা। এই পরিবর্তনগুলো অনেক সময় জাতীয় পরিসংখ্যানের চেয়েও আগে ধরা পড়ে পরিবারের দৈনন্দিন জীবনযাপনে।

যে মধ্যবিত্ত ক্রেতা আগে বাজারে গিয়ে জিজ্ঞেস করতেন, 'বেগুন কত কেজি?' তারপর এক কেজি শসা ও আধা কেজি বেগুন কিনতেন, তিনি এখন হয়তো তিনটি বেগুন ও পাঁচটি শসা তুলে নিয়ে বলছেন, 'যা হয় দাম ধরে নেন।' মুরগি বিক্রেতা হঠাৎ লক্ষ করছেন, তার সোনালি মুরগির নিয়মিত ক্রেতা আজকাল বয়লার মুরগি কিনছেন। এগুলো হয়তো কোনো একক পরিবারের দৃষ্টিতে খুব ছোট পরিবর্তন; কিন্তু হাজার হাজার পরিবারের আচরণে একই পরিবর্তন দেখা দিলে তা অর্থনীতির একটি গুরুত্বপূর্ণ সংকেত হয়ে ওঠে।

গত এক দশকে বাংলাদেশে অভ্যন্তরীণ পর্যটন, হোটেল-রিসোর্ট, রেস্টুরেন্ট, ইভেন্ট ম্যানেজমেন্ট এবং বিনোদনভিত্তিক ব্যবসা দ্রুত বিস্তৃত হয়েছিল। এর পেছনে ছিল মানুষের হাতে বাড়তি অর্থ আসা এবং সেই অর্থের একটি অংশ অভিজ্ঞতা, বিনোদন ও ভ্রমণে ব্যয় করার প্রবণতা। সাম্প্রতিক সময়ে দেখা গেছে, ঈদের ছুটিতেও সিলেটের ৫০-৬০ শতাংশ হোটেল-মোটেল খালি ছিল এবং জাফলংয়ের বিলাসবহুল রিসোর্টগুলোর বুকিং ছিল মাত্র ২০-২৫ শতাংশ। সাদা পাথরে যেখানে ঈদের সময় প্রতিদিন ৪০০-৪৫০টি নৌকা ট্রিপ দিত, সেই সংখ্যা নেমে এসেছিল প্রায় ১০০-তে। এই সূক্ষ্ম পরিবর্তনগুলোই অনেক সময় অর্থনৈতিক সংকটের প্রথম দৃশ্যমান চিহ্ন।



তাই এসব খাতে চাহিদার পরিবর্তনকে শুধু একটি নির্দিষ্ট ব্যবসার সমস্যা হিসেবে দেখলে বিষয়টির বড় অর্থনৈতিক তাৎপর্য ধরা পড়ে না। এ কারণে হোটেল, রিসোর্ট, রেস্টুরেন্ট, পর্যটন পরিবহন, স্থানীয় গাইড, নৌকা, ক্ষুদ্র দোকান কিংবা বিনোদন কেন্দ্রের ব্যবসা শুধু পর্যটন খাতের স্বাস্থ্য নয়; এগুলো মানুষের অতিরিক্ত ব্যয় করার সক্ষমতারও একটি পরোক্ষ সূচক।

এখন প্রশ্ন হলো, এই সংকট কি আসলে সাময়িক?

কভিড মহামারী, ইউক্রেন যুদ্ধ, বৈশ্বিক জ্বালানি সংকট এবং সাম্প্রতিক মধ্যপ্রাচ্যের অস্থিরতা নিঃসন্দেহে বাংলাদেশের অর্থনীতির ওপর চাপ তৈরি করেছে। এগুলো আমদানি ব্যয়, জ্বালানি মূল্য, মূল্যস্ফীতি, বৈদেশিক মুদ্রার বাজার এবং উৎপাদন ব্যয়ের ওপর প্রভাব ফেলেছে। ফলে অর্থনীতির বর্তমান মন্থরতার একটি অংশ যে বহিরাগত অভিঘাতের সঙ্গে সম্পর্কিত, তা অস্বীকার করার সুযোগ নেই। কিন্তু পুরো সমস্যাকে যদি শুধু বাইরের সংকটের ফল হিসেবে দেখি, তাহলে আবারও সেই প্রশ্ন এড়িয়ে যাওয়া হবে, আমাদের অর্থনীতির প্রবৃদ্ধি যে কাঠামোর ওপর দাঁড়িয়েছিল, সেই কাঠামো কতটা টেকসই ছিল?

অর্থনীতির উন্নয়নকে বোঝানোর জন্য বেশ কিছু পদ্ধতি ও সূচক প্রচলিত। এর মধ্যে একটি হলো ধনীদের সম্পদ চুইয়ে চুইয়ে ছড়িয়ে যাবে গরিব মানুষের দুয়ার পর্যন্ত। সেই সম্পদের কৌটা যখন গরিব পাবে, তাতে গরিবের হাতেও অর্থ যাবে, সেটি গরিব খরচ করবে। আমরা বলব, গরিবের হাতেও টাকা আছে, সেও বাজারে অংশগ্রহণ করছে।

আরেকটি হলো সরকারের বিনিয়োগ বাড়ানো। সরকার যদি সড়ক, রেল, বিদ্যুৎ, বন্দর ও নগর অবকাঠামোর মতো বড় প্রকল্প গ্রহণ করা শুরু করে লম্বা সময় ধরে, তাহলেও সরকারি অর্থ বাজারে যাবে। তবে এই প্রকল্পগুলোর সিংহভাগ প্রকল্পই যদি মূলত পুঁজি ও প্রযুক্তিনির্ভর হয়, তবে সেই টাকার বৃহৎ অংশ যাবে ধনীদের হাতে। ফলে আবার সেই ধনীদের সম্পদ চুইয়ে চুইয়ে ছড়িয়ে যাবে গরিব মানুষের দুয়ার পর্যন্ত। এতেও গরিব কিছু টাকা পাবে। এই প্রক্রিয়ায় উন্নতি নির্দেশের জন্য আবার স্বেচ্ছাচারী ও উদ্ভট কিছু পরিমাপ পদ্ধতি প্রচলন রয়েছে, যেমন- জিডিপি, মাথাপিছু আয় এবং ভোগ্যপণ্যের সহজলভ্যতা সূচক।

বাংলাদেশের যে উন্নয়ন, তার অনেকটাই হয়েছে এভাবে। এরকম উন্নয়নের সংকট হলো এ এরপর ৩৬ পৃষ্ঠায়

> এটি এমন একটি প্রবৃদ্ধির মডেল, যেখানে সরকারি ব্যয়, বড় প্রকল্প, আমদানিনির্ভর ভোগ এবং সীমিতসংখ্যক খাত ও গোষ্ঠীর হাতে সম্পদ কেন্দ্রীভূত হওয়ার ওপর অতিরিক্ত নির্ভরতা তৈরি করেছে। বাস্তবতা হলো, এ ধরনের অর্থনৈতিক কাঠামো দীর্ঘ মেয়াদে স্থিতিশীল চাহিদা ও উৎপাদনশীল বিনিয়োগ নিশ্চিত করতে পারার জন্য উপযুক্ত নয়। বাংলাদেশের জন্য প্রকৃত চ্যালেঞ্জ তাই শুধু অর্থনীতিকে আবার আগের গতিতে ফিরিয়ে নেওয়া নয়; বরং এমন একটি প্রবৃদ্ধির কাঠামো তৈরি করা, যেখানে মানুষের আয় ও ক্রয়ক্ষমতা টেকসইভাবে বাড়বে, সরকারি বিনিয়োগ উৎপাদনশীল বেসরকারি বিনিয়োগকে উৎসাহিত করবে এবং মানুষের ভোগের সক্ষমতা কৃত্রিমভাবে ফুলে ওঠা নয়, বাস্তব উৎপাদনশীলতার ওপর দাঁড়াবে

সরকারি চাকরি নয়, প্রয়োজন কর্মসংস্থানের উদ্যোগ

ড. মো. শফিকুল ইসলাম

> ২১ লাখ আবেদনকারীর এই ঘটনা আমাদের একটি গুরুত্বপূর্ণ বার্তা দেয়, বাংলাদেশের তরুণরা কাজ করতে চায়, তারা সুযোগের অপেক্ষায় আছে। এখন দায়িত্ব হলো সেই সুযোগ তৈরি করা। আমাদের উন্নয়নের পরবর্তী অধ্যায় হতে হবে কর্মসংস্থাননির্ভর উন্নয়ন। শুধু অর্থনৈতিক প্রবৃদ্ধির সংখ্যা নয়, সেই প্রবৃদ্ধি কত মানুষের জন্য মর্যাদাপূর্ণ কাজের সুযোগ তৈরি করছে, সেটিই হওয়া উচিত মূল বিবেচনা। কারণ, একটি দেশের সবচেয়ে বড় সম্পদ তার তরুণ জনগোষ্ঠী। এই সম্পদকে কাজে লাগাতে পারলে বাংলাদেশ এগিয়ে যাবে আরও দ্রুত। আর যদি এই শক্তিকে কাজে লাগানো না যায়, তাহলে হতাশা ও অনিশ্চয়তা বাড়বে। তাই এখন সময় এসেছে সরকারি চাকরির প্রতিযোগিতার সংখ্যা গোনার পরিবর্তে কর্মসংস্থানের নতুন পথ তৈরি করা

বাংলাদেশের তরুণসমাজের স্বপ্ন, প্রত্যাশা এবং বাস্তবতার মধ্যে যে দূরত্ব তৈরি হয়েছে, তার একটি স্পষ্ট প্রতিচ্ছবি দেখা গেল সম্প্রতি একটি সরকারি নিয়োগ পরীক্ষাকে ঘিরে। সমাজসেবা অধিদপ্তরের মাত্র ১ হাজার ৪৮৫টি পদের বিপরীতে আবেদন করেছে ২১ লাখের বেশি তরুণ। অর্থাৎ প্রতি পদের বিপরীতে লড়াই করছে প্রায় ১ হাজার ৪৩৩ জন প্রার্থী। এ পরিসংখ্যানই বলে দিচ্ছে ঘটনাটি শুধু একটি নিয়োগ পরীক্ষার প্রতিযোগিতার চিত্র নয়; বরং এটি বাংলাদেশের চাকরির বাজারের নির্মম সত্যের প্রতিচ্ছবি।

একটি দেশের অর্থনৈতিক উন্নয়নের অন্যতম প্রধান সূচক হলো কর্মসংস্থান সৃষ্টি। গত কয়েক দশকে বাংলাদেশ অর্থনৈতিক প্রবৃদ্ধি, অবকাঠামো উন্নয়ন এবং দারিদ্র্য হ্রাসে উল্লেখযোগ্য অগ্রগতি অর্জন করেছে। কিন্তু সেই অগ্রগতির সঙ্গে তাল মিলিয়ে পর্যাপ্ত মানসম্মত কর্মসংস্থান সৃষ্টি করা সম্ভব হয়নি। ফলে প্রতিবছর বিশ্ববিদ্যালয় থেকে বের হওয়া বিপুলসংখ্যক তরুণ যখন চাকরির জন্য প্রতিযোগিতায় শামিল হচ্ছে, তখন তারা দেখতে পাচ্ছে সীমিত পদের বিপরীতে কর্মক্ষেত্রের সুযোগও সংকুচিত।

সরকারি চাকরির প্রতি তরুণদের এই বিপুল আগ্রহ নতুন কোনো ঘটনা নয়। তবে সম্প্রতি এর মাত্রা উদ্বেগজনক পর্যায়ে পৌঁছেছে। কারণ, সরকারি চাকরি এখন শুধু একটি পেশা নয়; অনেক পরিবারের কাছে এটি সামাজিক নিরাপত্তা, স্থিতিশীল জীবন এবং ভবিষ্যতের নিশ্চয়তার কেন্দ্র হয়ে উঠেছে। সরকারি চাকরির প্রতি তরুণদের আগ্রহের পেছনে কয়েকটি বাস্তব কারণ রয়েছে। প্রথমত, চাকরির নিরাপত্তা। বেসরকারি খাতে অনেক ক্ষেত্রে চাকরি চলে যাওয়ার আশঙ্কা, তুলনামূলক কম স্থায়িত্ব এবং কর্মপরিবেশের অনিশ্চয়তা রয়েছে। দ্বিতীয়ত, সামাজিক মর্যাদা। বাংলাদেশে এখনো সরকারি চাকরিকে সমাজব্যবস্থা সম্মানের চোখে দেখে। তৃতীয়ত, দীর্ঘমেয়াদি সুযোগ-সুবিধা, যেমন অবসরকালীন সুবিধা ও অন্যান্য সুযোগ-এসব ব্যাপার সরকারি চাকরিকে আকর্ষণীয় করে তুলেছে।

অন্যদিকে, বেসরকারি খাতের সম্প্রসারণ প্রত্যাশিত গতিতে না হওয়ায় কর্মসংস্থানের বিকল্প ক্ষেত্রও সীমিত হয়ে পড়েছে। অর্থনীতিবিদদের মতে, বিনিয়োগের ধীরগতি, ব্যবসায়িক অনিশ্চয়তা এবং শিল্প খাতের সম্প্রসারণে বাধার কারণে নতুন চাকরির সুযোগ কম তৈরি হচ্ছে। বাংলাদেশের শ্রমবাজারের একটি বড় সমস্যা হলো উচ্চশিক্ষিত তরুণদের বেকারত্ব। একসময় মনে করা হতো, উচ্চশিক্ষা অর্জন করলেই ভালো চাকরি নিশ্চিত হবে। কিন্তু বর্তমান বাস্তবতা ভিন্ন। বিশ্ববিদ্যালয়ের ডিগ্রি থাকলেও অনেক তরুণ চাকরির বাজারে নিজেদের অবস্থান তৈরি করতে পারছে না।

এর অন্যতম কারণ হলো শিক্ষা ও শিল্পের চাহিদার মধ্যে ব্যবধান। শিল্প ও শিক্ষা লিংকেজের ব্যাপক ঘাটতি রয়েছে, যা আমাদের সরকারকে বিশেষ নজর দিতে হবে। বিশ্ববিদ্যালয়ে অনেক ক্ষেত্রে তাত্ত্বিক জ্ঞানকে বেশি গুরুত্ব দেওয়া হয়, কিন্তু কর্মক্ষেত্রে প্রয়োজন হয় ব্যবহারিক দক্ষতা, প্রযুক্তিগত সক্ষমতা, যোগাযোগ দক্ষতা এবং সমস্যা সমাধানের ক্ষমতা অর্জনের তাৎক্ষণিক দক্ষতা।

ফলে দেখা যাচ্ছে, একদিকে বিপুলসংখ্যক শিক্ষিত তরুণ চাকরির অপেক্ষায় রয়েছে, অন্যদিকে অনেক প্রতিষ্ঠান প্রয়োজনীয় দক্ষ কর্মী খুঁজে পাচ্ছে না। এই দক্ষতার সংকট বাংলাদেশের কর্মসংস্থানের ব্যবস্থাপনাকে আরও জটিল করে তুলছে। আমাদের দেশে বর্তমানে শিক্ষিত জনগোষ্ঠীর একটি বড় অংশ বেকার জীবন-যাপন করছে। এরাই দেশের মোট জনসংখ্যার বড় অংশ। অর্থনীতির ভাষায় এটি একটি বড় সম্ভাবনা, যাকে বলা হয় 'জনমিতিক সুবিধা'।

কিন্তু এই সুবিধা কাজে লাগাতে হলে তরুণদের জন্য পর্যাপ্ত কর্মসংস্থান সৃষ্টি করা জরুরি। কর্মক্ষম জনগোষ্ঠী যদি দক্ষতা ও কাজের সুযোগ না পায়, তাহলে এই জনমিতিক সুবিধাই ভবিষ্যতে সামাজিক ও অর্থনৈতিক চাপ তৈরি করতে পারে। একজন তরুণ যদি বিশ্ববিদ্যালয় শেষ করার পর কয়েক বছর শুধু একটি চাকরির জন্য পরীক্ষার প্রস্তুতিতে ব্যয় করেন, তাহলে তাঁর উৎপাদনশীল সময়ের বড় অংশ নষ্ট হয়। এতে ব্যক্তি যেমন পিছিয়ে পড়েন, তেমনি দেশের অর্থনীতিও ক্ষতিগ্রস্ত হয়।

একটি নিয়োগ বিজ্ঞপ্তির বিপরীতে ২১ লাখের বেশি আবেদন গ্রহণ করা প্রশাসনিকভাবেও বড় চ্যালেঞ্জ তৈরি করে। এত প্রার্থীর পরীক্ষা আয়োজন, কেন্দ্র নির্ধারণ, প্রশ্নপত্র ব্যবস্থাপনা, খাতা মূল্যায়ন এবং ফল প্রকাশ একটি জটিল প্রক্রিয়া। এই পরিস্থিতি স্পষ্ট করছে যে নিয়োগব্যবস্থাকেও আধুনিকায়ন করা প্রয়োজন। প্রযুক্তির ব্যবহার, প্রাথমিক পর্যায়ে স্বয়ংক্রিয় বাছাইব্যবস্থা, দক্ষ পরীক্ষা ব্যবস্থাপনা এবং সময়মতো নিয়োগ সম্পন্ন করার উদ্যোগ প্রয়োজন।

তবে শুধু নিয়োগপ্রক্রিয়া সহজ করলেই সমস্যার সমাধান হবে না। মূল সমস্যা হলো পর্যাপ্ত কর্মসংস্থান সৃষ্টি না হওয়া। প্রথমত, বেসরকারি খাতকে শক্তিশালী করতে হবে। একটি দেশের কর্মসংস্থানের প্রধান উৎস সাধারণত সরকারি খাত নয়; বরং বেসরকারি শিল্প, ব্যবসা ও উদ্যোক্তা খাত। বিনিয়োগবান্ধব পরিবেশ তৈরি, ব্যবসায়িক বাধা কমানো এবং নতুন শিল্প প্রতিষ্ঠায় উৎসাহ দেওয়া প্রয়োজন।

দ্বিতীয়ত, শিক্ষাব্যবস্থায় পরিবর্তন আনতে হবে। বিশ্ববিদ্যালয়গুলোকে শুধু চাকরির পরীক্ষার প্রস্তুতিমূলক শিক্ষা নয়, বরং কর্মজীবনের জন্য প্রয়োজনীয় দক্ষতা তৈরিতে গুরুত্ব দিতে হবে। কর্মমুখী শিক্ষার প্রতি অধিকতর গুরুত্ব দিতে হবে। প্রযুক্তি, কৃত্রিম বুদ্ধিমত্তা, ডেটা বিশ্লেষণ, উদ্যোক্তা উন্নয়ন এবং আধুনিক ব্যবস্থাপনা দক্ষতার ওপর জোর দিতে হবে।

তৃতীয়ত, তরুণদের মধ্যে উদ্যোক্তা এরপর ২৯ পৃষ্ঠায়



আপনার ঘর বা ব্যবসার জন্য
সিকিউরিটি ক্যামেরা ও ভিডিও ডোরবেল দরকার?

- রেসিডেনসিয়াল ও বিজনেসের জন্য ইনডোর ও আউটডোর ইনস্টলেশন।
- প্রফেশনাল সার্ভিস ।

বিস্তারিত জানতে যোগাযোগ করুন
929-365-1935

সেলিম-আলী পরিষদকে সমর্থন বাংলাদেশ এসেম্বলির

৩ পৃষ্ঠার পর

প্রথমেই কোরআন থেকে তেলাওয়াত, দোয়া ও মুনাজাত দিয়ে অনুষ্ঠান শুরু হয়। এসময় অতিথি হিসাবে স্থানীয় নেতৃবৃন্দের মধ্যে উপস্থিত ছিলেন এবিএম ওসমান গনি, শরাফ সরকার, ফারুক হোসেন মজুমদার, জে মোল্লা সানি, সিরাজুল ইসলাম লিপন, মোঃ ফারুক হোসেন প্রমুখ।

বাংলাদেশ এসেম্বলির সভাপতি ও সাধারণ সম্পাদক সহ অন্যান্য সদস্যরা সংক্ষিপ্ত বক্তব্যে স্বতঃস্ফূর্ত ভাবে সেলিম- আলী পরিষদের প্রতি তাদের সমর্থনের কারণ তুলে ধরেন। তারা বলেন, বরাবরই আমরা সেলিম-আলীর পক্ষে ছিলাম, কিন্তু প্রয়োজনের প্রেক্ষিতে সবার মতা-মত নিয়ে আজ আনুষ্ঠানিক ভাবে তা ঘোষণা করছি। তার কারণ হিসাবে তারা বলেন সেলিম- আলী পরিষদ বাংলাদেশ সোসাইটির উন্নয়নের জন্য যে ভূমিকা রেখেছেন তা অনস্বীকার্য। অন্য কেউ সে ধারা ধরে রাখতে পারবে কিনা তা সন্দেহের ব্যাপার। এছাড়া এ গ্রুপের সদস্যরাই কর্মঠ ও সব বিষয়ে অভিজ্ঞ। সুতরাং প্রবাসীদের কল্যাণে আবারো তাদেরকে নির্বাচিত করা দরকার।

এ বিষয়ে আগামী ২৫ তারিখের নির্বাচনে তাদেরকে জিতিয়ে আনার জন্য সকল ধরণের সহযোগিতার আহ্বান দেয় বাংলাদেশ এসেম্বলি। এ সময় আতাউর রহমান সেলিম ও মোহাম্মদ আলীসহ তাদের প্যানেলের প্রার্থীরা বাংলাদেশ এসেম্বলির সদস্যদের প্রতি সমর্থন জানানোর জন্য ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানান।

একই সঙ্গে সোসাইটির ও প্রবাসীদের কল্যাণে উন্নয়ন মূলক কাজের সংক্ষিপ্ত বর্ণনা তুলে ধরেন। তারা নির্বাচিত হলে এ উন্নয়নের ধারা ব্যাপক ভাবে আরো উন্নতি সাধন করবেন বলেও প্রতিশ্রুতি দেন।

এস্টোরিয়ায় বাংলাদেশী মালিকানাধীন বিশ্বস্থ অটো রিপেয়ার শপ

Open 24 Hours

UA REPAIR

Body Work
Computerized wheel Alignment
Complete Mechanical Work
Rebuild Transmission
Tires & Wheel Balancing
N.Y.S. Inspection
Low Price & Fully Guaranteed

United
Auto Repair & Body Shop, Inc.
Contact: Azam Tel: 718-786-6677
Cell: 917-567-3637, Email: unitedautony@gmail.com

- ১০০% গ্যারান্টি সহ যাবতীয় রিপেয়ার
- দক্ষ মেকানিকের দ্বারা ত্রুটি নির্ণয়
- সুলভ মূল্যে ফুল অটো রিপেয়ার
- নতুন ও রিবিল্ড ট্রান্সমিশন স্থাপন

ইউনাইটেড অটো রিপেয়ার
ইয়েলো ক্যাব, লিমোজিন ও লিভারীর জন্য বিশেষ ছাড়
38-06 31st Street (Betn. 38th & 39th Ave.), Astoria, NY 11101

ভারতের স্যাটেলাইটের আঘাতে ঝুঁকিতে বাংলাদেশের স্যাটেলাইট!

৩ পৃষ্ঠার পর

সরিয়ে নেন। মহাকাশ বস্তুটি নিরাপদে অতিক্রম করার পর বিএস-১-কে আবার আগের অবস্থানে ফিরিয়ে নেওয়া হয়। বিএসসিএলের ব্যবস্থাপনা পরিচালক বলেন, ঘটনাটি উচ্চ প্রযুক্তির একটি স্পর্শকাতর ব্যবস্থা পরিচালনায় দেশের নিজস্ব প্রকৌশলীদের দক্ষতার প্রমাণ দিয়েছে।

বিএসসিএল জানিয়েছে, নাসার তথ্য অনুযায়ী স্যাটেলাইটটির দিকে এগিয়ে আসা মহাকাশ বর্জ্যটি ভারতের ইনস্যাট-১এ স্যাটেলাইটের অংশ। ভারত ১৯৮২ সালের ১০ এপ্রিল এটি উৎক্ষেপণ করেছিল। যান্ত্রিক ত্রুটি ও জ্বালানি শেষ হয়ে যাওয়ায় ওই বছরের ৬ সেপ্টেম্বর স্যাটেলাইটটি অকার্যকর হয়ে যায় এবং আর্থ স্টেশনের সঙ্গে যোগাযোগ বিচ্ছিন্ন হয়ে পড়ে।

বাংলাদেশ ২০১৮ সালের মে মাসে প্রথম কৃত্রিম উপগ্রহ মহাকাশে পাঠায়। ১২ মে বাংলাদেশ সময় রাত ২টা ১৪ মিনিটে যুক্তরাষ্ট্রের ফ্লোরিডার কেনেডি স্পেস সেন্টার থেকে স্পেসএক্সের ফ্যালকন-৯ ব্লক ৫ রকেটের মাধ্যমে বিএস-১ উৎক্ষেপণ করা হয়।

ফ্রান্সের থ্যালেস এলিনিয়া স্পেস নির্মিত স্যাটেলাইটটি ১১৯ দশমিক ১ ডিগ্রি পূর্ব দ্রাঘিমাংশে ভূস্থির কক্ষপথে অবস্থান করছে। নির্মাণ ও উৎক্ষেপণে এর ব্যয় হয়েছে প্রায় ২ হাজার ৭৬৫ কোটি টাকা। স্যাটেলাইটটির নির্ধারিত কার্যকাল প্রায় ১৫ থেকে ১৮ বছর।

গ্রেটার বেগমগঞ্জ সোসাইটির সভাপতি নুরুল, সেক্রেটারি মাহমুদুল

৩ পৃষ্ঠার পর

করায় এবং অন্যপদে একজন করে প্রার্থী থাকায় নির্বাচন কমিশন তাদের নির্বাচিত ঘোষণা করেন বলে জানা যায়।

নির্বাচন কমিশন সূত্রে জানা যায়, মনোনয়ন পত্র জমাদানের শেষ দিনে গত ২০ সেপ্টেম্বর উৎসবমুখর পরিবেশে ১৭টি পদের মধ্যে সভাপতি, সাধারণ সম্পাদকসহ ১৩টি পদে মনোনয়ন জমা দেয়া হয়। এর মধ্যে শুধু সহ-সভাপতি পদে দুজন প্রার্থী মনোনয়নপত্র জমা পড়ে। এছাড়া অন্যান্য পদে একজন করে প্রার্থী মনোনয়নপত্র জমা দেন। সহ-সভাপতি পদে মনোনয়নপত্র জমা দেওয়া দুজন প্রার্থী হ'লেন-শাহ আলম ও আবুল কালাম আজাদ।

দি গ্রেটার বেগমগঞ্জ সোসাইটির মোট ভোটার হয়েছে ৯২৬ জন। ১৭টি পদের বিপরীতে ২৭টি মনোনয়নপত্র জমা বিক্রি হয়েছিল। গত রোববার ১৩টি পদের বিপরীতে মনোনয়নপত্র জমা হয়। ৪টি পদে কোনো প্রার্থী মনোনয়নপত্র জমা দেননি। পরবর্তী সময়ে নির্বাচন অনুষ্ঠানের ব্যয় এড়াতে সংগঠনের বৃহত্তর স্বার্থে সহ-সভাপতি পদের প্রার্থী আবুল কালাম আজাদ তার প্রার্থিতা প্রত্যাহার করেন।

নবনির্বাচিত কমিটির নেতৃবৃন্দ হচ্ছেন -সভাপতি পদে নুরুল আমিন, সহ-সভাপতি পদে শাহআলম, সাধারণ সম্পাদক পদে মাহমুদুল হক, যুগ্ম-সাধারণ সম্পাদক পদে জামাল উদ্দিন, অর্থ-সম্পাদক পদে আমির হোসেন, সহ-অর্থ সম্পাদক পদে নুর হোসেন, সাংগঠনিক সম্পাদক পদে জহিরুল ইসলাম, দপ্তর সম্পাদক পদে মোহাম্মদ আব্দুল ওয়াদ, সমাজ কল্যাণ সম্পাদক পদে মোহাম্মদ শাহজাহান, সদস্য পদে যথাক্রমে মোহাম্মদ জিয়াউর রহমান (রিটু), সোহেল আলম ভূঁইয়া, মোহাম্মদ এ পাটোয়ারি ও চাঁদ মিয়া। নির্বাচন পরিচালনার দায়িত্বে ছিলেন প্রধান নির্বাচন কমিশনার শাহ নাসের স্বপন, দুই কমিশনার মোহাম্মদ ফজলুল হক এবং হাবিব উল্যাহ বাহার।

প্রধান নির্বাচন কমিশনার শাহ নাসের স্বপন জানান, দীর্ঘদিন পর দি গ্রেটার সোসাইটির নির্বাচন অনুষ্ঠিত হয়েছে। আহ্বায়ক কমিটি, উপদেষ্টা পরিষদ, ট্রাস্টিসহ দি গ্রেটার নোয়াখালী সোসাইটির নেতারা নির্বাচন সম্পন্ন করতে সর্বাত্মক সহযোগিতা করেন। একজন প্রার্থীর জন্য নির্বাচন আয়োজনে যে খরচ পূর্ণ প্যানেলের জন্যও একই খরচ। সহ-সভাপতি পদের প্রার্থী আবুল কালাম আজাদ তার প্রার্থিতা প্রত্যাহার করায় একটি বড় ব্যয় এড়ানো সম্ভব হয়েছে। নির্বাচন প্রক্রিয়ায় অংশগ্রহণ ও সহযোগিতাকারী সবাইকে তিনি ধন্যবাদ জানান।

ZILLUR TAX ACCOUNTING & INSURANCE SERVICES
• Tax Filing & Payroll
• IRS Audit Assistance
• Insurance &
• Real Estate Services
Zillur Rahim
EA, CAA, MBA
IRS Enrolled Agent
• OUR SERVICES
Personal Tax Filing
Business Tax Filing
New Business Setup
Home & Business Insurance
Immigration Services
ITIN Number Application
Notary Services
zillurincometaxnyc@gmail.com
www.zillurtaxandinsurance.com
Cell: 646-322-3254
Office: 718-374-3110
88-11 169 Street, 2nd Floor
Jamaica, NY 11432

PEOPLE N TECH
A Global Leader In IT Training, Consulting, and Job Placement Since 2005
EARN 100K TO 200K PER YEAR
• Selenium Automation Testing
• SQL Server Database Administration
• Business Analyst
PROVIDED JOBS TO 7000+ STUDENTS.
100% JOB PLACEMENT
RECORD FOR THE LAST 17 YEARS.
Opportunity to get up to 50% scholarship for Bachelor's and Master's Degree as PeopleNTech Alumni from Partner University: www.wust.edu
Washington University of Science and Technology
Authorized Employment Agency by:
NYC
Certified Training Institute by:
If you are making less than 80k/yr, contact now for two weeks free sessions:
info@piit.us 1-855-JOB-PIIT(1-855-562-7448) www.piit.us

www.careeracademyny.com
CAREER ACADEMY OF NEW YORK
BECOME A CERTIFIED
HOME HEALTH AIDE
TODAY!
HHA, PCA & PCA TO HHA CERTIFICATION COURSE
347-425-3878
CALL NOW
347-425-3878 careeracademyofny@gmail.com
975 Liberty Avenue, Brooklyn, New York-11208
A CONCERN OF SHAH NAWAZ GROUP
SNG
SHAH NAWAZ GROUP

Rtv
আজ ও আগামীর

"Quran for a Beautiful Life"

Under this title, Following the remarkable success of Seasons 1, 2 and 3, the holy Quran Telawat competition RTV Alokito Quran USA is returns with Season 4 for people living in North America.

GOLDEN AGE HOME CARE | সাপ্তাহিক আজকাল

PRESENTS

Rtv
Alokito Quran USA
SEASON 4

POWERED BY
utshob.com
YOUR ULTIMATE ONLINE SHOPPING EXPERIENCE

Get Registration before
20th November, 2026

Registration Process:

Record a 2 to 3 minute video of your recitation from the Holy Quran on your mobile and send it along with your name, mobile number, and address via any of the following media

WhatsApp: +880 1933 000 066, +880 1552 322 040

E-Mail: rtvalokitoquranusa@gmail.com

Call : 917 743 2917

Only On Rtv | Organize By: প্রিয়ন্তী USA INC

এই সপ্তাহের কবিতা

এ শহর ও তোমার

আবদুন নূর

ভাবছ, অনেক দূর চলে এসেছো
মাটির ধুলো, বনানীর গুঞ্জন ছেড়ে
নদী, পুকুর, সাগর মহাসাগর পেরিয়ে
অতীত হতে বর্তমান এবং ভবিষ্যতে।

শৈশব হতে কৈশোরের প্রান্তে যুবক
প্রিয় সাইকেল, হাতঘড়ি, সানগ্লাস,
স্বপ্নের রাজ্যে কত নবীনার পুলক
যেন আলাদিন প্রদীপের ক্রীতদাস।

টাইগার হিলের সূর্যোদয়ের রঙ
বঙ্গোপসাগরের নীলাভ সূর্যাস্ত,
চাঁদনী পসর রাতে হাওড়ের লীলা
কংক্রিটের শহরে ব্যাপক পর্যুদস্ত।

এখানে রিকশার বদলে ট্যাক্সিকার
সরু গলির বদলে প্রশস্ত রাজপথ
পাঠশালা গুলো যেন বিশাল মঞ্চ
পার্কের নয়নাভিরাম ফুলের রজত।

শুভ্র বরফের আস্তরণে বিমূর্ত বিকেল
কোলাহল হীন শুনশান ইটের নগর,
পদক্ষেপে পদক্ষেপে দৃষ্টির নন্দন দুল
বিরাম হীন চাওয়ার উদ্ধত প্রান্তর।

এ গ্রহ, গ্রহের যাবতীয় প্রাণি ও জীব
বায়ু, জল ও জলাধারের বাষ্পকনা,
মাটি, বৃক্ষ তরুলতা ও তার জীবাশ্ম
জ্ঞান, জ্ঞানার্জনের পিপাসা ও বাসনা।

এইতো বসেছ উদারতম বিদ্যা পাঠে
যা ফেলে এসেছো, অঙ্কুরিত বীজাধার,
সময় এবং সুযোগ কাজে লাগাও বাছে
ধৈর্য ধর-সাহস কর, এখন এ শহরও তোমার।

(আমেরিকায় আসা উচ্চশিক্ষার্থীদের উদ্দেশ্যে)

ছাতিম ফুলের ঘ্রাণ

শাকেরা বেগম শিমু

বৃক্ষতলায় বসে কবি
ক্লান্তি সবই দূর,
শীতল হাওয়ার সাথে পাখির
গানটা সুমধুর।

এর মাঝে এক মাতাল ঘ্রাণে
জুড়িয়ে দিলো মন,
তার খোঁজে সেই বৃক্ষতলায়
কাটাই অনেকক্ষণ।

কিন্তু কোথায় মাতাল করা
সেই সুগন্ধী ফুল,
নাকি এটা শুধুই আমার
মনেরই এক ভুল!

বলেন দাদু সোনা জাদু
ছাতিম তলায় কেন,
এর সুবাসে পরে আবার
পাগল না হও যেন।

তখন বুঝি কে সৌরভে
ভরিয়ে দিলো প্রাণ,
ছাতিম ফুলের থেকেই আসে
এমন মধুর ঘ্রাণ।

হাস্নাহেনার ঘ্রাণ

রাতের রাণী হাস্নাহেনা
কেমন তোমার ঘ্রাণ,
সেই সুবাসে অন্তর জুড়ায়
উতলা হয় প্রাণ।

রাতের বেলা ফুটো তুমি,
রাতেই পড়ো ঝরে,
তোমার ঘ্রাণে নিশির স্বপন
কি মধুময় করে!

জানো তুমি হাস্নাহেনা
আমার বড্ডই প্রিয়,
ঘুম না এলে উজাড় করে
সৌরভ আমায় দিও।

মামার বাড়ি মধুর হাঁড়ি

মহসিন আলম মুহিন

মামার বাড়ি মধুর হাঁড়ি,
এই কথাটি নয় অজানা।
আদর-আমোদ কাঁড়ি কাঁড়ি-
থাকলে পাশে নানি-নানা।।

সকাল বেলা চুলার পাড়ে-
নাস্তা খাওয়া হরেক রকম,
দুপুর বেলা পুকুর ঘাটে-
ঘুম সাঁতারের পরে যে ধুম।।

'মামাতো ফুপাতো' মিলেমিশে-
কথা চলে আগে পিছের,
নানান রকম খেলাও চলে-
আটকে স্মৃতি মিষ্টি মধুর।।

মধুমাসেও জিভা মজে ফলে,
পিঠাপুলিও শীতকালেতে চলে।
'মামী-মা'দের মায়ের মতো স্নেহ-
তুলনাতে নয় যে তারই কেহ।।

দিনের শেষে, রাতেও বসে-
গল্প-কথা, মধুমাখা বুলি।
মামার বাড়ি মধুর হাঁড়ি-
এতো আদর, কেমনে তারে ভুলি।।

চান্দাবাজ

বিভাস গুহ

সকাল বিকাল রাতে যারা
নেতার দুই পা চাটে
চান্দা দিতে সরব তারা
এখন মাঠে ঘাটে।

পা চাটা সেই দালালদের নেই
হালাল কোন চিন্তা
সবসময়ে বাজায় তারা
ধান্দাবাজের বীণটা।

ফন্দি করে বন্দী করে
আদায় করে চান্দা
তাদের কাছে জিম্মি এখন
সমাজের সব বান্দা।

নেইতো বলার কিছু তাদের
নেইতো বলার কিছু
যখন যে দল আসে আসুক
সে দলের নেয় পিছু।

হঠাৎ পাল্টায় মুখোশ তারা
পাল্টায় মুখের খোলটা
যাকে খুশি দিতে পারে
মাথায় ঢেলে ঘোলটা।

সেদিন হিরোশিমায়

ইকবাল খান

সেদিন হিরোশিমায় ছিল তীব্র তুষারপাত,
আকাশ থেকে নেমেছিল সাদা, নিঃশব্দ ছাই।
স্কুলের ঘণ্টা বাজেনি, শুধু একটা ছায়া
পাথরের সিঁড়িতে বসে ছিল, আর উঠল না
মায়ের হাতে ছিল খাবারের কৌটো, তখনও গরম।
নদীর জলে ভাসছিল শহরের সব নাম,
একটি ঘড়ি থেমে আছে আজও, সেই সকালে।
শিশুরা জল চেয়েছিল; জল ছিল না।
তারপর এল নতিকালের শীত, যার কোনো ঋতু ছিল না-
মন্দিরের ঘণ্টা মিশে গিয়েছিল নীরবতায়।
যারা বেঁচে ছিল, তারা কথা বলেনি বহুদিন।
বসন্তে গাছে ফুল এসেছিল, অবিশ্বাসে
আজও নদীর ধারে কেউ কেউ নাম ধরে ডাকে,
কাগজের সারস উড়ে যায় আকাশের দিকে।
তুষার গলে গেছে, তবু মাটি মনে রাখে।
সেদিন হিরোশিমায় ছিল তীব্র তুষারপাত।

সৎলোক কই?

মিলন কান্তি দাস

সৎলোক খুঁজে পাই
পড়ে শুধু বই
বাংলার মাঝে আজ
সৎ লোক কই।।

সৎলোক খুঁজে পাই
পত্রিকাটা খুলে
কেউ কেউ বেশি লিখে
হয়তো বা ভুলে।।

সৎলোক দেখা মিলে
নির্বাচন এলে
সৎলোক সৎচোর
পরে দেখা মিলে।।

সৎলোক দেখা মিলে
নীতিবাক্য শুনে
নীতিবাক্যে সৎ শুধু
কাজে ঘুন গুনে।।

মানুষ হও মানুষ

মো. রহমত আলী

এখনও মানুষ হও মানুষ,
ভাবনার অতলে ডুবে ভাবো,
কেন মানুষ রূপেই পাঠানো হয়েছে,
কেন সৃষ্টির শ্রেষ্ঠ মাখলুক বলা হয়েছে,
জেনে দেখো কী করার ছিল, কী করা হচ্ছে!

মানুষ হও মানুষ,
সৎ মানুষ, দায়িত্বশীল, নিষ্ঠাবান মানুষ,
নীতিবান, সত্যবাদী, ন্যায়পরায়ণ মানুষ,
বিবেকবান, মানবিক, কর্তব্যপরায়ণ মানুষ,
আদর্শবান, ধৈর্যশীল, মানবতাপরায়ণ মানুষ,
হও মান-হুঁশ, ধার্মিক সততায় সমৃদ্ধ মানুষ।

এখনই মানুষ হও মানুষ,
এ জনম একটাই, এ জীবনও একটা।
যে সময় যতটুকু নির্ধারিত, তা শেষ হলে
অবশ্যই আল্লাহর সামনে দাঁড়াতেই হবে,
অতঃপর জানবে কে কতটুকু মানুষ!

বর্ষার শেষ বেলা

আব্দুস সাত্তার সুমন

চলে যায় বর্ষা বেলা
শীত এলো এলো,
শেষ লগনে বিন্দু ফোঁটা
ঝরে পড়ে গেলো।

আসবে আবার আগামীতে
নতুন এক ধারায়,
আষাঢ়-বাদল অপেক্ষাতে
থাকবো যে দাঁড়ায়।

ধূলিকণা ঝরিয়ে দিয়ে
শান্ত করে নগর,
শেষ বেলায় বর্ষার কথা
রয়ে যাবে পরর।

টাপুর টুপুর রিমঝিমা-ঝিম
ভিজবে শরৎ দেশ,
মেঘেরা বলে গেলো
বৃষ্টির সময় শেষ।

ঋতু গাইছে বিদায়ের গান
বর্ষার শেষ বেলা!
অরণ্য আবার সতেজ হবে
আষাঢ় হবে মেলা।

মহাকালের ব্যাকুলতা

সাঈদুর রহমান লিটন

নিকষকালো অন্ধকারকে স্বাগত জানিয়ে,
এক সাগর অমাবস্যায়
চোখ বুজে লিপি দেখতে পাই
অনুভব করি মহাকালের ব্যাকুলতা।
বুকের মধ্যে জমানো কথা গুলো
না পড়েও বুঝতে পারি,
বিনা মুখস্থে বলতে পারি অপ্রকাশিত কবিতা।
কষ্ট গুলো শেয়ার করে বুকের মাঝে প্রতিস্থাপন করে নিতে পারি,
কপোল চোয়ানো জলের ধোঁয়া আমার চোখে দিতে পারি স্রোতের ধারা।
লক্ষ গাঁয়ের মধ্য থেকে ঘ্রাণ বুঝে চিনতে পারি,
মধ্য সাগরে ডুবতে দেখে ঝাঁপিয়ে পড়ে
মরতে পারি,
প্রয়োজনে জীবন বাজি ধরে সেচতে পারি প্রশান্ত মহাসাগর।
অতীতের মাঝে বিলীন হতে দেখে ছিনিয়ে আনতে পারি,
বাজপাখি হয়ে বসতে পারি পাহাড়ের চূড়ায়।
তোমার জন্য হে ভালবাসা।

পিজ্জা এন্ড পোয়েট্রি

প্রকৃতিপ্রত্যয়
কালের লিখন

প্রতিভার সাথে প্রকৃতি আমাকে
গতনও দিয়েছে লিখে।
অন্ধকার এ আলোর ঝলকে
কালো দেখি- চারিদিকে।

বেদনার সাথে সোহাগ মিশিয়ে
পান করি শুধু বিষ;
সুখের সাগরে উতলায় দেখি-
বন-মোরগের শিস!

অথচ এখানে পরমাপুলক
কোটিতে ফুটেছে ফুল;
তবু আমাকে পরাজিত ভেবে
পরিপাটি নির্ভুল!

কিন্তু আমি তো জয়ী হতে যেনে
ভাবিনি এমন কিছু-
আজীবন ধরে ছুটে বেড়িয়েছি
ফুল-উপমার পিছু!

ফুলের বাগানে ফুলের আবাদে
মগ্ন থেকেছি জেনে-
পাখিরা আমাকে স্বজাতি ভেবেছে
নিকটে নিয়েছে টেনে।

মেঘেরা সবাই চেনে তো আমাকে
বৃষ্টির ফোঁটা যত-
যত্ন সোহাগে মুছে দেয় ওরা
আমার সকল ক্ষত।

গ্রহ থেকে গ্রহে 'আমার স্বপ্ন'
কল্পনাফুল ফোটে-
লাজ হয়ে আমি লুকিয়ে গিয়েছি
প্রেম-বালিকার ঠোঁটে।

তাঁজ হয়ে আমি বুক-পকেটের
গভীরে গিয়েছি মিশে;
আমাকেই সবে 'স্বপ্ন' ভেবেছে
অতুল সর্বনেশে!

গর্ব আলাপে গর্ব ভেঙেছি
গর্ভ আগুন জ্বালে-
প্রকৃতি আমাকে দায় দিলো কেন?
প্রতিভা-অন্তরালে!

অন্ধকারের দৃষ্টি
সুমন শামসুদ্দিন

অন্ধকারে শুয়ে আছি, দৃষ্টি খোলা,
অনায়াসে অনেক কিছুই দেখছি এখন-
আলোকযোগে যেসব দৃশ্য যায় না দেখা!
দেখছি আমি কাজের মানুষ হাসছে দূরে,
আরও দেখি অচেনাজন ডাকছে কাছে!

অন্ধকারে দৃষ্টি চলে অসীম দূরে,
এক নিমেষেই যাচ্ছে চলে চাঁদের বুকে!
ইচ্ছে মতো এদেশ ছেড়ে অন্য দেশে।
চোখের কোনও টিকিট-ভিসা চাচ্ছে না কেউ,
মন-আবেগে যা খুশি তাই দেখছি এখন!

অন্ধকারে দেখার কোনও সীমানা নেই,
দেখছি আমি যা খুশি তা যখন তখন,
দেখছি তোমার অনুভূতির গভীর দীঘি,
দূরের তোমার আঁখির ভাষাও খুব নিকটে,
দেখছি তোমার আবৃত্তি আর গানের সুরও!

অন্ধকারে একটা পাখি যাচ্ছে উড়ে,
গুটি চোখে দেখছি পাখির দুঃখ পালক,
আলোবিহীন পাখির ভাষাও বুঝতে পারি,
দুঃখ করে কাঁদছে এসে আমার কানে-
মানুষগুলো ভালোবাসা যাচ্ছে ভুলে!

অন্ধকারে ইচ্ছেমতো মানুষ দেখি,
মানুষগুলোর হৃদয় এবং মনও দেখি,
তাদের গোপন চিন্তা ভাবনা সবই দেখি,
যে চলে যায় চিরতরে তাকেও দেখি,
শুধু তাকে ছুঁতে কভু পারছি না আর!

অন্ধকারে গভীররাতে দৃষ্টি খোলা,
অমাবস্যায় নিঝুমরাতে আঁধার দেখি,
মানুষগুলোর অনাসৃষ্টির চিত্র দেখি,
বিগতদিন কী কী হলো সেসব দেখি-
ছোটবেলার বিশুদ্ধ সব সোনালি দিন!

ক্ষণিকের মাস্টারপিস
রাজিয়া নাজমী

জানালার ওপারে গতকালের সূর্যাস্ত-
প্রকৃতির আঁকা এক নিখুঁত মাস্টারপিস।
রঙে রঙে মাখা এক মায়াবী বিকেল,
এসেছিল, তবু যেন আসেনি-
জানিয়ে দিতে,
ছিল সে কেবল ক্ষণিকের জন্য।

উদাসীন ঘন অন্ধকারে
বেদনা মেলে যায় সে চলে-
গাছের পাতার বুকে
বিন্দু বিন্দু আলো নিতে যায়।

এই ক্ষণিকের আসা-
সে কি আলো-ছলছল কোনো মায়া,
ছায়া ফেলে খেলে যাওয়া কোনো বাসনা,
ধীরে ধীরে, নিঃশব্দে
মিলিয়ে যায় গভীর অন্ধকারে।

ভেজা সবুজের বুকে
থেমে থেমে নামে নীরবতা,
সিক্ত বাতাসে ধীরে ধীরে
দূরে সরে যায় বিকেল।

তুমি চলে যাও-
আমার জানালার পর্দা নামে।
ওপারে পড়ে থাকে
রৌদ্রছায়ার ক্ষণিক খেলার একটুকরো স্মৃতি,
পাতার ফাঁকে ফাঁকে
তোমার চলে যাওয়ার
এক অস্পষ্ট ছায়া-

প্রাপ্তি
হুমায়ুন কবির

নির্বাক আকাশটাকে কতবার খুঁজি,
খুঁজি বারান্দায় নেমে আসা ওর বিশুদ্ধতা-
বিনিময়ে, ব্যথা কুড়িয়ে নেই অশোকের লাগে
আচ্ছা, অন্ধকারের জন্য হলে কি আলো কাঁদে?

তোমার সাথে কথা না হলে যে কষ্ট
তা হয়তো নায়গ্রা জানে।
তুমি তো নায়গ্রা নও
তুমি জানো না আমার অপেক্ষার সুর।

আমি যে তোমার কাছে আর দশজনার মতোই
অতি আটপৌরে, অতি সাধারণ।
তাই খুব সহজেই বুঝে ফেলি
কেন তোমার ইনবক্সে খুঁজে পায় না আমার মন।

তবে, আমি অভ্যাসে নয়-
অনুভবে থাকতে চেয়েছিলাম তোমার।
তাই মনে হয়
কোনো এক সন্ধ্যায় হঠাৎ কাউকে দেখে
হয়তো মনে পড়বে আমায়-
এটুকুই থাকুক প্রাপ্তি আমার।

পরিচয়
মৃদুল রহমান

কোন পরিচয়ে পরিচিত হতে চাওয়া
নাম, নাকি নামেরও অতীত কোনো সত্তায়?
যে 'আমি' কে বুকে ধারণ করো সদা,
সে কি সত্যিই তুমি, নাকি মায়ার নির্মিত ছায়ায়?

জন্মের পূর্বে ছিলে কোন নামে,
মৃত্যুর পরে কোন নামেই বা বেঁচে থাকবে?
সময়ের স্রোতধারে মানুষ কেবল ক্ষণিক সত্তা;
ভেবেছ কি অমরত্ব কোথায়- কীভাবে পাবে?

কর্মযজ্ঞের ধূপ জ্বালিয়ে অহং যদি ওঠে,
সে কালো ধোঁয়া অনায়াসে আকাশটাকে ঢাকে,
অথচ নীরব একটি সৎকর্ম কখনো
প্রস্ফুটিত মহিমার আঁচড়ে অনন্তের দুয়ার আঁকে।

ফুল তার চিরায়ত সুবাসের পরিচয় দেয় না;
বাতাসই বহন করে তার শাশ্বত ভাষা,
সত্য মানুষ কি নিজেকে ঘোষণা করে?
না ও কর্মেই জেগে থাকে তার নিগূঢ় আশা।

জেনে দেখো, তুমি দেহ নও, তুমি নাম নও;
তুমি ক্ষণিকের পথিক এক অনন্ত মহাযাত্রায়,
অদৃশ্য কোনো চিরন্তন বহন করে নেয়
কেবলই তোমাকে আপন উৎসের অমোঘ ছায়ায়।

মানুষের দেওয়া পরিচয় সে তো ক্ষণিকের,
স্রষ্টার কাছে পরিচয় শুধু মহিমান্বিত অন্তরের আলো,
কত উঁচুতে উঠেছিলে তুমি, সে তো নয় পরিচয়;
আত্মার সুবাসিত ঘ্রাণে চারপাশ রেখেছিলে কি ভালো?

বেলাশেষে যখন সকল উপাধি ঝরে পড়ে
নক্ষত্রহীন স্তব্ধতায় দ্বারে আপন সাজে,
তখন একটিই প্রশ্ন প্রতিধ্বনিত হয়-
তুমি কতটা মানুষ ছিলে এই দুনিয়ার মাঝে?

শূন্যতার ব্যাকরণ
রোকেয়া দীপা

পদচিহ্ন মুছে ফেলে মানুষ মেলায় দূর মোহনায়,
নিভে যাওয়া রোদের মতো বটের ছায়ায় আঁধার হড়ায়।
তৃষ্ণার্ত চর ফেলে নদী যেমন অতলে হারায়,
মানুষও বিদায়বেলায় সব পিছুটান ধুলোয় ছড়ায়।

ডাল ছেড়ে খসে পড়া পাতা ফেলে বুকের ঋণ,
একা ঘরে নিভু বাতি গণে কত অন্তহীন দিন।
যাওয়ার পথটি বড় সোজা, পলকেই পেরোনো যায়,
রেখে যাওয়া অদৃশ্য ভারে আকাশও যে নুয়ে দাঁড়ায়।

উড়ে যাওয়া পাখির পেছনে কাঁপে নিরাভরণ ডাল,
মনের অতলে জমে থাকে এক চিরন্তন আকাল।
শূন্যতা নিছক অভাব নয়, সে এক পাথর-কঠিন ভার
এক নিমেষে চূর্ণ করে সাজানো যত সুরের সংসার।

নতুন ভোরের মায়ায় মানুষ হাঁটে অচেনা ঠিকানায়,
ভেতরে কেবল গোপন নদী তীব্র ব্যথায় বয়ে যায়।
প্রস্থানের এই সহজ পাঠ মানুষ কত সহজে শেখে,
শূন্য বুকে বাঁচার নিয়ম কার ব্যাকরণে লেখা থাকে?

রিতার 'সেলাই করা বুকের ভেতর ঘেউ'
একটি পাঠ ও বিশ্লেষণ

সেলিনা আক্তার

এইচ বি রিতার 'সেলাই করা বুকের ভেতর ঘেউ' কবিতাটি এক কথায়- সামাজিক ভণ্ডামি ও মানবকেন্দ্রিক নির্মমতার বিরুদ্ধে এক তীক্ষ্ণ জবানবন্দি। কবিতাটি যেন এক ময়নাতদন্ত রিপোর্ট, যেখানে লাশ নিজেই সাক্ষ্য দিচ্ছে। কবিতাটি শুরু হয় এক চরম ঘোষণা দিয়ে -'আমি মরে গেছি। গতকাল রাত তিনটা সতেরো মিনিটে।'

বাংলা কবিতায় মৃত কথক নতুন নয়, কিন্তু এখানে সময়টা গুরুত্বপূর্ণ। রাত ৩:১৭ হলো পৃথিবীর সবচেয়ে নিঃসঙ্গ সময়। যখন শহর ঘুমায়, তখনই সবচেয়ে অসহায় প্রাণীরা জাগে। কবি সেই সময়ে মরেছেন, কেউ দেখেনি।

প্রথম স্তবকেই দেখা যায়, কবির মৃত্যুর পর আত্মীয় ও সমাজ নিজেদের অনুমান দিয়ে কারণ খুঁজতে ব্যস্ত হয়ে পড়ে-হার্ট অ্যাটাক, লিভার ফেইলিওর, মদ খেতো, বা বয়সের দোষেই। কেউ আসল ক্ষত স্পর্শ করতে পারে না। এটাই হলো আমাদের সমাজের মৃত্যুকে বোঝার প্রক্রিয়া। কবি চিৎকার করে বলেন-'আরে না। ভুল ভাবছেন সবাই।' কিন্তু মৃত মানুষের কথা কে শোনে?

দ্বিতীয় স্তবকে কবিতা হঠাৎ তীব্র বাস্তব, তীব্র ক্লিনিক্যাল হয়ে যায়।

ছবিটি কবি এইচ বি রিতার ফেসবুক থেকে নেওয়া

'সাদা টিউবলাইট গুঞ্জন করছে/ স্টিলের টেবিলে শুয়ে আছি/ আমার বুক কেটে ফেলা হয়েছে/ ঠিক যেমন বাজারে মাছ কাটে।'

আমেরিকার উজ্জ্বল টিউবলাইটের নিচে স্টিলের টেবিল, আর বাংলাদেশের বাজারে মাছ কাটার দৃশ্য। দুটোই একই রকম নিষ্ঠুর, একই রকম প্রাত্যহিক। 'ডাক্তারের হাতে গ্লাভস, মুখে বিরক্তি/ সে আমার কলিজাটা বের করে দাঁড়িপাল্লায় ফেলল/ পচা কাঁঠালের মতো থপ করে পড়ল।'

কবিতার এই উপমাটা শুধু ঘৃণা তৈরি করে না, এটা আমাদের মনে করায় যে মৃত্যুর পর মানুষও পচনশীল বস্তু।

'ফরমালিন আর রক্তের গন্ধে আমার নিজেরই বমি আসছিলো/অথচ আমার পাকস্থলী তখন তার হাতে।'

এ এক চরম বিচ্ছিন্নতা, নিজের শরীর থেকেই নিজের বিচ্ছিন্ন হয়ে যাওয়া।

এবং তারপর সেই লাইনটি আসে, যার জন্য পুরো কবিতাটি দাঁড়িয়ে আছে:

'কজ অব ডেথ: ডেথ বাই এমপ্যাথি টু অ্যান এনিমেল'

ইংরেজিতে লেখা এই লাইনটি ইচ্ছাকৃত। বাংলার ভেতর ইংরেজি ক্লিনিক্যাল ভাষা। যেন মৃত্যু সনদে আবেগের কোনো জায়গা নেই, তাই তাকে অনুবাদ করতে হয়েছে মেডিকেল ইংরেজিতে।

এরপর ২৬ পৃষ্ঠায়

Washington seeks information from Russia after lab worker dies of 'plague'

Shah Nawaz

The United States is increasing pressure on Moscow over fears of plague in Russia. After the death of a 28-year-old laboratory worker, Washington has formally requested information about a possible pneumonic plague infection. Concerns are growing as Russia has provided only limited information so far. Meanwhile, reports have emerged that the hospital where the person was treated has been placed under quarantine and nearly 200 people are being monitored.

A US State Department spokesperson told CNN, "We have formally requested additional information from the Russian government. We are also formally communicating with other countries around the world to exchange information."

US Secretary of State Marco Rubio said earlier on Tuesday, "Russia should certainly share more information with the world. Maybe the incident is bigger than we think it is. We do not know. But given that we still have limited information, I think it would be reckless to speculate at this point."

A State Department official told US officials had been in contact with the Russian government since Friday. The contacts included communication between health experts from the State Department and Russia's Foreign Ministry.

Speaking to reporters outside the White House on Tuesday afternoon, President Donald Trump said a phone call with Russian President Vladimir Putin was "scheduled very soon" to discuss the matter. He also told US agencies would "probably tomorrow" be able to provide more information. However, the Kremlin said Wednesday that no phone call had been scheduled between Putin and Trump to discuss fears of plague in Russia.

So far, the United States has received limited cooperation from Russia. There is also widespread skepticism about the information Russia has made public. According to people familiar with the situation, US officials do not believe the Russian government is being fully transparent in providing information.

However, a US official said the United States is not taking measures such as travel restrictions to prevent a possible spread until it learns more about the situation through intelligence gathering and diplomatic contacts. The United States has already been warning its citizens against traveling to Russia because of the risk of wrongful detention and various other factors including the war with Ukraine.

One of the key unanswered questions is whether the 28-year-old laboratory worker who died last week was infected with pneumonic plague. It is a serious but treatable Continued on page 26

Bangladeshi community leaders at an exchange meeting in Jackson Heights last Wednesday night, discussing the disappearance of Kazi Azizul Haque Khokon and the appropriate course of action.

Uproar in New York over missing Bangladeshi national Khokon

Manowarul Islam

Kazi Azizul Haque Khokon is a well-known figure within the Bangladeshi community in the United States. He was a familiar face in Jackson Heights, New York, where he worked at the 'Abokash' store—located adjacent to Khamarbari Grocery and Nobanno Restaurant. He was also involved in politics, serving as the president of the US Sramik League.

Khokon has been missing for the past five days. There is no trace of him at police stations, hospitals, or morgues. The New York Police have added his name to the list of missing persons.

Khokon, 60, had been a Continued on page 26

Bangladeshi NYPD Officer Loses Job After Making Threats Following Romantic Rejection

Ajkal Desk

New York City Police Officer Atiqul Islam has landed in serious trouble due to a romantic entanglement and is now facing the loss of his job with the police department. After being rejected romantically, Atiq began harassing a woman by posing as an immigration enforcement officer. He ordered the woman and her family to report to an immigration center. Prosecutors have characterized this as an act of "personal vendetta" or an attempt at retaliation stemming from romantic rejection. Atiqul Islam pleaded guilty in Brooklyn Federal Court on Wednesday, September 30. If convicted, he could face up to three years in prison. Atiq is currently suspended from the police department.

Thirty-year-old Atiqul Islam jeopardized his police career—and potentially his freedom—through text messages sent on March 29, 2025. In those messages, he initially threatened to report the woman to Immigration and Customs Enforcement (ICE). Later, he claimed to be the director of the Continued on page 26

'Close-Up' Star Muhin to Contest UP Chairman Election



Ajkal Desk

K.M. Abdullah Murtaza Muhin Khan—a familiar face in the music industry, a 'Close-Up One' star, and a National Award-winning vocalist—is now setting his sights on becoming a public representative. He is preparing to run for the post of Chairman of Dhopadah Union Parishad in Santhia Upazila, Pabna, in the upcoming Union Parishad (UP) election. Campaign posters announcing his candidacy have already been released.

In the election posters, Muhin Khan has sought the blessings and support of the local residents for his bid for the Dhopadah Union chairmanship. The posters highlight his commitment to honesty, hard work, and serving the people. They also articulate his vision of transforming Dhopadah Union into an ideal, model union.

Uber to buy catering platform led by Bangladeshi-American for $2.3 billion

Ajkal Desk

Uber Technologies, the ride-hailing app, has recently agreed to acquire ezCater, a US-based platform for catering and workplace meals, for USD 2.3 billion in an all-cash deal.

Boston-based ezCater is led by Bangladeshi-American Nihad Rahman, who joined ezCater as chief financial officer in 2022 after working as a managing director at JPMorganChase and holding leadership positions at General Electric. He became interim chief executive in January 2025 and was appointed CEO in May of that year. The company connects businesses with more than 140,000 Continued on page 26

Trump's popularity hits record low ahead of midterm elections

Ajkal Desk

US President Donald Trump's popularity has fallen to a record low ahead of the midterm elections scheduled for November. At the same time, his support among Hispanic voters has also declined. The situation has created a new challenge for the Republican Party ahead of the midterm elections.

In the six day poll, 32 percent of US adults approved of Trump's performance as president. The figure was the same in the September poll. That was the lowest approval rating of Trump's political career.

Trump's support among Hispanic voters is even lower. Only 24 percent of Hispanic Americans approved of his performance. The figure has never been this low during either of Trump's two terms.

Trump received nearly half of the Hispanic vote in the 2024 presidential election. He received about one third of the vote in 2020. However, his support has declined in recent months. The poll found that the cost of living and inflation were the voters' main concerns.

Ahead of the midterm elections, 44 percent of registered voters said they would support Democrats. Thirty seven percent said they would support Republicans. Among independent voters, Democrats received 37 percent support while Republicans received 21 percent. Twenty eight percent of independent voters have not yet decided.

Among Hispanic registered voters, 52 percent said they would vote for Democrats. Twenty six percent said they would vote for Republicans. The gap between the two parties is 26 percentage points.

The November 3 midterm elections will determine control of both chambers of Congress, the House of Representatives and the Senate. Various analyses suggest that Republicans could face a difficult situation in the election.

The poll found that the cost of living is the most important issue influencing voters' decisions. Consumer inflation has also increased as fuel prices rose following the war with Iran. As a result, economic pressure is also affecting voters' attitudes.

Republicans have also lost their previous advantage among older voters. Among voters aged 50 and above, 44 percent support Republicans while 42 percent support Democrats. In December last year, Republicans had an 8 percentage point lead. Meanwhile, Democrats are 18 percentage points ahead among voters under 50.

The Reuters/Ipsos poll was conducted online across the United States from September 30 to October 5. A total of 4,506 adults participated in the poll. The margin of error for the full sample is about 1.5 percentage points. Source: *Reuters*

Ardi Loses Life While Riding Motorcycle Recklessly in New York

Anik Raj

Shah Ahsan Ardi, the young Bangladeshi IT engineer who died in the accident.

Shah Ahsan Ardi, a young Bangladeshi IT engineer, has lost his life while riding a motorcycle recklessly. He died in an accident on Saturday morning after losing control of his motorcycle on the Major Deegan Expressway in New York. According to local police, Ardi was speeding; he lost control and crashed into a nearby wall, sustaining a severe head injury. Doctors declared him dead upon his arrival at the hospital.

Family sources stated that Ardi was returning home after completing a night shift in White Plains, Westchester. Although he usually drove a car to work, he had ridden his motorcycle that day. His father is Shah Asad Miah. Ardi was the eldest of three brothers, and the family resides in the Bronx. He had started his job a year ago after graduating in Computer Science. Their ancestral home is in the Chunarughat Upazila of the greater Sylhet region. His untimely death has cast a shadow of grief over the community. His funeral prayer (Janaza) was held on Sunday at the Parkchester Jame Masjid in the Bronx. He is buried on Monday at a cemetery in Totowa, New Jersey.

Badrul Khan (President of the Jalalabad Association), Rokon Hakim (Acting General Secretary), and Fakhrul Abedin Masum (General Secretary of the Chunarughat Association, USA) have expressed their condolences in separate statements following the death of the highly talented and courteous Ardi.

Biman signs deal with Airbus for 10 aircraft

Ajkal Desk

Biman Bangladesh Airlines today signed an agreement with European aircraft manufacturer Airbus for the acquisition of 10 aircraft, taking the number of aircraft in the national carrier's acquisition pipeline to 35.

The agreement covers four Airbus A350-900 twin-aisle aircraft and six A321neo single-aisle aircraft.

Biman Chairman Rumee A Hossain and Jürgen Westermeier, president and managing director of Airbus India and South Asia, signed the agreement at a city hotel in Dhaka this evening.

Civil Aviation and Tourism Minister M Rashiduzzaman Millat requested Airbus to deliver at least one of the aircraft by 2026-27, as Bangladesh seeks to bring forward the delivery schedule.

Millat had said yesterday that Bangladesh wanted deliveries under the planned Airbus purchase to begin before 2030. He also sought EU support for the removal of the European *Continued on page 26*

Niloy Alamgir and Himi Team Up Again for New Dramas

Ajkal Desk

Popular small-screen duo Niloy Alamgir and Jannatul Sumaiya Himi are once again starring together in multiple new dramas. Beyond standalone dramas, the pair will also be seen in a serial series this time, bringing fresh content for their fans.

Recently, Niloy and Himi acted in a standalone drama titled 'Akaron' (Without Reason), written and directed by Zubayer Ibne Bakor. Himi plays the character 'Tanu' in the production. The actress even shot for the drama on her birthday, October 4th. Filming took place in various locations across the capital, including Motijheel Colony and Farmgate.

Last Saturday, the drama 'Konjus Probashi' (The Stingy Expat), starring Niloy and Himi, was released on YouTube. Written and directed by Mohin Khan, the drama was released via the 'Naf Entertainment' channel and has already surpassed 3.5 million views. The cast also includes Chitralekha Guha, Abdullah Rana, Fakhrul Bashar Masum, and Shelly Ahsan.

ইমিগ্র্যান্ট শিক্ষার্থীদের ঘাড়ে চাপালো লাখ ডলার

৬৪ পৃষ্ঠার পর

হলো শিক্ষার্থীদের অধ্যয়নের বিষয়ের সাথে সম্পর্কিত একটি অস্থায়ী কর্মসংস্থান অনুমোদন ব্যবস্থা। এই নতুন ফি'র লক্ষ্য হলো যুক্তরাষ্ট্রে সস্তা শ্রমের প্রবাহ কমানো এবং চাকরির বাজারে মার্কিন নাগরিকদের প্রতিযোগিতার সুযোগ নষ্ট হওয়া রোধ করা। বুধবার ৭ অক্টোবর হোমল্যান্ড সিকিউরিটির এক প্রেস বিজ্ঞপ্তিতে এ তথ্য প্রকাশ করা হয়েছে। যদিও এতে প্রথম ৭০ ও পরে ৩০ হাজার ডলার চাওয়া হয়েছে সুপারিশকারি শিক্ষা প্রতিষ্ঠানের কাছ থেকে। বাস্তবে শিক্ষা প্রতিষ্ঠানগুলো কাজের সুযোগ দেয়ার নামে আদায় করবে ছাত্রছাত্রীদের কাছ থেকে। এতে বিদেশি শিক্ষার্থীদের মধ্যে তীব্র প্রতিক্রিয়ার সৃষ্টি হয়েছে। ট্রাম্প প্রশাসন বলছে, মার্কিন কর্মসংস্থান রক্ষায় বিদেশি শিক্ষার্থীদের জন্য এই ফি প্রস্তাব করেছে।

প্রস্তাবিত বিধি অনুযায়ী, প্রাথমিক ওপিটি-র জন্য প্রতি এফ-১ নন-ইমিগ্র্যান্ট শিক্ষার্থীকে ৭০ হাজার ডলার এবং পরবর্তী স্টেমের ওপিটি-র জন্য ৩০ হাজার ডলার ফি দিতে হবে। জালিয়াতি ও অপব্যবহার রোধ, অভিবাসন ব্যবস্থার স্বচ্ছতা ও নির্ভরযোগ্যতা বৃদ্ধি এবং মার্কিন কর্মীদের সুরক্ষার লক্ষ্যে ডিএইচএস/ ডিপার্টমেন্ট অব হোমল্যান্ড সিকিউরিটি এই ফি'র প্রস্তাব করছে।

ডিএইচএস-এর একজন মুখপাত্র বলেন, 'অপশনাল প্র্যাকটিক্যাল ট্রেনিং-এর উদ্দেশ্য কখনোই এমন ছিল না যে এটি মার্কিন শ্রমবাজারে প্রবেশের একটি গোপন পথ বা 'ব্যাক ডোর' হিসেবে কাজ করবে। সস্তা শ্রমের জন্য ভর্তুকি হবে, কিংবা যারা নিয়ম-কানুন ফাঁকি দিয়ে সুবিধা নেয় তাদের জন্য কোনো পুরস্কার হবে। ডিএইচএস ওপিটি ব্যবস্থায় এমন পরিবর্তন আনছে যার ফলে বিদেশি শিক্ষার্থীদের নিয়োগকর্তাদের কাছে নিজেদের যোগ্যতার প্রমাণ দিতে হবে। সস্তা বিদেশি শ্রমের একটি উৎসে পরিণত হওয়া কোনো কর্মসূচির বিরুদ্ধে মার্কিন কর্মীদের প্রতিযোগিতা করতে বাধ্য করা উচিত নয়।'

বিদ্যমান ফেডারেল বিধিমালা অনুযায়ী, যোগ্য এফ-১ নন-ইমিগ্র্যান্ট শিক্ষার্থীরা ওপিটিতে অংশ নিতে পারেন, যদি সেই ওপিটি তাদের অধ্যয়নের প্রধান বিষয়ের (মেজর) সাথে সরাসরি সম্পর্কিত হয়। এতে অংশগ্রহণের জন্য, এফ-১ নন-ইমিগ্র্যান্ট শিক্ষার্থীদের তাদের শিক্ষা প্রতিষ্ঠানের নির্ধারিত কর্মকর্তা বা 'ডেজিগনেটেড স্কুল অফিশিয়াল' এর কাছ থেকে সুপারিশ নিতে হয় এবং 'ইউএস সিটিজেনশিপ অ্যান্ড ইমিগ্রেশন সার্ভিসেস' (ইমইসসিআইএস)-এর কাছে কর্মসংস্থান অনুমোদনের জন্য আবেদন করতে হয়।

এফ-১ নন-ইমিগ্র্যান্ট শিক্ষার্থীরা তাদের শিক্ষাক্রম চলাকালীন (প্রি-কমপ্লিশন ওপিটি) অথবা শিক্ষাক্রম শেষ করার পর (পোস্ট-কমপ্লিশন ওপিটি) ওপিটি-র জন্য আবেদন করতে পারেন। যোগ্য এফ-১ নন-ইমিগ্র্যান্ট শিক্ষার্থীরা প্রতিটি শিক্ষাস্তরে সর্বোচ্চ ১২ মাস মেয়াদী ওপিটি সুবিধা পেতে পারেন। যারা বিজ্ঞান, প্রযুক্তি, প্রকৌশল বা গণিত বিষয়ে ডিগ্রি অর্জন করেন, তারা অতিরিক্ত ২৪ মাস পর্যন্ত সময়সীমা বৃদ্ধির (এক্সটেনশন) জন্য যোগ্য হতে পারেন। 'স্টুডেন্ট অ্যান্ড এক্সচেঞ্জ ভিজিটর প্রোগ্রাম' এর চিহ্নিত জালিয়াতি ও অপব্যবহারের প্রেক্ষিতে হোমল্যান্ড সিকিউরিটি এই নতুন নিয়মটি প্রস্তাব করছে। অপশনাল প্র্যাকটিক্যাল ট্রেনিং এ এফ-১ নন-ইমিগ্র্যান্ট শিক্ষার্থীদের অংশগ্রহণ বাড়ার সাথে সাথে এসইভিপি (স্টুডেন্ট অ্যান্ড এক্সচেঞ্জ ভিজিটর ইনফরমেশন সিস্টেম) এমন অনেক শিক্ষা প্রতিষ্ঠান, মনোনীত কর্মকর্তা, নিয়োগকর্তা এবং শিক্ষার্থীর সন্ধান পেয়েছে যারা বিদ্যমান নিয়মকানুনের অপব্যবহার বা জালিয়াতির সাথে জড়িত। এর মধ্যে রয়েছে সমন্বয়পূর্ণ কর্মস্থল এবং 'পে-টু-স্টে' (থাকার বিনিময়ে অর্থ প্রদান) বা ভুয়া স্কিমের ব্যবস্থা।

ডিএইচএস এর মতে, প্রস্তাবিত ফি শিক্ষা প্রতিষ্ঠানগুলোকে এফ-১ শিক্ষার্থীদের ওপিটি এর জন্য সুপারিশ করার ক্ষেত্রে আরও সতর্ক ও বাছাইমূলক হতে উৎসাহিত করবে। যা জালিয়াতি কমাতে এবং কর্মসূচির স্বচ্ছতা ও নির্ভরযোগ্যতা বাড়াতে সহায়তা করবে।

এই প্রস্তাবিত নিয়মটি সাম্প্রতিক নির্বাহী আদেশ এবং অন্যান্য রাষ্ট্রপতির নির্দেশনার সাথেও সামঞ্জস্যপূর্ণ। মার্কিন কর্মীদের সুরক্ষা এবং কর্মসংস্থান-ভিত্তিক অভিবাসন কর্মসূচির নির্ভরযোগ্যতা নিশ্চিত করার ওপর জোর দেওয়া হয়েছে। বর্ধিত ফি কর্মসূচির তদারকিতে সহায়তা করবে এবং নিশ্চিত করবে যে শিক্ষা প্রতিষ্ঠান, শিক্ষার্থী এবং নিয়োগকর্তারা যেন ওপিটি এর উদ্দেশ্য ও প্রয়োজ্য নিয়মকানুন মেনে এটি ব্যবহার করেন।

প্রস্তাবিত নিয়ম অনুযায়ী, শিক্ষা প্রতিষ্ঠানগুলোকে ফি জমা দিতে হবে দুটি পর্যায়ে: প্রথমত, মনোনীত কর্মকর্তারা 'স্টুডেন্ট অ্যান্ড এক্সচেঞ্জ ভিজিটর ইনফরমেশন সিস্টেম' এ কোনো এফ-১ শিক্ষার্থীর জন্য ওপিটি এর সুপারিশ করার আগে; এবং দ্বিতীয়ত, শিক্ষার্থীরা ইউএসসিআইএস এর কাছে কর্মসংস্থানের অনুমতির জন্য আবেদন করার আগে। শিক্ষা প্রতিষ্ঠান নির্ধারিত ফি জমা না দিলে ইউএসসিআইএস শিক্ষার্থীদের কর্মসংস্থানের অনুমতি প্রদান করবে না।

হোমল্যান্ড সিকিউরিটি ৮ অক্টোবর থেকে ৯ নভেম্বর পর্যন্ত এই প্রস্তাবিত নিয়মের বিষয়ে জনসাধারণের মতামত গ্রহণ করবে। এছাড়া, এই নিয়মের 'পেপারওয়ার্ক রিডাকশন অ্যাক্ট' (কাগজপত্রের কাজ কমানো সংক্রান্ত আইন) অংশের জন্য ৬০ দিনের একটি মতামত প্রদানের সময়সীমা থাকবে। হোমল্যান্ড সিকিউরিটি এর বিবেচনার জন্য কীভাবে মতামত জমা দিতে হবে, সে সংক্রান্ত নির্দেশনার জন্য জনসাধারণকে 'ফেডারেল রেজিস্টার'-এর বিজ্ঞপ্তিটি দেখতে হবে। মতামত প্রদানের সময়সীমা শেষ হওয়ার পর, হোমল্যান্ড সিকিউরিটি যথাযথভাবে জমা দেওয়া সমস্ত মতামত ও নথিপত্র পর্যালোচনা করবে এবং জনসাধারণের মতামতের ভিত্তিতে নিয়মটিতে পরিবর্তন আনতে পারে।

'এআই প্রতিযোগিতায় মানবজাতি বিপন্নের শংকা'

৬৪ পৃষ্ঠার পর

কোম্পানিগুলো নেমেছে তা কিভাবে নিয়ন্ত্রণ করতে হবে তা তাদের জানা নেই। বরং এখনই কৃত্রিম বুদ্ধিমত্তা বা এআই এর মতো উদীয়মান প্রযুক্তির ঝুঁকি সম্পর্কে সতর্ক হতে হবে। নিউইয়র্ক সিটির নীতিনির্ধারক ও কৃত্রিম বুদ্ধিমত্তা বা এআই শিল্পের সাথে জড়িত ব্যক্তিরা এমন অভিমত ব্যক্ত করেছেন। সোমবার নিউইয়র্ক সিটি হলে সিটি কাউন্সিলের কর্মকর্তাদের সাথে প্রযুক্তি বিশারদদের সংলাপে এ কথাগুলো উঠে আসে।

স্থানীয় সরকারগুলো যখন এই সিস্টেমগুলোর কারণে মানবজাতি বিপন্ন হতে পারে-এমন ক্রমবর্ধমান উদ্বেগের বিষয়ে পদক্ষেপ নিচ্ছে, তখন তাঁরা এ ক্ষেত্রে আরও কঠোর তদারকির আহ্বান জানিয়েছেন।

নিউ ইয়র্ক সিটি কাউন্সিলের এক শুনানিতে অ্যানথ্রোপিক ওপেনএআই এবং গুগল ডিপমাইন্ড এর সাবেক কর্মীরা তাঁদের কোম্পানিগুলোর দায়িত্বজ্ঞানহীন কর্মসংস্কৃতির কথা তুলে ধরেন। তাঁরা বলেন, বিশ্বের শীর্ষস্থানীয় প্রযুক্তি কোম্পানিগুলো এমন সব প্রযুক্তি তৈরির প্রতিযোগিতায় নেমেছে, যা কীভাবে নিয়ন্ত্রণ করতে হবে-তা তাদের নিজেদেরই জানা নেই।

অ্যানথ্রোপিকের প্রাক্তন প্রকৌশলী এবং বর্তমানে এআই'র ওপর নিয়ন্ত্রণ বা বিধিনিষেধ আরোপের পক্ষে সোচ্চার কণ্ঠস্বর জ্যাকব কল্পন বলেন, "কোম্পানিগুলো একটি 'স্টার্টআপ মানসিকতা' নিয়ে চলে। দ্রুত কাজ করো, প্রথা ভাঙো এবং পরে তা ঠিক করো। একটি ফটো-শেয়ারিং অ্যাপের ক্ষেত্রে এই পদ্ধতি কাজ করতে পারে। কিন্তু সর্বকালের সবচেয়ে শক্তিশালী প্রযুক্তি তৈরির ক্ষেত্রে তা কার্যকর নয়।"

ট্রাম্প প্রশাসন এআই-এর বিষয়ে নিষ্ক্রিয় বা উদাসীন অবস্থান নেওয়ায় এবং কংগ্রেসও কোনো কার্যকর পদক্ষেপ না নেওয়ায় অঙ্গরাজ্য ও শহরের সরকারগুলো এখন এআই নিয়ন্ত্রণের উপায় খুঁজছে। প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প এআই-সংক্রান্ত আশঙ্কাগুলোকে 'প্রতারণা' বা 'ভুয়া' বলে উড়িয়ে দিয়েছেন। গত মাসের শেষের দিকে তিনি একটি চুক্তিতে স্বাক্ষর করেছেন। যেখানে কোম্পানিগুলোর জন্য বেশ কিছু স্বেচ্ছাসেবী পদক্ষেপের কথা বলা হয়েছে। সেখানে মূলত তাদের নিজেদের কার্যক্রম নিজেদেরই তদারকি করার সুযোগ দেওয়া হয়েছে।

কল্পনের সতর্কবার্তার পরপরই শিল্পখাত থেকে এআই-এর গতি কমিয়ে আনার আহ্বান জানানো হয়। অ্যানথ্রোপিকে কর্মরত থাকাকালীন কল্পন খুব একটা পরিচিত প্রকৌশলী ছিলেন না। তবে সোশ্যাল মিডিয়ায় ধারাবাহিক পোস্টের মাধ্যমে চাকরি ছাড়ার ঘোষণা দেওয়ার পর তিনি বিশ্বজুড়ে মনোযোগ আকর্ষণ করেন। তিনি কাউন্সিলকে জানান যে, এআই-এর ব্যাপক ইতিবাচক সম্ভাবনা থাকলেও স্বচ্ছতা ও সুরক্ষা ব্যবস্থা ছাড়া পরিস্থিতি নিয়ন্ত্রণের বাইরে চলে যাওয়ার আশঙ্কাই বেশি।

কল্পন বলেন, "আমার পরিশ্রম বিবেচনায় আমার মনে হয়, মানবজাতি এআই-গুলোর ওপর নিয়ন্ত্রণ হারিয়ে ফেলার সম্ভাবনাই বেশি এবং এর পরিণতিতে মানবজাতির বিলুপ্তিও ঘটতে পারে।" কল্পন পদত্যাগ করার এবং সম্ভাব্য অভাবহ পরিস্থিতির বিষয়ে আশঙ্কা প্রকাশ করার কয়েক দিন পরেই অ্যানথ্রপিকের ডারিও আমোদি, ওপেনএআই-এর স্যাম অল্টম্যান এবং স্পেসএক্স/টেসলার ইলন মাস্কের মতো শীর্ষ কর্মকর্তারা একমত পোষণ করেন যে, এআই-এর (কৃত্রিম বুদ্ধিমত্তা) উন্নয়নের গতি কমিয়ে আনা প্রয়োজন। এআই কোম্পানিগুলো নিরাপত্তার বিষয়টিকে অগ্রাধিকার দেওয়ার জন্য গৃহীত পদক্ষেপগুলোর বিস্তারিত বিবরণ দিয়েছে। তবে পুরো শিল্পখাত জুড়ে সমন্বিতভাবে উন্নয়নের গতি কমানোর ক্ষেত্রে বেশ কিছু বাধা রয়েছে।

সোমবার ম্যানহাটনে আয়োজিত শুনানিতে ওপেনএআই, অ্যানথ্রপিক, গুগল এবং মেটার মতো প্রযুক্তি জায়ান্টগুলোর কর্মীদের একটি প্যানেলও সাক্ষ্য দেয়। তারা কর্মকর্তাদের জানায় যে, তাদের সিস্টেমগুলো ইতিমধ্যেই মানুষের দৈনন্দিন জীবনের মানোন্নয়ন করছে। তারা নিরাপত্তার বিষয়টিতে সর্বোচ্চ গুরুত্ব দিচ্ছে।

অ্যানথ্রপিক এবং ওপেনএআই জানিয়েছে, তাদের প্রযুক্তির ক্ষেত্রে নিয়ন্ত্রণ বা নীতিমালা থাকা প্রয়োজন। শুনানিতে কোম্পানিগুলোর প্রতিনিধিরা কাউন্সিলের কিছু পরামর্শের বিষয়ে ইতিবাচক মনোভাব প্রকাশ করেন।

ওপেনএআই-এর মুখপাত্র ডোয়ার বলেন, "প্রযুক্তির নিরাপদ উন্নয়ন নিশ্চিত করা এবং এর সুফল যাতে ব্যাপকভাবে সবার কাছে পৌঁছায়-এ বিষয়ে আপনাদের প্রতিশ্রুতির সাথে আমিও একমত।" নিউ ইয়র্ক সিটি কাউন্সিলের সদস্যরা এআই কোম্পানিগুলোর কাছে বিপর্যয়কর পরিস্থিতির ঝুঁকির পরিমাণ বা হার জানতে চান।

শুনানির এক পর্যায়ে সিটি কাউন্সিলের শিক্ষার স্থায়ী মেনিন প্রতিটি কোম্পানির প্রতিনিধির কাছে জানতে চান, "সবচেয়ে খারাপ বা বিপর্যয়কর পরিস্থিতিতে এআই-এর কারণে সৃষ্ট ঝুঁকির পরিমাণ বা সম্ভাবনা কতটুকু, তা সংখ্যায় প্রকাশ করুন।" এর জবাবে ডোয়ার বলেন: আমি জানি না-তবে কোনো বিপর্যয়কর ঘটনা ঘটার সম্ভাবনা ১%, ১০% নাকি ২০%-তা খুব একটা গুরুত্বপূর্ণ বলে আমি মনে করি না। এর কোনোটিই কোনোভাবেই গ্রহণযোগ্য নয়। এমন কোনো মডেল আমাদের তৈরি করা উচিত নয়-যার ক্ষেত্রে আমরা অন্তত জোরালোভাবে দাবি করতে পারি না যে, সেটিকে মানুষের নিয়ন্ত্রণে রাখা সম্ভব হবে।

মেনিন এই উত্তরটিকে অত্যন্ত হালকা বা দায়িত্বজ্ঞানহীন" বলে সমালোচনা করেন। ডোয়ার বলেন, 'আমি বলব যে সম্ভাবনার শতাংশ বা হারটি গুরুত্বপূর্ণ নয়। আসল বিষয় হলো নিরাপত্তার প্রতি প্রতিশ্রুতি, এবং ওপেনএআই সেই প্রতিশ্রুতি রক্ষায় বদ্ধপরিকর।'

সিটি কাউন্সিল এআই সংক্রান্ত বেশ কিছু বিধিনিষেধ বা নীতিমালা বিবেচনার মধ্যে রেখেছে। এর মধ্যে রয়েছে-কোম্পানিগুলোর জন্য এআই ট্রেনিং বা সরঞ্জাম সম্পর্কিত তথ্য প্রকাশ বাধ্যতামূলক করা, শহরে এআই সিস্টেম ব্যবহারের ক্ষেত্রে তৃতীয় পক্ষের অনুমোদন নেওয়া এবং আইন লঙ্ঘনকারী এআই কোম্পানিগুলোর কাছ থেকে আদায় করা জরিমানার একটি অংশ 'হুইসেলব্লোয়ার' বা তথ্য ফাঁসকারীদের (যারা অনিয়ম প্রকাশ করেন) প্রদানের ব্যবস্থা রাখা। এর পাশাপাশি, নিউ ইয়র্কের ডেমোক্র্যাট গভর্নর ক্যাথি হোকুল কৃত্রিম বুদ্ধিমত্তা বা এআই এর ক্ষেত্রে প্রতিবেদন দাখিল ও স্বচ্ছতা সংক্রান্ত নীতিমালা প্রবর্তনের উদ্যোগ নিয়েছেন। অন্যান্য অঙ্গরাজ্যের গভর্নররাও একই ধরনের পদক্ষেপ নিচ্ছেন। তবে এ ক্ষেত্রে তাঁদের ক্ষমতা কিছুটা সীমিত, কারণ এআই প্রযুক্তি কেবল একটি অঙ্গরাজ্যের সীমানার মধ্যে সীমাবদ্ধ থাকে না, বরং তা বিভিন্ন অঙ্গরাজ্য এমনকি সারা বিশ্বজুড়ে ছড়িয়ে পড়তে পারে।

অ্যানথ্রোপিক এর প্রতিনিধি গোলাম গ্রাহাম কাউন্সিলকে জানান যে, তাঁদের কোম্পানি 'যৌক্তিক ও কার্যকর নিয়ন্ত্রণ ব্যবস্থা' কে স্বাগত জানায় এবং এ সংক্রান্ত আলোচনা বা নীতিমালা প্রণয়নে সহায়তার ভূমিকা রাখতে আগ্রহী।

তিনি বলেন, "এআই এতটাই শক্তিশালী একটি প্রযুক্তি যে, এর ব্যবস্থাপনায় ভুল হলে ব্যক্তি, প্রতিষ্ঠান এবং জন আস্থার ওপর এর বাস্তব ও গুরুতর প্রভাব পড়তে পারে। তাই ঝুঁকি প্রশমনের বৈজ্ঞানিক ও কার্যকর উপায় বের করতে আমাদের নিরলসভাবে কাজ করে যেতে হবে।"

ভারতে সরকারের বিরুদ্ধে উত্তাল আন্দোলন

৬৪ পৃষ্ঠার পর

নির্বাচনে অনিয়মের অভিযোগে দেশের প্রধান নির্বাচন কমিশনার জ্ঞানেশ কুমারের পদত্যাগের দাবিতে এই আন্দোলন শুরু হয়েছে। তারা প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদিকে ভোট চোর হিসেবে স্লোগানে মুখরিত করে রেখেছে। সংবাদ সংস্থা জানায়, তেলাপোকা জনতা পার্টি (সিজেপি) অভিযোগ করেছে, কর্তৃপক্ষ তাদের অনেক সদস্যকে আটক করেছে। কারণ দলের হাজার হাজার সমর্থক এবং বেশ কয়েকটি ছাত্র গোষ্ঠীর সদস্যরা প্রধান নির্বাচন কমিশনারের পদত্যাগের দাবিতে বিক্ষোভ অব্যাহত রেখেছে।

সিজেপি-নেতৃত্বাধীন সরকার বিরোধী বিক্ষোভের আগে শনিবারের জন্য পরিকল্পিত, হাজার হাজার মানুষ রাজধানী নয়াদিল্লির মনোনীত প্রতিবাদ স্থল যন্তর মন্তরের দিকে যাত্রা করবে বলে আশা করা হচ্ছে। ছাত্র সংগঠন, অনুমোদিত তৃণমূল গোষ্ঠী এবং রাজনৈতিক দলগুলির অন্তত ১০,০০০ লোককে সারা দেশে আটক করা হয়েছে। গ্রেফতারকৃতদের মধ্যে সিজেপির জাতীয় মুখপাত্র দীপক বালিয়ানও রয়েছেন, যাঁকে বৃহস্পতিবার পুলিশ হেফাজতে নেওয়া হয়েছে।

সিজেপি আন্দোলনের সঙ্গে যুক্ত বিরোধী দল ও ছাত্ররা ভোটার তালিকার বিতর্কিত সংশোধনের জন্য প্রধান নির্বাচন কমিশনার জ্ঞানেশ কুমারের পদত্যাগের দাবি জানিয়ে আসছে। তাঁরা অভিযোগ করেন যে, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির ক্ষমতাসীন ভারতীয় জনতা পার্টি (বিজেপি)-কে তাঁর নেতৃত্বাধীন নির্বাচন কমিশন লাভবান করছে।

২০২৬ সালের ৮ই অক্টোবর নয়াদিল্লিতে বিরোধী জোট ইন্ডিয়া ব্লক (ইন্ডিয়ান ন্যাশনাল ডেভেলপমেন্টাল ইনক্লুসিভ অ্যালায়েন্স) দ্বারা দেশের প্রধান নির্বাচন কমিশনার জ্ঞানেশ কুমারের বিরুদ্ধে নির্বাচনী তালিকার বিশেষ নিবিড় সংশোধনের (এসআইআর) অনিয়মের অভিযোগে তাঁর পদত্যাগের আহ্বান জানিয়ে চলমান প্রতিবাদের সময় এক ব্যক্তি ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির পোস্টারের পাশ দিয়ে হেঁটে যাচ্ছেন।

সিজেপি বলেছিল যে আটককৃতদের মধ্যে পুনে শহরের একজন ছাত্র ছিল যারা আইকনিক যন্তর মন্তর অবজারভেটরিতে পরিকল্পিত প্রতিবাদে অংশ নিতে নয়াদিল্লির দিকে যাচ্ছিল। সিজেপি জানিয়েছে, তাদের একটি বাসে করে অজ্ঞাত স্থানে নিয়ে যাওয়া হয়েছে। সিজেপি-র প্রতিষ্ঠাতা অভিজিৎ দিপকে কর্মীদের আটকের একটি ভিডিওসহ একটি পোস্টের জবাবে বলেছিলেন, কেন শুধু জরুরি অবস্থা ঘোষণা করবেন না? প্রতিটি ভোট গুরুত্বপূর্ণ ভারতের নির্বাচন কমিশন এখনও পর্যন্ত ভোটার তালিকা থেকে ১৩ কোটিরও বেশি নাম সরিয়ে দিয়েছে। লক্ষ লক্ষ মানুষ অপসারণের আবেদন করেছে। ২০২৪ সালের নির্বাচনে প্রায় ৯৬৯ মিলিয়ন মানুষ ভোট দেওয়ার যোগ্য ছিল।

বিক্ষোভকারীরা অভিযোগ করেছেন যে এই পরিবর্তনগুলি বিরোধী দলগুলিকে সমর্থনকারী ভোটারদের অসমভাবে সরিয়ে দিয়েছে এবং মোদির দলকে সমর্থন করার সম্ভাবনা বেশি ভোটারদের সংরক্ষণ বা যুক্ত করেছে।

রিপাবলিকান প্রার্থীরা ট্রাম্প থেকে দূরে

৬৪ পৃষ্ঠার পর

তাঁর থেকে দূরত্ব বজায় রাখার ব্যাপক প্রচেষ্টা চালাচ্ছেন।

ভোটিং রেকর্ড, জনসমক্ষে দেওয়া বক্তব্য এবং প্রচারণার নথিপত্র বিশ্লেষণ করে দেখা গেছে, ৩ নভেম্বরের মধ্যবর্তী নির্বাচনের আগে কংগ্রেসের ৬২টি প্রতিদ্বন্দ্বিতাপূর্ণ আসনের মধ্যে ৪১টির প্রার্থীরাই ট্রাম্পের থেকে কিছুটা দূরত্ব বজায় রাখার চেষ্টা করছেন।

প্রার্থীরা মূলত নির্দিষ্ট কিছু বিষয়ে ট্রাম্পের সমালোচনা করেছেন বা ভিন্ন মত পোষণ করেছেন। তবে তাঁরা ট্রাম্পের সামগ্রিক কর্মপরিকল্পনা বা এজেন্ডাকে পুরোপুরি প্রত্যাখ্যান করেননি। এই ফলাফলগুলো ইঙ্গিত দেয় যে, তাঁরা দলের নেতার সাথে সরাসরি সম্পর্ক ছিন্ন না করেই মধ্যপন্থী ভোটারদের আকৃষ্ট করার চেষ্টা করছেন।

নীতিগত মতপার্থক্যই ছিল ভিন্ন অবস্থানের সবচেয়ে সাধারণ কারণ; ৬২টি নির্বাচনী লড়াইয়ের মধ্যে ২৩টিতেই এমনটি দেখা গেছে। ১২টি নির্বাচনী লড়াইয়ে মতপার্থক্যের কেন্দ্রবিন্দু ছিল ইরান-সংক্রান্ত বিরোধ। ঝুঁকিপূর্ণ অবস্থানে থাকা রিপাবলিকানরা হয় ট্রাম্পের যুদ্ধক্ষমতা সীমিত করার পক্ষে ভোট দিয়েছেন। অথবা এমন সংঘাত অবসানের আহ্বান জানিয়েছেন যা জ্বালানির দাম বাড়িয়ে দিয়েছে এবং সাধারণ পরিবারের বাজেটের ওপর চাপ সৃষ্টি করেছে।

ডেটা সেন্টার বা তথ্য প্রক্রিয়াকরণ কেন্দ্র স্থাপন নিয়েও ট্রাম্প ও কিছু রিপাবলিকান প্রার্থীর মধ্যে মতভেদ রয়েছে। রয়টার্স এমন তিনজন প্রার্থীকে চিহ্নিত করেছে যারা প্রতিদ্বন্দ্বিতাপূর্ণ নির্বাচনে লড়ছেন এবং দ্রুত উন্নয়নের পক্ষে প্রেসিডেন্টের সমর্থন থাকা সত্ত্বেও এ ধরনের প্রকল্পের সমালোচনা করেছেন বা তা ধীর করার চেষ্টা করেছেন।

এই পরিবর্তনটি উল্লেখযোগ্য কারণ গত এক দশকে ট্রাম্প রিপাবলিকান পার্টিকে নিজের আদলে গড়ে তুলেছেন। যারা তাঁর অবাধ্য হয়েছে-তা প্রাইমারি নির্বাচনে চ্যালেঞ্জ জানানো, ব্যক্তিগত আক্রমণ বা দলীয় লাইনে আনার জন্য জনচাপ সৃষ্টির মাধ্যমেই হোক-তাদের শাস্তি দিতে তিনি সর্বদা তৎপর থেকেছেন।

রয়টার্সের প্রতিবেদনের বিষয়ে প্রশ্নের জবাবে হোয়াইট হাউসের মুখপাত্র ডেভিস ইংগল প্রশাসনের বিভিন্ন সাফল্যের কথা তুলে ধরেন এবং বলেন, ট্রাম্পই দলের 'অবিসংবাদিত নেতা, সেরা মুখপাত্র এবং অতুলনীয় অনুপ্রেরণাদাতা'।

বিভিন্ন সংবাদমাধ্যম দূরত্ব বজায় রাখার বিচ্ছিন্ন ঘটনাগুলো তুলে ধরলেও, রয়টার্সের এই পর্যালোচনাটিই প্রথম যা প্রতিদ্বন্দ্বিতাপূর্ণ নির্বাচনী লড়াইগুলোতে এই প্রবণতাটি পদ্ধতিগতভাবে পরিমাপ করেছে। এই লড়াইগুলোই নির্ধারণ করবে যে রিপাবলিকানরা কংগ্রেসের কোনো একটি বা উভয় কক্ষের নিয়ন্ত্রণ ধরে রাখতে পারবে কি না।

রয়টার্স/ইপসোস-এর একটি নতুন জনমত জরিপ রিপাবলিকানদের সামনে থাকা চ্যালেঞ্জটিকে স্পষ্ট করেছে। ট্রাম্পের জনপ্রিয়তা বা 'অ্যাপ্রুভাল রেটিং' তাঁর রাজনৈতিক জীবনের সর্বনিম্ন ৩২ শতাংশেই আটকে আছে। অন্যদিকে মধ্যবর্তী নির্বাচনের আগে নিবন্ধিত ভোটারদের মধ্যে রিপাবলিকানদের চেয়ে ডেমোক্র্যাটদের প্রতি সমর্থন বেশি (৩৭ শতাংশের বিপরীতে ৪৪ শতাংশ)। স্বতন্ত্র ভোটারদের মধ্যেও ডেমোক্র্যাটরা এগিয়ে ছিল (২১ শতাংশের বিপরীতে ৩৭ শতাংশ)।

রয়টার্স ট্রাম্পের সাথে সম্পর্ক বা সম্পৃক্ততা কমিয়ে দেখানোর একটি ব্যাপক প্রচেষ্টাও লক্ষ্য করেছে: অন্তত এক ডজন প্রার্থী তাঁদের নির্বাচনী প্রচারণার ওয়েবসাইট থেকে ট্রাম্পের নাম, ছবি বা তাঁর দেওয়া সমর্থনসূচক বার্তা (এন্ডোর্সমেন্ট) সরিয়ে ফেলেছেন-যাদের অধিকাংশই দলের মনোনয়ন নিশ্চিত করার পর এমনটি করেছেন।

অন্যরা আরও কৌশলী বা সূক্ষ্ম পথ বেছে নিয়েছেন: যেমন-ট্রাম্পের কোনো অনুষ্ঠানে অংশ না নেওয়া কিংবা তিনি তাঁদের হয়ে প্রচারণা চালাবেন কি না, সে বিষয়ে কোনো মন্তব্য করতে অস্বীকৃতি জানানো।

নির্বাচনের আগে কোনো অজনপ্রিয় প্রেসিডেন্টের কাছ থেকে প্রার্থীদের দূরত্ব বজায় রাখার বিষয়টি অস্বাভাবিক নয়। ২০১৪ এবং ২০২২ সালের নির্বাচনে ডেমোক্র্যাটরাও একই ধরনের কৌশল অবলম্বন করেছিল।

রিপাবলিকান কৌশলবিদ রন বনজিন বলেন, '(প্রার্থীরা) এই নির্বাচনী লড়াইগুলোতে ভোটারদের মনোভাবেরই প্রতিফলন ঘটাচ্ছেন। ভোটাররা যদি ট্রাম্পের পক্ষে না থাকেন, তবে প্রার্থীদেরও তাঁর সাথে দূরত্ব বা বিচ্ছেদের বিষয়টি দেখাতে হবে। নির্বাচনী প্রচারণার উপদেষ্টারা ব্যক্তিগতভাবে রয়টার্সকে জানিয়েছেন যে, নিরপেক্ষ ভোটারদের আকৃষ্ট করার জন্য প্রার্থীদের উচিত ট্রাম্পের সাথে তাদের ঘনিষ্ঠতা কিছুটা কমিয়ে আনা। তবে প্রকাশ্যে তাঁরা এই কৌশল পরিবর্তনের বিষয়ে ওঠা সমালোচনাকে গুরুত্ব দেননি। (সূত্র-রয়টার্স)

হাসিনার ফেরা নিয়ে গোলকধাঁধা

৬৪ পৃষ্ঠার পর

মানুষ তার সঙ্গে ভিন্নমত পোষণ করেন।

প্রধানমন্ত্রী তারেক রহমানের ভারত সফরের আমন্ত্রণ জানানো হয়েছে। গত আগস্টেই তিনি ভারত সফরে যাবেন বলে একটা রব উঠেছিলো। প্রকৃতপক্ষে, তারেক রহমান ভারত সফরে যাবার আগে কিছু বিষয়ের নিষ্পত্তি চাইছেন। শেখ হাসিনাকে ভারত থেকে বাংলাদেশের কাছে ফেরত দেবার দাবি রয়েছে। কিন্তু তিনি মৃত্যুদণ্ডে দণ্ডিত থাকায় ভারত কিছুতেই তাকে বাংলাদেশের কাছে ফেরত দেবে না। এটা অনুমান করেই অনেকটা রাজনৈতিক দাবি হিসাবে তাকে ফেরত চাওয়া হচ্ছে। তবে বাংলাদেশ সরকারের আন্তরিক চাওয়া বিষয়গুলোর একটি হলো, শেখ হাসিনা যেন ভারতে রাজনৈতিক কর্মকাণ্ড পরিচালনা করতে না পারেন। এক্ষেত্রে, গত ৫ই আগস্ট শেখ হাসিনাকে দিল্লিতে অডিও'র মাধ্যমে দিল্লিতে সংবাদ সম্মেলন করতে দেবার পর ভারতের সঙ্গে বাংলাদেশের সম্পর্ক মারাত্মক খারাপ আকার ধারণ করে। এরই পরিপ্রেক্ষিতে ভারত কিছুটা সংশোধনের পদক্ষেপ নিয়েছে।

গত ২৯ আগস্ট আওয়ামী লীগ দিল্লিতে ফরেন করেসপন্ডেন্ট ক্লাবে একটি অনুষ্ঠান করতে চেয়েছিলো। কিন্তু সেই অনুষ্ঠান করার কোনও অনুমতি পায়নি। তারপর দিল্লিতে শেখ হাসিনার সভাপতিত্বে আওয়ামী লীগের ওয়ার্কিং কমিটির বৈঠক করার কথা ছিলো। কিন্তু ভারত সরকার তারও অনুমতি দেননি। এছাড়াও, ভারতের বিভিন্ন শহর থেকে যে আওয়ামী লীগের যে সকল নেতারা দিল্লি গিয়েছিলেন ওয়ার্কিং কমিটির বৈঠকে যোগ দেবার জন্যে তাদেরকে বিমানে উঠতে দেয়নি ভারত। বিমানে ওঠার জন্যে কিছু ডকুমেন্টের প্রয়োজন হয়। এসব ডকুমেন্ট আওয়ামী লীগ নেতাদের কাছে নেই। কারণ তারা অবৈধভাবে ভারতে বাস করছেন। ভারত সরকার এটা জেনেও অনেকটা মানবিকভাবে তাদের আশ্রয় দিয়েছে। তারা ট্রেনে করে যে শহরে যাবার সেই শহরে গিয়েছেন।

ভারত সরকারের এসব পদক্ষেপে বাংলাদেশের তারেক রহমানের সরকার সন্তুষ্ট। ফলে উভয় দেশের কর্মকর্তারা প্রধানমন্ত্রী তারেক রহমানের ভারত সফর নিয়ে কাজ করছে। এক্ষেত্রে, বাংলাদেশের সবচেয়ে বড় চাওয়া হলো, গঙ্গার পানিবণ্টনে নতুন একটি চুক্তি করা। বাংলাদেশ ও ভারতের মধ্যে ৫৪টি অভিন্ন নদী থাকলেও কেবল গঙ্গার পানিবণ্টনে চুক্তি রয়েছে। ১৯৯৬ সালের ১২ই ডিসেম্বর এই চুক্তি সই হয়েছিলো। চলতি ২০২৬ সালের ডিসেম্বরে ৩০ বছর মেয়াদি চুক্তির মেয়াদ শেষ হবে।

পানিসম্পদ মন্ত্রী শহিদ উদ্দিন চৌধুরী অ্যানি বলেছেন, ১৯৭৭ সালে প্রেসিডেন্ট জিয়াউর রহমানের আমলে ভারতের সঙ্গে গঙ্গার পানিবণ্টনে পাঁচ বছর মেয়াদি যে চুক্তি হয়েছিলো সেই রকম চুক্তি করবে বাংলাদেশ। ১৯৯৬ সালে সম্পাদিত গঙ্গার পানিবণ্টন চুক্তিতে কোনও গ্যারান্টি ক্লজ নেই। তাই আমরা নতুন চুক্তি চাই। পুরনো চুক্তি চাই না।

সংশ্লিষ্ট সূত্র মতে, ভারতও নতুন চুক্তিই চায়। কারণ পুরনো চুক্তি মোতাবেক এখন আর গঙ্গায় পানি পাওয়া সম্ভব নয়। বিহার ২০৫০ সালের মধ্যে বিহারে আরও ২০ হাজার কিউসেক অতিরিক্ত পানি চাইছে। পশ্চিমবঙ্গের পানির চাহিদা বাড়ছে। ফলে বাংলাদেশের সঙ্গে পানিবণ্টনের আলোচনায় বিহার ও পশ্চিমবঙ্গকে অন্তর্ভুক্তির দাবি রয়েছে।

নোবেল বিজয়ী ড. মুহাম্মদ ইউনূসের নেতৃত্বাধীন অন্তর্বর্তি সরকারের আমলে বাংলাদেশের বিরুদ্ধে ভারত মোট আটটি নিষেধাজ্ঞা আরোপ করেছে। এসব নিষেধাজ্ঞা প্রত্যাহারের অনুরোধ রয়েছে। এছাড়াও, বাণিজ্য, জ্বালানিসহ বিভিন্ন খাতে উইন উইন সহযোগিতার শর্ত বাংলাদেশের রয়েছে।

প্রধানমন্ত্রী তারেক রহমানের সরকারের সঙ্গে ভারতের সম্পর্ক অনেক ভাল। ভেতরে ভেতরে দুই দেশের মধ্যে অনেক যোগাযোগ হচ্ছে। এমন বাস্তব অবস্থার মধ্যে ভারত কিছুতেই শেখ হাসিনাকে সীমান্তে ছেড়ে দিয়ে যাবে এমনটা মনে হয় না। বরং ভারত যদি শেখ হাসিনাকে সীমান্ত দিয়ে ঠেলে বাংলাদেশে পাঠায় তা শুধু দ্বিপক্ষীয় সম্পর্ক ক্ষতিগ্রস্ত করবে এমন নয়; বরং শেখ হাসিনার নিরাপত্তার জন্যেও ক্ষতিকর। সীমান্ত থেকেই তাকে গ্রেফতার করে হেলিকপ্টারে নিয়ে যাওয়ার পরিকল্পনা নিরাপত্তা বাহিনীর থাকা স্বাভাবিক।

বর্তমান পরিস্থিতিতে রাজনৈতিক সমঝোতা ছাড়া শেখ হাসিনার দেশে ফেরা প্রায় অসম্ভব। এমন ক্ষেত্রে, শেখ হাসিনার ডিসেম্বরের ডেডলাইন যদি আব্দুল জলিলের ট্রাম্প কার্ডের মতো সেফুন ফুটো হয়ে যায়; তবে রিফাইন্ড আওয়ামী লীগ গঠনের আলোচনা ফের উঠতে পারে। ক্লিন ব্যক্তিদের নিয়ে দলের কার্যক্রম পরিচালনা করলে আওয়ামী লীগের কর্মকাণ্ডের ওপর থেকে নিষেধাজ্ঞা প্রত্যাহারের একটি আলোচনা আগে থেকেই ছিল। শেখ হাসিনা রাজনীতি থেকে অবসরে যেতে রাজি না হওয়ায় ভারতের মধ্যস্থতার ওই আলোচনা থেমে যায়। শেখ হাসিনার ডিসেম্বরের ডেডলাইন ব্যর্থ হলে রিকনসিলেশনের নামে ফের রিফাইন্ড আওয়ামী লীগ গঠনের প্রক্রিয়া ফের আলোচনায় আনতে পারে।

আমেরিকায় স্থায়ীভাবে বসবাসের ব্যাপারে ফ্রি পরামর্শ

B1/B2 সহ অন্য যে-কোন নন-ইমিগ্রান্ট ভিসায় আগতদের স্বপরিবারে আমেরিকায় বসবাসের জন্য রয়েছে অনেক সুযোগ

- ব্যাবসায়ী ও কর্পোরেট প্রফেশনালদের জন্য আছে L1A বা E2 ভিসা নিয়ে স্বপরিবারে আমেরিকায় বসবাস ও ভবিষ্যতে গ্রীনকার্ডের সুযোগ

- Small ইনভেস্টরদের জন্য আছে সহজেই অল্প বিনিয়োগে আমেরিকান franchise ক্রয়ের মাধ্যমে E2 ভিসা নিয়ে স্বপরিবারে আমেরিকায় বসবাস ও ভবিষ্যতে গ্রীনকার্ডের সুযোগ

- বিপদগ্রস্থ পলিটিশিয়ান ও এন.জি.ও কর্মীদের জন্য পলিটিকাল এসাইলামের আবেদন করে ৬ থেকে ৮ মাসের মধ্যে সোশাল সিকিউরিটি ও ওয়ার্ক পারমিট সহ বসবাসের সুযোগ

স্বনামধন্য আমেরিকান Lawyer এর মাধ্যমে VISA/Case প্রসেস করে থাকি

Member of

FRANCHISE BROKER ACADEMY

FRANCHISE | L1A VISA | E2 VISA | POLITICAL ASYLUM

Captor USA, Inc.

Franchise & Business Consulting Firm

37 16 73rd street, Suite: 402, Jackson Heights, NY 11372.

Phone: +1 (718) 433 9001, +1 (718) 433 9002; Fax: +1 (718) 744 9590

Cell: (201) 456-3103, Email: captor.usa@gmail.com, iftekhar.cml@gmail.com

হটলাইন : +১ ৭১৮ ৪৩৩ ৯০০১

সপ্তাহে ৭ দিনই খোলা

TUITION FREE TAX SCHOOL*

লিবার্টি ট্যাক্স স্কুল

BECOME A TAX PROFESSIONAL

Complete our Income Tax Course

and Join America's Fastest Growing Tax Preparation Company for the Upcoming Tax Season.

The Tuition Fee is Free but the cost of books and materials varies on Schedule & Location

- Day and Evening Classes are available for your convenience.

PLEASE CONTACT : (718) 297-3500

147-20 Hillside Ave, 2nd Floor, Jamaica NY 11435

Email: libertytaxschool101@gmail.com

(আল আকসা রেস্টুরেন্টের উল্টো দিকে)

(One Block East From Sutphin Blvd on the corner of Hillside Ave Train Station, Close by F & E Train)

MONIR SECURITY TRAINING SCHOOL

37-22 73 Street Suite # 1C
Jackson Heights, NY 11372

347-659-8842

7 DAYS OPEN

আমাদের আছে ঃ

1. 8 Hours Pre-Assingnment Class (for New License)
2. 8 Hours Annual Class (Every Year)
3. 16 Hours OJT Class (for New License)

KARNAFULLY TRAVEL INC.

বিশেষ সুবিধা:
মহিলাদের জন্য আলাদা মহিলা গাইডের সুব্যবস্থা রয়েছে।

এক্সক্লুসিভ ওমরাহ প্যাকেজ
নভেম্বর ২০২৬

ভ্রমণ তারিখ

জেএফকে - জেদ্দা	মদিনা - জেএফকে	মোট দিন
৪ নভেম্বর	১৪ নভেম্বর	৯ দিন (২টি জুম্মা - মক্কা ও মদিনায়)

প্যাকেজে অন্তর্ভুক্ত:

- বিমান টিকিট (যাতায়াত)
- ভিসা
- ৫-তারকা হোটেল হারাম শরীফের কাছে (ক্লক টাওয়ারে) ভিআইপি নাস্তার ব্যবস্থা।
- লাক্সারি বাসে সম্পূর্ণ স্থল পরিবহন (বিমানবন্দর থেকে বিমানবন্দর)
- গাইডের সাথে উমরাহ পালন
- মক্কা ও মদিনার ঐতিহাসিক ও ধর্মীয় স্থান ভ্রমণ (গাইড সহ)।
- মক্কা তায়েফ এবং মদিনা ওয়াদি-ই-জ্বিন অতিরিক্ত ভ্রমণ।
- মহিলাদের জন্য আলাদা মহিলা গাইডের সুব্যবস্থা আছে।
- রাওদার পারমিট পেতে সহায়তা করা হয়।

প্রতি রুমে ৪ জন

KARNAFULLY TRAVEL INC.
37-16 73rd St. Suite #201 FR, Jackson Heights, NY 11372

facebook Karnafully Hajj & Umrah service

Office : 718-205-6050
Celll & WhatsUp : 917 691 7721
Celll & WhatsUp : 646 724 5933 (MINU)

karnafullytravel@yahoo.com | www.karnafullytravel.com

বিংহ্যামটনে মিউজিক্যাল নাইট ১১ অক্টোবর

৩ পৃষ্ঠার পর

কাটাবেন। চলচ্চিত্র তারকাদের পাশাপাশি মঞ্চ মাতাবেন জনপ্রিয় সংগীতশিল্পী রিজিয়া পারভিন ও কামরুজ্জামান বকুল। তাদের পরিবেশনায় অনুষ্ঠানে যোগ হবে ভিন্ন মাত্রার সংগীতের আবহ।

অনুষ্ঠানের হোস্টের হিসেবে দায়িত্ব পালন করবেন শারমিনা সিরাজ সোনিয়া, যিনি পুরো অনুষ্ঠানটি প্রাণবন্তভাবে উপস্থাপন করবেন। আয়োজকদের পক্ষ থেকে জানানো হয়েছে, শুধু আমন্ত্রিত তারকারাই নন, অনুষ্ঠানে স্থানীয় শিল্পীরাও সংগীত পরিবেশন করবেন। ফলে এটি হবে প্রবাসী বাংলাদেশি শিল্পী ও সাংস্কৃতিক কর্মীদের অংশগ্রহণে একটি বড় ধরনের কমিউনিটি সাংস্কৃতিক আয়োজন।

'মিউজিক্যাল নাইট ও ফল ফেয়ার' নামের এই আয়োজনে সংগীতের পাশাপাশি থাকছে ফল ফেয়ার। দর্শনার্থীরা অনুষ্ঠান উপভোগের পাশাপাশি বাংলাদেশি খাবার, পোশাক ও বিভিন্ন পণ্য কেনাকাটার সুযোগ পাবেন। ফুড কর্নারে থাকবে বিভিন্ন ধরনের বাংলাদেশি খাবার। এছাড়া থাকবে ফ্যাশন স্টল, যেখানে বিভিন্ন ধরনের পোশাক ও ফ্যাশন সামগ্রী প্রদর্শন ও বিক্রির ব্যবস্থা থাকবে। অনুষ্ঠানে দর্শকদের জন্য থাকছে বিশেষ 'লাকি সেভেন র‍্যাফেল ড্র', যা অনুষ্ঠানের অন্যতম আকর্ষণ হিসেবে দর্শকদের মধ্যে বাড়তি উৎসাহ সৃষ্টি করবে।

আয়োজকদের পক্ষ থেকে জানানো হয়েছে, অনুষ্ঠানে প্রবেশ সম্পূর্ণ বিনামূল্যে। পরিবার-পরিজন ও বন্ধুদের নিয়ে সবাইকে অনুষ্ঠানে অংশগ্রহণের জন্য আমন্ত্রণ জানানো হয়েছে। আয়োজকদের প্রত্যাশা, বৃহত্তর বিংহ্যামটন ও আশপাশের এলাকার প্রবাসী বাংলাদেশিদের পাশাপাশি অন্যান্য কমিউনিটির মানুষও এই অনুষ্ঠানে অংশগ্রহণ করবেন। অনুষ্ঠানে ফুড স্টল ও ফ্যাশন স্টল দেওয়ার ব্যবস্থা রাখা হয়েছে। যারা বাণিজ্যিকভাবে অংশ নিতে চান, তারা আয়োজকদের সঙ্গে যোগাযোগ করে স্টল বুক করতে পারবেন।

আয়োজক সংস্থার পক্ষ থেকে জানানো হয়েছে, এই আয়োজনের মূল লক্ষ্য শুধু বিনোদন নয়-প্রবাসী বাংলাদেশিদের মধ্যে পারস্পরিক যোগাযোগ ও সাংস্কৃতিক বন্ধন আরও শক্তিশালী করা। সংগীত, চলচ্চিত্র, খাবার, ফ্যাশন ও কমিউনিটি কার্যক্রমের সমন্বয়ে অনুষ্ঠানটিকে একটি পারিবারিক মিলনমেলায় পরিণত করার পরিকল্পনা রয়েছে। সব মিলিয়ে ভেস্টাল ও বৃহত্তর বিংহ্যামটন এলাকার প্রবাসী বাংলাদেশিদের জন্য একটি স্মরণীয় সাংস্কৃতিক সন্ধ্যা হয়ে উঠবে।

সাসপেন্ড বাংলাদেশি পুলিশ আতিক

১ পৃষ্ঠার পর

ফেডারেল আদালতে আতিকুল ইসলাম নিজ দোষ স্বীকার করেছেন। দোষী প্রমাণিত হলে ৩ বছরের জেল জরিমানা হতে পারে। বর্তমানে আতিক পুলিশ ডিপার্টমেন্টের চাকুরী থেকে সাসপেন্ডে রয়েছেন।

৩০ বছর বয়সী আতিকুল ইসলাম ২৯ মার্চ, ২০২৫-এ পাঠানো কিছু টেক্সট মেসেজের মাধ্যমে নিজের পুলিশি ক্যারিয়ার এবং সম্ভবত নিজের স্বাধীনতাও বিসর্জন দিয়েছেন। ওই মেসেজগুলোতে তিনি প্রথমে ওই নারীকে 'ইমিগ্রেশন অ্যান্ড কাস্টমস এনফোর্সমেন্ট' (আইস পুলিশ)-এর কাছে রিপোর্ট করার হুমকি দেন। পরে নিজেকে সংস্থাটির নিউ ইয়র্ক ফিল্ড অফিসের পরিচালক হিসেবে দাবি করেন। আইন প্রয়োগকারী সংস্থার সূত্র জানিয়েছে, ওই নারী তার প্রেমের প্রস্তাব প্রত্যাখ্যান করেছিলেন।

ফেডারেল কৌঁসুলিরা বুধবার ৩০ সেপ্টেম্বর জানান, তিনি নিজের ব্যক্তিগত ফোন ব্যবহার করে ওই নারীকে লিখেছিলেন, 'আইস পুলিশ এসে তোমাকে ও তোমার পরিবারকে নিয়ে যাবে এবং তোমরা সারাজীবন কষ্টে বা দরিদ্র অবস্থায় কাটাবে।' কৌঁসুলিদের তথ্যমতে, এরপর তিনি অন্য একটি নম্বর থেকে টেক্সট পাঠিয়ে নিজেকে জেমস ডব্লিউ. অ্যান্ডারসন নামের একজন আইস কর্মকর্তা হিসেবে দাবি করেন। তিনি ওই নারী ও তার পরিবারকে ১৫ এপ্রিলের মধ্যে নিউ ইয়র্ক সিটিতে অবস্থিত আইস-এর একটি কার্যালয়ে হাজির হওয়ার নির্দেশ দেন এবং অন্যথায় আইনি পদক্ষেপ ও কঠোর ব্যবস্থা গ্রহণের হুমকি দেন। সহকারী ইউ.এস. অ্যাটর্নি র‍্যাচেল নোবল আদালতে নিশ্চিত করেছেন যে, ভুক্তভোগী নারী একজন ইমিগ্র্যান্ট। সামাজিকতার স্বার্থে তার পরিচয় প্রকাশ করা হয়নি। তবে দায়িত্বশীল একটি সূত্র প্রতিবেদককে বলেন, ঐ নারী ও তার পরিবার বাংলাদেশি প্রবাসী।

ইউ.এস. অ্যাটর্নি জোসেফ নোসেলা বৃহস্পতিবার বলেন, 'আইন মেনে চলা এবং নিজ সম্প্রদায়ের মানুষের সেবা করার পরিবর্তে, আতিকুল ইসলাম মিথ্যা ও নির্বাসনের (ডিপোর্টেশন) হুমকি ব্যবহার করে ব্যক্তিগত জীবনের এক নারীর ওপর প্রতিশোধ নেওয়ার চেষ্টা করেছিলেন। 'আমরা আশা করি যে কোনো পদমর্যাদার আইন প্রয়োগকারী কর্মকর্তা সততা ও নিষ্ঠার সাথে দায়িত্ব পালন করবেন। আজকের দোষ স্বীকারোক্তির মাধ্যমেই এটি স্পষ্ট যে, ব্যক্তিগত আক্রোশ মেটাতে ফেডারেল আইন প্রয়োগকারী সংস্থার ক্ষমতার অপব্যবহার বা হুমকির আশ্রয় নেওয়া কোনো কর্মকর্তাকেই আমাদের দপ্তর বরদাস্ত করবে না।'

ব্রুকলিনের বাসিন্দা বাংলাদেশি আতিকুল ইসলাম 'জন জে কলেজ' থেকে ক্রিমিনাল জাস্টিস বা ফৌজদারি বিচার ব্যবস্থায় স্নাতকোত্তর ডিগ্রি অর্জন করেন। তিনি ২০১৮ সালে নিউইয়র্ক পুলিশ ডিপার্টমেন্টে যোগ দেন এবং ২০২৩ সালে সার্জেন্ট পদে উন্নীত হন। (তথ্যসূত্র-ডেইলি নিউজ)।

কমিউনিটির মুখোশ উন্মোচন

১ পৃষ্ঠার পর

মিলতো এই খোকনের। খামারবাড়ি গ্রোসারী ও নবান্ন রেষ্টুরেন্ট সংলগ্ন অবকাশ স্টোরে কাজ করতেন তিনি। রাজনীতির সাথেও জড়িত ছিলেন। যুক্তরাষ্ট্র শ্রমিক লীগের সভাপতি।

গত ৫ দিন নিখোঁজ থাকার পর তার লাশ পাওয়া যায় মর্গে। ৫ দিন পর আওয়ামী লীগ সভাপতি ড. সিদ্দিকুর রহমান বুধবার জামাইকা হাসপাতালে টেলিফোন করলে খোকনের সন্ধান মেলে। আজ শুক্রবার বাদ জুম্মা তার নামাজে জ্যাকসন হাইটসের জাইতরানিটি প্লাজায় অনুষ্ঠিত হবে। সন্ধ্যায় মরদেহের লাশ বাংলাদেশে পাঠানো হবে।

বাংলাদেশ সোসাইটির উদ্যোগ : বাংলাদেশ সোসাইটি মরদেহের ফিউনারেল খরচ ও বাংলাদেশে প্রেরণের খরচ বহন করছে। যুক্তরাষ্ট্র আওয়ামী লীগের সভাপতি ড. সিদ্দিকুর রহমান প্রতিবেদককে বলেন, সোসাইটি খোকনের জন্য এগিয়ে এসেছে। এ জন্য ধন্যবাদ। আমরা দলীয়ভাবে কিছু অর্থ সংগ্রহ করে দেশে তার পরিবারের কাছে পাঠানোর চিন্তা করছি।

নিউইয়র্ক সিটিই বিশ্বের শীর্ষ শহরের মর্যাদায়

১ পৃষ্ঠার পর

তা ২০২৬ গ্লোবাল সিটিস ইনডেক্স-এ শীর্ষে উঠে এসেছে। এই সূচকে নিউ ইয়র্ক লন্ডন ও প্যারিসকে পেছনে ফেলেছে। এই শহর দুটি যথাক্রমে দ্বিতীয় ও তৃতীয় স্থান অর্জন করেছে।

অক্সফোর্ড ইকোনমিক্স অর্থনীতি, মানবসম্পদ (হিউম্যান ক্যাপিটাল), জীবনযাত্রার মান, পরিবেশ এবং শাসনব্যবস্থা-এই বিষয়গুলোর ভিত্তিতে শহরগুলোকে মূল্যায়ন করে একটি সামগ্রিক স্কোর প্রদান করে। নিউ ইয়র্ক সামগ্রিক স্কোরে পূর্ণ ১০০.০ পয়েন্ট অর্জন করেছে। যা অর্থনীতি বিষয়ক ক্যাটাগরিতে তার প্রথম স্থান অর্জনের সাথে সামঞ্জস্যপূর্ণ।

শহরটির মানবসম্পদ স্কোর ছিল ৮৯.৫। এটি শহরের শক্তিশালী মেধাসম্পদ, বিশ্ববিদ্যালয়, কর্মীবাহিনী এবং দক্ষ কর্মী আকর্ষণের সক্ষমতাকে প্রতিফলিত করে। পাশাপাশি, জীবনযাত্রার মানের ক্ষেত্রে নিউ ইয়র্ক ৮০.৮ স্কোর পেয়েছে। এই মানদণ্ডটি সামগ্রিক সুস্থতা, আয়, স্বাস্থ্যগত ফলাফল, নাগরিক সুযোগ-সুবিধা এবং বসবাসের উপযুক্ততা বা 'লিভেবিলিটি'-র মতো বিষয়গুলোকে অন্তর্ভুক্ত করে।

পরিবেশগত মানদণ্ডে শহরটি ৭২.৮ স্কোর অর্জন করেছে। এই স্কোরের মাধ্যমে মেট্রোপলিটন এলাকার পরিবেশের গুণমান, স্থায়িত্ব, সহনশীলতা এবং জলবায়ু-জনিত ঝুঁকির বিষয়টি পরিমাপ করা হয়েছে। শাসনব্যবস্থা বা 'গভর্ন্যান্স'-এর ক্ষেত্রে নিউ ইয়র্ক ৭৫.৭ স্কোর পেয়েছে, যা বিভিন্ন প্রতিষ্ঠানের প্রাতিষ্ঠানিক শক্তি, নিয়ন্ত্রক কাঠামোর গুণমান, স্থিতিশীলতা এবং সরকারি কার্যকারিতাকে তুলে ধরে। অক্সফোর্ড ইকোনমিক্সের মতে, নিউ ইয়র্কের এই শীর্ষ অবস্থানের পেছনে প্রধান কারণ হলো এর বিশাল অর্থনীতি এবং শক্তিশালী শ্রমবাজার। শহরটির মেট্রোপলিটন অর্থনীতি বিশ্বের বৃহত্তম। এর আকার টোকিও এবং লস অ্যাঞ্জেলেসের অর্থনীতির সম্মিলিত আকারের প্রায় দ্বিগুণ।

অর্থনৈতিক বিশালতার পাশাপাশি, নিউ ইয়র্ক করপোরেট সদর দপ্তর, বিখ্যাত বিশ্ববিদ্যালয়, বৈচিত্র্যময় শিল্পখাত এবং বিশ্বজুড়ে দক্ষ কর্মী আকর্ষণের শক্তিশালী সক্ষমতার সুফল ভোগ করে। অক্সফোর্ড ইকোনমিক্স আরও উল্লেখ করেছে যে, ২০২৬ সালের এই বৈশ্বিক র‍্যাঙ্কিংয়ের শীর্ষ স্থানগুলোতে ইউরোপীয় ও উত্তর আমেরিকান শহরগুলোর আধিপত্য রয়েছে। শীর্ষ আন্তর্জাতিক নগরকেন্দ্রগুলোর মধ্যে লন্ডন, প্যারিস, ডাবলিন এবং টোকিও-র পাশাপাশি যুক্তরাষ্ট্রের সাতটি শহর বিশ্বের শীর্ষ দশের তালিকায় স্থান করে নিয়েছে।

নিউ ইয়র্ক অর্থনৈতিক শক্তির পাশাপাশি মানবসম্পদ, জীবনযাত্রার মান, পরিবেশগত কর্মক্ষমতা এবং শাসনব্যবস্থার মতো বিষয়গুলোর সমন্বয়ে গঠিত এই সামগ্রিক মূল্যায়নে শ্রেষ্ঠত্ব প্রমাণ করেছে। এই সূচকটি ব্যবসা প্রতিষ্ঠান, সরকার এবং বিনিয়োগকারীদের জন্য বিশ্বব্যাপী প্রধান শহরে অর্থনীতি ও সেগুলোর সম্ভাবনা তুলনামূলকভাবে যাচাই করার একটি আদর্শ কাঠামো প্রদান করে। অক্সফোর্ড ইকোনমিক্স এই র‍্যাঙ্কিংকে 'ভবিষ্যৎ-মুখী' হিসেবে অভিহিত করেছে। কারণ এতে শহরগুলোর ভবিষ্যৎ সম্ভাবনা ও চ্যালেঞ্জ মূল্যায়নের জন্য আদর্শ গুণগত উপাত্তের পাশাপাশি পূর্বাভাসও ব্যবহার করা হয়েছে।

নিউ ইয়র্কের শীর্ষস্থান অর্জন বিশ্ব অর্থনীতিতে এর শক্তিশালী অবস্থানকে আরও সুদৃঢ় করেছে। যেখানে অর্থ, সংস্কৃতি ও ব্যবসার ক্ষেত্রে শহরটির ব্যাপক প্রভাব রয়েছে। ৯৮.৮ স্কোর নিয়ে লন্ডন খুব কাছাকাছি ব্যবধানে দ্বিতীয় স্থানে রয়েছে এবং ৯৩.৪ পয়েন্ট নিয়ে প্যারিস বিশ্বব্যাপী তৃতীয় স্থান অধিকার করেছে। এই মুখ হারাতে পারে না!

কাজি আজিজুল হক খোকন। হারিয়ে যেতে পারেন না এই মুখ। কমিউনিটির অত্যন্ত পরিচিত মুখ। নিউইয়র্কের জ্যাকসন হাইটসে গেলে দেখা মিলতো এই খোকনের। খামারবাড়ি গ্রোসারী ও নবান্ন রেষ্টুরেন্ট সংলগ্ন অবকাশ স্টোরে কাজ করতেন তিনি। রাজনীতির সাথেও জড়িত ছিলেন। আওয়ামী লীগের নেতা ও যুক্তরাষ্ট্র শ্রমিক লীগের সভাপতি তিনি। গত ৩ দিন ধরে নিখোঁজ। কিউ গার্ডেনের বাসায় একা থাকতেন। যুক্তরাষ্ট্রে বাস করেন ৩০ বছর ধরে। দুর্ঘটনাজনক হলেও এখনও কাগজ হয়নি। শারীরিকভাবেও কিছুটা অসুস্থ। স্থানীয় পুলিশ দরজা ভেঙে তার বাসায় প্রবেশ করেও পায়নি। আওয়ামী লীগের উপদেষ্টা ডা. মাসুদুজ্জামান বিভিন্ন হাসপাতালেও খবর নিয়েছেন। পাওয়া যায়নি কোন সন্ধান। এতে যুক্তরাষ্ট্র আওয়ামী লীগের নেতাকর্মীরা উদ্বিগ্ন। সংগঠনটির প্রচার সম্পাদক প্রতিবেদককে তার নিখোঁজ হবার বিষয়টি নিশ্চিত করেছেন। অনেকেই সন্দেহ পোষণ করছেন আইস পুলিশের হাতে খোকন গ্রেফতার হলো কিনা। যুক্তরাষ্ট্র আওয়ামী লীগের সভাপতি ড. সিদ্দিকুর রহমান প্রতিবেদককে বলেন, কিছুক্ষণ আগে শুনেছি। আমি নিউইয়র্কের জ্যাকসন হাইটস যাচ্ছি। সব ধরনের খোঁজ খবর নেব।

খোকন প্রায় ৩০ বছর আগে আমেরিকায় এসেছিলেন। ৩ দিন ধরে কাজেওযান না। অবকাশ স্টোরের মালিক রানার সাথে যোগাযোগ করে পাওয়া যায়নি। অনেকেই বলছেন, আইস রানাকে গ্রেফতার করতে পারে।

রেনোভেশন/রিপিয়ার/কনস্ট্রাকশন

আপনি কি বাসা-বাড়ির কাজের জন্য লোক খুঁজছেন?
আমরা আপনাকে সহযোগিতা করতে পারি।

আমরা Binghamton
এ কাজ করে থাকি

আমাদের কাজসমূহঃ

* গরম পানির ট্যাঙ্ক ইনস্টলেশন/ মেরামত
* যে কোন প্রকার প্লাম্বিলিংয়ের কাজ/বাথরুম/কিচেন/অন্যান্য
* যে কোন প্রকার টাইলসের কাজ/নতুন ইনস্টলেশন/রিপ্লেস/ রেনোভেশন
* নতুন বাথরুম ইনস্টলেশন/রিপিয়ার
* কার্পেটিং/নতুন রুম/এক্সটেনশন
* ড্রাই ওয়াল/পেইন্ট/রি-পেইন্ট
* ব্যাকইয়ার্ড/ডক/বারান্দা/ছাদ
* উড ফ্লোর/পলিশ/নতুন ইনস্টলেশন/ক্লিনিং
* অয়েল হিটিং সিস্টেম পুরনোটি রিপ্লেস এবং নতুন থার্মাল ইনস্টলেশন।

Free
ইস্টিমেট করা
হয়ে থাকে

যোগাযোগঃ

WOVENA CONSTRUCTION INC
172-11, 93 Ave, Jamaica, NY 114333
Phone: 347-822-9052, 716-828-6677
wovenatexusa@gmail.com

সামার সেল! সামার সেল!
Mybestfly
New York, United States
Dhaka, Bangladesh
Nov 21
Return Date
Search Flight
DISCOUNT
Plan your next flight
Emirates
Scan Me
এই সামারে বিমান, এমিরেটস, কাতার, টার্কিশ এবং
সৌদি এয়ারলাইন্স এর ফ্লাইট বুকিংয়ে পাচ্ছেন বিশেষ ছাড়
ভিজিট করুন আমাদের ওয়েবসাইট
www.mybestfly.com
Emirates
QATAR AIRWAYS القطرية
TURKISH AIRLINES
السعودية SAUDIA
Biman BANGLADESH AIRLINES
এছাড়াও আমাদের ওয়েবসাইটের মাধ্যমে বিশ্বের সকল দেশের ইন্টারন্যাশনাল
এবং ডোমেস্টিক ফ্লাইট বুক করতে পারবেন
BOOK ONLINE
mybestfly.com
CALL TO BOOK
718-406-9745
Global Tours & Travel
USA Office
37-12 75th St,
2nd floor Suite # 206.
Jackson Heights, NY-11372, USA
Dhaka Office
78/E (3rd Floor),
Purana Paltan Line,
Bijoynagar, Dhaka-1000

Uber to buy catering platform led by Bangladeshi-American for $2.3 billion

Continued from page 18

restaurants across the United States. The acquisition comes as ezCater has expanded its business around corporate food orders, which tend to be larger than typical consumer delivery orders.

Uber plans to integrate ezCater's catering and business-to-business operations with Uber Eats and Uber for Business. The move would give Uber a larger presence in the corporate catering market while adding ezCater's restaurant network and business-focused ordering infrastructure to its existing food-delivery operations.

The transaction is expected to close in the coming months, subject to regulatory approvals and other customary closing conditions. Until the deal is completed, ezCater and Uber will continue to operate as separate companies. *(Source-Daily Star)*

Bangladeshi NYPD Officer Loses Job After Making Threats Following Romantic Rejection

Continued from page 18

agency's New York field office. Law enforcement sources indicated that the woman had rejected his romantic advances.

Federal prosecutors stated on Wednesday, September 30, that he used his personal phone to message the woman, saying, "ICE police will come and take you and your family away, and you will spend the rest of your lives in misery or poverty."

According to prosecutors, he subsequently sent a text from a different number, claiming to be an ICE officer named James W. Anderson. He ordered the woman and her family to appear at an ICE office in New York City by April 15, threatening "legal action and severe measures" if they failed to do so. Assistant U.S. Attorney Russell Noable confirmed in court that the woman, a resident of Queens, is an immigrant. Her identity has not been disclosed for privacy reasons; however, a reliable source informed the reporter that the woman and her family are Bangladeshi expatriates.

U.S. Attorney Joseph Nocella stated on Wednesday, "Instead of upholding the law and serving his community, Atiqul Islam attempted to retaliate against a woman from his personal life by using lies and threats of deportation." He added, "We expect law enforcement officers at every level to perform their duties with integrity and dedication. Today's guilty plea makes it clear that our office will not tolerate any officer who abuses the power of federal law enforcement or resorts to threats to settle personal scores."

Atiqul Islam, a Bangladeshi resident of Brooklyn, earned a master's degree in Criminal Justice from John Jay College. He joined the New York Police Department in 2018 and was promoted to the rank of sergeant in 2023. *Source: Daily News*

Uproar in New York over missing Bangladeshi national Khokon

Continued from page 18

resident of the United States for the past 30 years. Unmarried, he lived alone in an apartment in Kew Gardens, Queens. Friends report that he has been missing since last Saturday. His phone remained active until midnight on Sunday; although it rang, no one answered. Local police broke down the door to his apartment on Monday but did not find him there.

Expatriate Bangladeshis have stated that although Khokon had lived in the US for three decades, he did not possess legal immigration documents. Consequently, his friends and colleagues are anxious about whether he might have been detained as an undocumented immigrant.

Expatriate leaders and activists of the Awami League—a party currently banned in Bangladesh—are also concerned about Khokon. Md. Hamid, the Publicity Secretary of the US Awami League, told "Agamir Somoy" that they had inquired at various places but failed to find any trace of him.

Many suspect that Khokon might have been apprehended by ICE (Immigration and Customs Enforcement) agents; obtaining information in such cases often takes several days. Several sources have reported that ICE conducted arrest operations in the Jackson Heights area on Saturday; thus, it would not be surprising if Khokon was arrested during that time.

Masudur Rahman, a leader of the US Awami League, has sought the assistance of the Bangladesh Consulate in New York to locate Khokon. Siddiqur Rahman, President of the US Awami League, stated that a General Diary (GD) entry regarding the matter has been filed at the local police precinct.

A discussion meeting regarding Khokon's disappearance and the appropriate course of action was held in Jackson Heights on Wednesday night.

Attendees included Siddiqur Rahman, Pradip Ranjan Kar, Masudur Rahman, Hakikul Islam Khokon, Zainal Abedin, Imdad Chowdhury, Manjur Chowdhury, Sheikh Atiqur Rahman, Mizanur Rahman Chowdhury, Riday Miah, Sebul Miah, Durud Miah, Ronel, Nuruzzaman Sarkar, and Shaban Mahmud, among many other community members. Ataur Rahman Selim, President of the Bangladesh Society, and General Secretary Md. Ali have expressed concern over the disappearance of Khokon and are also in contact with various relevant agencies.

Washington seeks information from Russia after lab worker dies of 'plague'

Continued from page 18

infection. Another question is whether the worker had another unidentified infectious disease. According to the institute's website, employees at the Anti Plague Institute conduct research on various dangerous diseases including cholera, anthrax and brucellosis.

US officials have also sought information on whether the disease had been modified in any way. The process known as gain of function can involve major changes to the characteristics or capabilities of a pathogen. If such a change had occurred, it could significantly affect how the United States and other countries respond to the situation.

However, people familiar with the situation said concerns are growing within the administration because sufficient information about the situation is still unavailable. The extensive measures taken by the Russian government have also increased concerns. According to the mayor of Shelekhovsky District, the hospital where the laboratory worker was treated has also been placed under quarantine.

A regional media outlet reported that nearly 200 people are being monitored.

A US official said, "We still do not know a lot about what actually happened. But there is one thing most of us are certain about: Russia will behave the way the Chinese did during COVID. They will not provide information openly."

In a statement, a US State Department spokesperson said several federal agencies are "closely monitoring the death of a person suspected of having pneumonic plague."

A source said officials in the Trump administration are also gathering information through informal contacts with the World Health Organization (WHO). Trump stopped funding the WHO shortly after taking office. However, the US government has continued communicating with the organization during emergencies.

Meanwhile, WHO Director General Tedros Adhanom Ghebreyesus said Tuesday that in response to the organization's request, Russian health authorities reported that no recent cases of plague had been documented in the Irkutsk region.

He said Russian health authorities reported that an epidemiological investigation had been conducted. People who had been in contact with the patient were identified, tested and placed under medical observation. Tedros said Russian health authorities did not detect any high risk pathogens among those people.

Tedros said, "We are seeking clarification from the Russian authorities regarding media reports about another worker who developed pneumonia from an unknown cause."

Asked about the WHO's request, the Kremlin on Wednesday dismissed media reports about the situation and directed journalists to the public health regulator. *(Source-CNN)*

Biman signs deal with Airbus for 10 aircraft

Continued from page 19

Union's High Risk Cargo and Mail designation on cargo originating from Bangladesh at the earliest possible time.

State Minister for Foreign Affairs Humaiun Kobir and the ambassadors of the UK, France, and Spain were among those present at the signing ceremony.

Biman is also moving ahead with plans to acquire 25 aircraft from Boeing -- 13 Boeing 787-10s, two 787-9s and 10 737-8s.

Biman currently operates a fleet of 19 aircraft.

রিতার 'সেলাই করা বুকের ভেতর ঘেউ': একটি পাঠ ও বিশ্লেষণ

১৭ পৃষ্ঠার পর

আর ডাক্তারের প্রতিক্রিয়া - 'পশুর জন্য কেউ মরে নাকি? আজব চিড়িয়া!'

এই একটি লাইনেই কবিতার পুরো দর্শন ধরা পড়ে। আমাদের নৃ-কেন্দ্রিক পৃথিবীতে যেখানে মানুষের বেঁচে থাকাই একমাত্র বিবেচ্য, কিংবা মানুষ মরলেও কারো কিছু যায় আসে না-সেখানে পশুর জন্য মৃত্যু হাস্যকর। এটা আমাদের কাছে আজব, অস্বাভাবিক-পাগলামি ছাড়া কিছু ভাবা হয় না।

কবি এবার নিজেই তার মৃত্যুর কারণ বললেন। কোনো মেডিকেল চার্ট নয়।

'রাস্তার ওই ল্যাংড়া গর্ভবতী কুকুরটার পেটে যখন লাথি মারছিলো ওরা/ আমার বুকের ভেতর ঠিক মানুষের মতোই ব্যথা করেছিলো।'

এখানেই কবি এইচ বি রিতার জীবনের সততা কবিতাকে প্রামাণ্য করে তোলে। প্রাণের যন্ত্রণা যে সব দেহে একই ভাষায় কাঁদে, সমাজ তা স্বীকার করতে চায় না। কিন্তু কবি এখানেই সীমানা ভেঙে দেন-মানুষ আর ইতর প্রাণীর বেদনার মধ্যে কোনো কৃত্রিম বিভাজন কবি রাখেননি।

'ডাক্তার কর্ণপাত করেন না/ তিনি সেলাই করে যান/ খসখস শব্দ।'

এটা হলো পৃথিবীর নিয়ম - কেউ কারো ব্যথা শুনবে না, শুধু সেলাই করে দেবে, ঢেকে দেবে।

আর ঠিক তখনই অলৌকিক ঘটনাটি ঘটে। কবি বলেন, 'হঠাৎ, আমার সেলাই করা বুকের ভেতর থেকে একটা কুকুর ডেকে উঠলো। ঘেউ।'

এটা ম্যাজিক রিয়ালিজম নয়, এটা হলো এমপ্যাথির চূড়ান্ত রূপ। যে কুকুরটার জন্য তিনি মারা গেলেন, সে এখন তার ভেতরে বাসা বেঁধেছে। তার ফাঁকা বুকে জমা বৃষ্টির পানিতে এখন অন্য একটি প্রাণের বসবাস। তার বুক আর মানুষের বুক নেই, এটা এখন একটা আশ্রয়। ফ্লাশিংয়ে তিনি যে ১২টা বিড়ালের ঘর বানিয়েছেন, তার নিজের বুকটাই এখন ত্রয়োদশ ঘর হয়ে গেছে।

শেষ পঙ্‌ক্তি - 'মর্গের বাইরে সবাই তখনো আমার মৃত্যুর কারণ নিয়ে তর্ক করছে।'

হ্যাঁ! তর্ক চলতেই থাকবে। ঘেউ শব্দটি শুধু সেই শুনতে পায়, যার বুক সেলাই করা। আমাদের বুক এখনো আস্ত, তাই আমরা শুনতে পাই না।

কাজেই, এই কবিতা কোনো প্রাণীপ্রেমের কবিতা নয়; এটি মানুষ হওয়ার ব্যর্থতার কবিতা।

এইচ বি রিতা পশু পাগল মানুষ। ব্যাকইয়ার্ড ও এলাকা জুড়ে তিনি ১২টি ঘর বানিয়ে ১৮-২০টি বিড়ালকে রোজ ২-৩ বেলা খাওয়ান; দেশের অসুস্থ কুকুরদের চিকিৎসাতেও পাশে থাকেন।

কবিতাটি পাঠ করলেই বোঝা যায়, এই কবিতা টেবিলে বসে লেখা হয়নি, এটা রাস্তায় নেমে লেখা কবিতা। ফ্লাশিংয়ের শীত, বরফ, নোংরা বৃষ্টির মধ্যে যে মানুষটা রোজ প্রতিটি বিড়ালের খোঁজ রাখে, তার কাছে ল্যাংড়া গর্ভবতী কুকুরের পেটে লাথি মারার দৃশ্যটি কল্পনা নয়-তার রোজকার ভয় আর অদৃশ্য শ্রম।

তাই যখন তিনি লেখেন, 'আমার বুকের ভেতর ঠিক মানুষের মতোই ব্যথা করেছিলো' তা কোনো রূপক নয়, শারীরবৃত্তীয় সত্য। কবিতায় মর্গের ডাক্তার যে গর্তে বৃষ্টির পানি জমতে দেখে, বাস্তবে সেই গর্তেই তিনি ১২টা পশুর ঘর বানিয়ে রেখেছেন। তার কাছে প্রাণের কোনো দেশ হয় না, তার কাছেই কেবল 'ডেথ বাই এমপ্যাথি টু আন এনিমেল'-কারণে মৃত্যু হতে পারে।

সবশেষে বলব, এই জন্যই কবিতার শেষের ঘেউটা এত সত্যি মনে হয়-যা কবির ভেতর থেকে ভেসে আসা একটা সত্যিকারের ডাক, যা তিনি রোজ শোনেন, এবং যা এখন তার সেলাই করা বুকের ভেতর স্থায়ীভাবে থেকে গেছে।

পদার্থবিজ্ঞানে নোবেল পেলেন বেলজিয়ামের বিজ্ঞানী ফ্রান্সিস হ্যালজেন

৬২ পৃষ্ঠার পর

রয়্যাল সুইডিশ একাডেমি অব সায়েন্সেস।

ফ্রান্সিস হ্যালজেন প্রথম বুঝতে পেরেছিলেন যে অ্যান্টার্কটিকার বরফ ব্যবহার করে নিউট্রিনো নামে পরিচিত কণাগুলোর গতিপথ শনাক্ত করা সম্ভব। নোবেল কমিটি আরও বলছে, অত্যন্ত উচ্চ-শক্তির মহাজাগতিক নিউট্রিনো অত্যন্ত বিরল, তাই পর্যাপ্ত সংঘর্ষ পর্যবেক্ষণ করতে বিশাল আয়তনের বরফের প্রয়োজন হয়। হ্যালজেনের গবেষণার আইসকিউব পুরো এক ঘনকিলোমিটার এলাকা জুড়ে বিস্তৃত এবং এর নির্মাণকাজ ২০১১ সালে শেষ হয়। এর মাধ্যমে মহাবিশ্বের নিউট্রিনো উৎসের অনুসন্ধান আনুষ্ঠানিকভাবে শুরু হয়। সোমবার চিকিৎসায় নোবেল প্রাপ্তদের নাম ঘোষণা করা হয়। এ বছর চিকিৎসায় যৌথভাবে নোবেল পেয়েছেন যুক্তরাষ্ট্রের কার্ল ডাইসেরথ এবং জার্মানির পিটার হেগেম্যান ও গের্নট নাগেল। 'আলোক-নিয়ন্ত্রিত আয়ন চ্যানেল ও অপটোজেনেটিক্স' আবিষ্কারের জন্য বিশ্বের সবচেয়ে সম্মানজনক এই পুরস্কার পান তারা।

নোবেলজয়ী বিজ্ঞানীরা পাবেন একটি মেডেল, একটি সনদপত্র এবং মোট ১২ মিলিয়ন বা ১ কোটি ২০ লাখ সুইডিশ ক্রোনা। কোনো বিভাগে একাধিক নোবেলজয়ী থাকলে, তাদের মধ্যে এই অর্থ ভাগ হয়ে যাবে। বিজ্ঞান, শান্তি ও সাহিত্যে অবিস্মরণীয় অবদানের স্বীকৃতি হিসেবে ১৯০১ সাল থেকে সুইডিশ বিজ্ঞানী ও ব্যবসায়ী আলফ্রেড নোবেলের ইচ্ছানুসারে এই পুরস্কার প্রদান করা হচ্ছে।

সাংবাদিক কামরুজ্জামান বাবলুকে চোখ বেঁধে অপহরণের পর হত্যার চেষ্টা

৬২ পৃষ্ঠার পর

চালক গাড়িটি দ্রুতগতিতে চালাতে থাকে। চোখ বেঁধে ফেলায় বাবলু তখন বুঝতে পারেননি কোথায় তাকে নিয়ে যাওয়া হচ্ছিল। অপহরণকারীদের গাড়ী অনুমান ৪ ঘণ্টা চলার পর নীরব একটি এলাকায় গিয়ে থামে। তখন সন্ধ্যা ঘনিয়ে আসে। সেখানে চোখ খুলে দিলে নিজেকে গহিন এক জঙ্গলে দেখতে পান বাবলু। সবার হাতে ধারালো ছুরি আর অস্ত্র। এসময় তিনি নিজেকে জিম্মি অবস্থায় দেখতে পেয়ে আতঙ্কে ভেঙে পড়েন। সন্ত্রাসীদের কথা না শুনলে তারা বাবলুকে কেটে নদীর রাক্ষুসে মাছ দিয়ে খাওয়ানোর হুমকি দেয়। তার সাথে থাকা দামি মোবাইল সেট, ডেবিট কার্ড, ক্রেডিট কার্ড, পাসওয়ার্ড তারা নিয়ে নেয়। মারধর করে পরিবারের কাছে ফোন করায়। আটক অবস্থায় ব্যাংকে থাকা ২ লাখ টাকা তুলে নেয় সন্ত্রাসীরা। বিকাশে আরও টাকা নেয়ার চেষ্টা চলছিল। তাকে পূর্ব পরিকল্পিতভাবে অপহরণ করে হত্যার চেষ্টা চালায় তারা। ভোর রাতের দিকে সুযোগ বুঝে সেখান থেকে কৌশলে পালিয়ে আসতে পেরেছেন তিনি। এসব তথ্য ফোনে আজকাল-এর এই প্রতিবেদককে গতকাল বৃহস্পতিবার ঢাকা থেকে জানান ভিকটিম কামরুজ্জামান বাবলু। মুক্তির পর দেখতে পান খুলনার প্রত্যন্ত এলাকায় তাকে নিয়ে যাওয়া হয়েছিল।

ঢাকা রিপোর্টার্স ইউনিটির সাবেক কল্যাণ সম্পাদক সাংবাদিক কামরুজ্জামান বাবলু জাতীয় দৈনিক এদিন'র বিশেষ প্রতিনিধি হিসেবে কর্মরত আছেন। এ ঘটনায় তিনি ঢাকার সিএমএম আদালতে ৬ অক্টোবর, ২০২৬ অপহরণের অভিযোগে মামলা দায়ের করেছেন। আদালত শ্যামপুর থানার ওসিকে এফআইআর গ্রহণের নির্দেশ দিয়েছেন। তার প্রেক্ষিতে এসআরবিকে তদন্ত শেষে আদালতে প্রতিবেদন দাখিলের নির্দেশ দেয়া হয়েছে। অভিযোগে প্রকাশ, প্রায় দুই মাস আগে ফেসবুকের মেসেঞ্জারে 'মামুন শেখ' নামে একটি আইডির সঙ্গে কামরুজ্জামান বাবলুর পরিচয় হয়। প্রথমে সাধারণ কথাবার্তা হলেও একপর্যায়ে ওই ব্যক্তি নিজেকে গুরুত্বপূর্ণ তথ্যের উৎস হিসেবে পরিচয় দেন। সাংবাদিক পরিচয় জানার পর তিনি নিউজের জন্য বিভিন্ন বিষয়ে 'চাঞ্চল্যকর তথ্য' দেওয়ার আশ্বাস দেন। গত ৩০ সেপ্টেম্বর বুধবার ঢাকায় আসার কথা জানিয়ে 'মামুন শেখ' সাংবাদিক কামরুজ্জামান বাবলুকে দেখা করার প্রস্তাব দেন। মামুনকে অফিসে আসতে বললে মামুন জানান, তিনি জুরাইনে আত্মীয়ের বাসায় রয়েছেন। পরে জুরাইনে এসে দেখা করার অনুরোধ করলে কামরুজ্জামান বাবলু সেখানে যান। অভিযোগে জানা যায়, ওই দিন দুপুর আড়াইটার দিকে পোস্তগোলা ব্রিজসংলগ্ন আলম মার্কেটের সামনে তাঁদের দেখা হয়। এ সময় মামুন তাঁর বন্ধু 'অনিক' নামে একজনের সঙ্গে তাকে পরিচয় করিয়ে দেন। পরে নিরিবিলি পরিবেশে চা পানের কথা বলে তাঁকে একটি মাইক্রোবাসের কাছে নেওয়া হয়। হঠাৎ তাকে ধাক্কা দিয়ে গাড়িতে উঠিয়ে নিয়ে অস্ত্রের মুখে চুপ থাকতে বাধ্য করা হয়।

অভিযোগে বলা হয়েছে, অপরাধীরা শাসিয়েছে তিনি সরকারের বিরুদ্ধে এবং শেখ হাসিনার বিরুদ্ধে ফেসবুকে লেখালেখি করেন। একই সঙ্গে তাঁর কাছে বিভিন্ন তথ্য চাওয়ার বিষয় নিয়েও অপহরণকারীরা ক্ষোভ প্রকাশ করেন। একপর্যায়ে তাঁকে গোপালগঞ্জের টুঙ্গিপাড়ার কথা উল্লেখ করে ভয় দেখানো হয় এবং হত্যার পর তার মরদেহ মাছকে খাওয়ানোর হুমকি দেওয়া হয় বলে অভিযোগ করেছেন সাংবাদিক কামরুজ্জামান বাবলু।

মামলার অভিযোগ অনুযায়ী, রাত ৯টার দিকে তাঁর স্ত্রী ফোন করলে অপহরণকারীরা তাঁকে স্বাভাবিকভাবে কথা বলতে বাধ্য করে। তবে কথাবার্তার মধ্যেই তাঁর স্ত্রী পরিস্থিতি আঁচ করতে পারেন। পরে তিনি কামরুজ্জামানের বড় ভাইদের বিষয়টি জানান। স্বজনরা পল্টন থানায় গিয়ে বিষয়টি জানালে থানার একজন এসআই যোগাযোগের চেষ্টা করেন।

অপহরণকারীরা তাঁর ব্যাংক কার্ড ব্যবহার করে টাকা উত্তোলন করে নেয়। ব্যাংক স্লিপের তথ্য অনুযায়ী, গোপালগঞ্জের একটি এটিএম বুথ থেকে টাকা উত্তোলনের তথ্য পাওয়া গেছে বলে জানিয়েছেন ভুক্তভোগী। পরে তাঁকে আরও টাকা দিতে চাপ দেওয়া হয়। তাঁর নিজের মোবাইল নম্বর ব্যবহার করে বিকাশের মাধ্যমে টাকা পাঠানো হয় বলেও অভিযোগ করেছেন তিনি। এ ঘটনায় নিজের ব্যাংক স্লিপের বিবরণী, বিকাশের লেনদেনের তথ্য, টাকা উত্তোলনের তথ্য, ব্যবহৃত মোবাইল নম্বর এবং মোবাইল ফোনের আইএমইআই নম্বরসহ বিভিন্ন তথ্য আদালতে দাখিল করেছেন বলে জানিয়েছেন কামরুজ্জামান। তিনি বলেন, 'ঘটনার পর থেকে আমি মানসিকভাবে বিপর্যস্ত। আমি চাই, তদন্ত করে যারা এ ঘটনার সঙ্গে জড়িত তাদের শনাক্ত করে আইনের আওতায় আনা হোক।'

এদিকে ডিআরইউ কার্যনির্বাহী কমিটির পক্ষ থেকে সভাপতি আবু সালেহ আকন ও সাধারণ সম্পাদক মাইনুল হাসান সোহেল তীব্র নিন্দা ও প্রতিবাদ জানান। ডিআরইউ নেতৃবৃন্দ অবিলম্বে ঘটনার সুষ্ঠু তদন্ত করে এর সঙ্গে জড়িতদের শনাক্ত ও গ্রেপ্তার এবং তাদের বিরুদ্ধে দৃষ্টান্তমূলক আইনগত ব্যবস্থা নেওয়ার দাবি জানান।

জ্যাকসন হাইটসে ডাইভারসিটি প্লাজার পাশেই
BISSHO TRAVELS
বিশ্ব ট্রাভেলস
বিশ্ব ট্রাভেলস
BISSHO TRAVELS
QATAR
VISA
পাসপোর্ট
PASSPORT
অল্প খরচে
উমরাহ প্যাকেজ
অভিজ্ঞ মোয়াল্লেম দ্বারা
পরিচালিত
Masjidul A Robin
Founder and CEO
★ আমাদের সার্ভিস সমূহ
এয়ার টিকেট
উমরাহ প্যাকেজ
ভিসা সার্ভিস
মানি ট্রান্সফার
ট্রাভেল গাইডেন্স
বাংলাদেশ/ইউএসএ
পাসপোর্ট রিনিউ
আমাদের ভিসা সার্ভিস
সৌদি উমরাহ/টুরিস্ট ভিসা
ইন্ডিয়া ভিসা
ইউকে ভিসা
কানাডা ভিসা
ইউরোপ/শেনজেন ভিসা
দুবাই ভিসা
BISSHO TRAVELS
বিশ্ব ট্রাভেলস
Call করুন:
+1 (929) 994-4422
74-03 37th Rd,
Jackson Heights, NY 11372
bisshotravels@gmail.com
আপনার যাত্রা, আমাদের দায়িত্ব

৪০ আমেরিকানের নাগরিকত্ব বাতিলের উদ্যোগ

১ পৃষ্ঠার পর

ব্যক্তির যুক্তরাষ্ট্রের নাগরিকত্ব বা ন্যাচারালাইজেশন সনদ বাতিল করা যেতে পারে যদি সেই নাগরিকত্ব বেআইনিভাবে অর্জন করা হয়ে থাকে। অথবা কোনো গুরুত্বপূর্ণ তথ্য গোপন বা ইচ্ছাকৃতভাবে ভুল তথ্য উপস্থাপনের মাধ্যমে তা হাসিল করা হয়ে থাকে।

অ্যাটর্নি জেনারেল টড ব্ল্যাঞ্চ বলেছেন, "এই ঘোষণা আধুনিক ইতিহাসের বৃহত্তম নাগরিকত্ব বাতিলের প্রচেষ্টাকে চিহ্নিত করে। গুপ্তবৃত্তির দায়ে দণ্ডিত ব্যক্তি থেকে শুরু করে নাবালকদের বিরুদ্ধে যৌন অপরাধে দোষী সাব্যস্ত ব্যক্তি-এই বিবাদীরা যুক্তরাষ্ট্রের সরকারের কাছে গুরুত্বপূর্ণ তথ্য গোপন করেছিল এবং তারা গুরুতর অপরাধী হিসেবে চিহ্নিত। প্রেসিডেন্ট ট্রাম্পের নেতৃত্বে, জাতীয় নিরাপত্তা বজায় রাখতে এবং আমেরিকান জনগণকে সুরক্ষা দিতে বিচার বিভাগ নাগরিকত্ব বাতিলের এই প্রক্রিয়া অব্যাহত রাখবে।"

বিচার বিভাগের সিভিল ডিভিশনের অ্যাসিস্ট্যান্ট অ্যাটর্নি জেনারেল ব্রেট এ. শুমেট বলেন, "এই ব্যক্তিদের প্রত্যেকেই মিথ্যাচারের মাধ্যমে যুক্তরাষ্ট্রের নাগরিকত্ব অর্জন করেছিল। যুক্তরাষ্ট্রের নাগরিকত্বের প্রতি আস্থা ও সততা ফিরিয়ে আনতে এই প্রশাসন বিভাগের ইতিহাসে বৃহত্তম নাগরিকত্ব বাতিলের প্রচেষ্টা চালিয়ে যাবে। আমাদের বার্তা স্পষ্ট: নাগরিকত্ব অর্জনের প্রক্রিয়ায় কোনো ধরনের প্রতারণা যুক্তরাষ্ট্র সহ্য করবে না।"

৮ কোটি টাকার প্রতারণায় গ্রেফতার বাংলাদেশি আবু সালেহ

১ পৃষ্ঠার পর

ক্লার্কসভিলের পিভাইন রোডে অবস্থিত একটি ম্যাকডোনাল্ডস রেস্তোরাঁর পার্কিং লট থেকে তাকে গ্রেপ্তার করা হয়। 'সোশ্যাল সিকিউরিটি অ্যাডমিনিস্ট্রেশন'-এর কর্মকর্তা সেজে প্রতারণার এক সুপরিকল্পিত ফাঁদে ফেলে পূর্ব টেনেসীর এক বয়স্ক ব্যক্তির কাছ থেকে ৫১ হাজার ডলারেরও বেশি হাতিয়ে নেয়। আরও ১৪ হাজার ডলার নেবার জন্য চাপ দিতে থাকে বৃদ্ধকে। অতিরিক্ত ১৪ হাজার ডলার নগদ সংগ্রহ করার জন্য ৩০ সেপ্টেম্বর ভুয়া ভর্তি একটি প্যাকেট সংগ্রহের জন্য ম্যাকডোনাল্ডস রেস্তোরাঁয় গিয়েছিলেন। সেখানে ১৪ হাজার ডলারের প্যাকেটে ফাঁদ তৈরি করে বসেছিল গোয়েন্দা সংস্থার সদস্যরা। প্যাকেটটি গ্রহণ করার সাথে সাথে তাকে আটক করা হয়।

আবু সালেহ (৪৪) বসবাস করেন যুক্তরাষ্ট্রের অন্য একটি অঙ্গরাজ্য জর্জিয়ার আটলান্টা শহরে। বর্তমানে টেনেসীতে তিনি ২.৬৫ মিলিয়ন ডলারের বন্ড বা জামানতের শর্তে কারাগারে রয়েছেন। এর আগে এক বয়স্ক ভুক্তভোগী অভিযোগ করেছিলেন যে, সোশ্যাল সিকিউরিটি অ্যাডমিনিস্ট্রেশনের ফেডারেল এজেন্ট পরিচয় দিয়ে এক ব্যক্তি তাকে ফোন করে প্রতারণার লক্ষ্যবস্তু বানিয়েছে। কাম্বারল্যান্ড কাউন্টি শেরিফের কার্যালয় ২৮ সেপ্টেম্বর একটি তদন্ত শুরু করে। ৩০ সেপ্টেম্বর তাকে গ্রেফতার করে।

তদন্তকারীদের মতে, ফোনকারী ভুক্তভোগীকে বিশ্বাস করিয়েছিল যে তার সোশ্যাল সিকিউরিটি নম্বরটি হেয়াত হয়েছে। তার কম্পিউটার হ্যাক করা হয়েছে এবং তার ব্যাংকের একজন কর্মী গোপনে সাইবার অপরাধীদের সহায়তা করছে। প্রতারক ভুক্তভোগীকে একটি নতুন ল্যাপটপ কিনতে, ফোনকারীকে কম্পিউটারের 'রিমোট অ্যাক্সেস' (দূর থেকে নিয়ন্ত্রণ করার অনুমতি) দিতে এবং একটি নিরাপদ অ্যাকাউন্ট খোলা না হওয়া পর্যন্ত অর্থ নিরাপদে রাখার অজুহাতে বিপুল পরিমাণ নগদ টাকা তুলে একজন 'কুরিয়ার'-এর হাতে তুলে দিতে রাজি করায়।

পুরো বিষয়টি যে একটি প্রতারণা তা বোঝার আগেই ভুক্তভোগী দুই দফায় ৫১ হাজার ডলার সালেহ'র হাতে তুলে দিয়েছিলেন। প্রথম দফায় ২২ সেপ্টেম্বর টেনেসীর ক্রিসভ্যালে অবস্থিত একটি ওয়ালমার্ট স্টোরে এক কুরিয়ারের হাতে ২৪,০০০ ডলার তুলে দেন। দ্বিতীয় দফায় ২৩ সেপ্টেম্বর ক্লার্কসভিলের একটি হোটেলে ২৭,০০০ ডলার হস্তান্তর করেন। প্রতারকরা যখন অতিরিক্ত ১৪,০০০ ডলার দাবি করে, তখন শেরিফের তদন্তকারীরা বিষয়টি আমলে নেন। ভুক্তভোগী এবং টেনেসী ব্যুরো অব ইনভেস্টিগেশনের সাইবার ক্রাইম ইউনিটের সাথে যৌথভাবে কাজ করে। ডেপুটিরা পিভাইন রোডের ম্যাকডোনাল্ডস-এ একটি নকল প্যাকেজ নিয়ে সাক্ষাতের আয়োজন করেন। সালেহ প্যাকেজটি সংগ্রহ করার সাথে সাথেই ডেপুটিরা তাকে গ্রেপ্তার করেন।

গ্রেপ্তার সংক্রান্ত নথিতে সালেহকে বাংলাদেশের নাগরিক হিসেবে চিহ্নিত করা হয়েছে। এতে আটলান্টা, জর্জিয়া থেকে জারি করা একটি বকেয়া পরোয়ানার উল্লেখ রয়েছে। যা একইভাবে নগদ অর্থ সংগ্রহের ঘটনার সাথে সম্পর্কিত। গ্রেপ্তারের পর তদন্তকারীরা ফেডারেল কর্তৃপক্ষকে বিষয়টি জানিয়েছেন। আগামী সোমবার ৫ অক্টোবর টেনাসির কাম্বারল্যান্ড কাউন্টি জেনারেল সেশনস কোর্টে তাকে তোলা হবে। দোষী সাব্যস্ত হলে তিনি জেলজরিমানা ও ডিপোর্টের সম্মুখীন হতে পারেন।

ব্রংকসে এগিয়ে সেলিম-আলী: ব্রুকলিনে হাড্ডাহাড্ডি লড়াই

১ পৃষ্ঠার পর

নির্বাচনে। সেলিম-আলী নাকি কুনু-ফিরোজ। সাধারন ভোটাররা বলছেন, এবার একক নিরংকুশভাবে কোন প্যানেল জিততে নাও পারে। কিছু পদে ২ প্যানেলের ভাগাভাগি হবে। তবে তা নির্ভর করছে ভোটের দিন কোন প্যানেল তার সমর্থকদের বেশি পরিমানে ভোট কেন্দ্রে আনতে পারেন। তবে ব্রংকসে এগিয়ে সেলিম-আলী প্যানেল। ব্যবধানটি কত হবে তা ভোটের দিনই দেখা যাবে।

ব্রংকস কেন্দ্রে মোট ভোটার প্রায় ৭ হাজার। ভোট বানানোর বিবেচনায় ব্রংকসে এগিয়ে সেলিম- আলী প্যানেল। সেলিমের অনুসারিদের দাবি অনুসারে তারা ভোট তুলেছেন প্রায় ৫ হাজার। তাদের দাবির প্রেক্ষিতে বলা যায়, কুনু-ফিরোজ প্যানেলের ভোট ২ হাজার। কিন্তু পার্কচেস্টারে ঘুরতে গিয়ে দেখা যায় ভিন্ন চিত্র। ২ প্যানেলেরই প্রচারণা চলছে সমানতালে। বোঝার উপায় নাই কোন প্যানেল এগিয়ে। মজার ব্যাপার হচ্ছে, সেলিম-আলী প্যানেলের হয়ে গত নির্বাচনে যারা কাজ করেছেন, তাদের অনেকেই এখন কুনু-ফিরোজ প্যানেলে। স্থানীয় সিলেটবাসীরা সার্প ২ ভাগে বিভক্ত হয়ে পড়েছেন। তাদেরই ২ সন্তান সেলিম ও কুনু উভয়েই সভাপতি পদপ্রার্থী। ভোটাররা বলছেন, তারা ২ জন আবার ব্যবসায়িক পার্টনারও। তারপরও ২ নৌকায় পা তাদের। গত নির্বাচনে এই আজমল হোসেন কুনুই ছিলেন সেলিম-আলী প্যানেলের পরিচালনা কমিটির চেয়ারম্যান। এবার মুখোমুখি লড়ছেন সেলিমের বিরুদ্ধেই। এতে বিব্রত সিলেটের ভোটাররা।

ব্রংকসে সেলিম-আলী প্যানেলের হয়ে কাজ করছেন মাহবুব আলম,রেজা আব্দুল্লাহ, আব্দুল হাসিব হাসনু, শামীম আহমেদ, রবিউজ্জামান, মহিদুল ইসলাম,আব্দুর রব বলা মিয়া,লোকমান হোসেন শুভ ও রোকন হাকিম সহ অনেকে। কুনু-ফিরোজ পরিষদের পক্ষে প্রচারনা চালাচ্ছেন ফখরুল আহমেদ চৌধুরী, সোলায়মান ইসলাম, গোল্ডেন প্যালেসের মালিক বেলাল হোসেন, জাহিদ আনসারি, গউস উদ্দীন, জাকির চৌধুরী লিপিএ, সোলায়মান ভূঁইয়া ও মাইন উদ্দিন নটু সহ অনেকেই। গোল্ডেন প্যালেসের বেজমেন্টে কুনু-ফিরোজ পরিষদের অফিসও উদ্বোধন করা হয়েছে। এই প্যানেলের একজন সমন্বয়ক সোলায়মান ইসলাম ভোট বানানোর দৌড়ে ব্রংকসে তাদের পিছিয়ে থাকার কথা অকপটে স্বীকার করেন। তবে তিনি বলেন, গতবারের ভোটার তালিকা দেখে গনহারে সেলিম অহিরা ভোট বানিয়েছে। এর অনেক ভোটেই তাদের ট্রাকে নেই। হদিসও নেই। তারা বেশি ভোট বানানোর দাবি করলেও বাস্তবে তত নয়। সোলায়মান ইসলাম বলেন, আমরা ভোট করেছি গুনে গুনে। প্রত্যেকের সাথে আমাদের যোগাযোগ আছে। আমাদের ভোটারদের কেন্দ্রে নিতে পারলেই ফলাফল পাল্টে যাবে। মানুষ পরিবর্তন দেখতে চায়। তা দেখার জন্যই তারা ভোট কেন্দ্রে যাবেন। কে ভোট বানালো তা অনেকাংশেই কাজ করবে না।

সেলিম-আলী প্যানেলের পরিচালনা কমিটির কেন্দ্রীয় নেতা রোকন হাকিম প্রতিবেদককে বলেন, গেল নির্বাচনে ব্রংকসে সেলিম-আলী প্যানেল ১২০০ ভোটের ব্যবধানে জয়লাভ করেছিল। এবার এ ধরনের ব্যবধানই হবে বলে আমার বিশ্বাস। সেলিম-আলী প্যানেল ভোট সংখ্যার বিবেচনায় ব্রংকসে অনেক এগিয়ে আছে। ব্রংকসে বাংলাদেশি কমিউনিটির অধিকাংশ মানুষই সেলিম-আলীকে বেছে নিবে বলে আমার বিশ্বাস।

কুনু-ফিরোজ প্যানেলের সাধারন সম্পাদক পদপ্রার্থী ফিরোজ আহমেদের হোম টাউন ব্রুকলিন। তার আঙ্গিনায় কি কৌশল সেলিম-আলী প্যানেলের। গত নির্বাচনে তারা রুহুল-মিন্টু প্যানেলের বিপরীতে বড় ব্যবধানে হেরে ছিলেন ব্রুকলিন কেন্দ্রে। সেখানে তখন বড় ফ্যাক্টর ছিল সেক্রেটারি প্রার্থী জাহিদ মিন্টু। তিনি হচ্ছেন নোয়াখালির সন্তান। নোয়াখালি অঞ্চলের বিপুল পরিমান মানুষ ব্রুকলিনে বাস করে। এবার সেলিম-আলীর বিপরীত প্যানেলে মিন্টু নেই। সে কারনে সেখানে এবার ভালো করার আশাবাদী সেলিমরা। ফিরোজ আহমেদের কয়েক দুর্গ বলবান সেখানে। লক্ষীপের অধিকাংশ মানুষ ব্রুকলিনে বাস করেন। লক্ষীপ সোসাইটির সভাপতিও ফিরোজ। আঞ্চলিকতার বিচারে জাহিদ মিন্টুর মতো ফিরোজও ভালো করতে চাইবেন। ব্রুকলিন কেন্দ্রে মোট ভোট সাড়ে ৫ হাজার। ফিরোজ আহমেদ একক্ষভাবে ভোট করেছেন আড়াই হাজারের মতো। তবে তার সব ভোট এই কেন্দ্রের নয়। ৭ শতাধিক ভোট ছড়িয়ে ছিটিয়ে। ব্রুকলিন কেন্দ্রের বড় স্টেকহোল্ডার নোয়াখালি, লক্ষীপ ও চট্টগ্রামের লোকজন। নোয়াখালির ভোটাররা এবার ২ ভাগে বিভক্ত। রব মিয়া কাজ করছেন কুনু- ফিরোজের সাথে। আছেন সৈয়দ আহসান,মির্জা হোসেন, জাকির এইচ চৌধুরী,মফিজুর রহমান ও রহমত উল্লাহ সহ অনেকে। নোয়াখালি সমিতির সাধারন সম্পাদক মাঈনুদ্দিন পিন্টু সহ নাজমুল হাসান মানিক,তাজুল ইসলাম ও খোকন মোশাররফ সেলিম-আলী পরিষদের সাথে জড়িত। সভাপতি জাহিদ মিন্টু কৌশলী ভূমিকা নিয়েছেন। কোন পক্ষকেই সমর্থন জানাননি। তারা ভোট করেছেন প্রায় ১৫ শ'র মতো। এই উপজেলার ৫ জন প্রার্থী রয়েছেন সেলিম-আলী প্যানেল থেকে। তারা হলেন হারুন চেয়ারম্যান,এএসএম মঈন উদ্দীন বাবলু, জাহাঙ্গীর শহীদ সোহরাওয়ার্দী, আব্দুল মান্নান ও আব্দুল মালেক খান। নোয়াখালির অপর একটি গ্রুপও সেলিম-আলী প্যানেলের পক্ষে সরাসরি কাজ করছেন। এ অংশের নেতৃত্ব দিচ্ছেন নাঈম টুটুল, হারুন চেয়ারম্যান ও জাহাঙ্গীর শহীদ সোহরাওয়ার্দী। তারা ভোট তুলেছেন ১ হাজারের ওপরে। তবে ট্রাস্টি বোর্ডের সদস্য হওয়ায় নির্বাচনী মাঠে নামতে পারছেন না টুটুল। এ বিবেচনায় সেলিম-আলী প্যানেল নোয়াখালি এলাকার বেশি ভোট পাবেন বলে ধারণা করছেন অনেকে। তবে কুনু-ফিরোজ প্যানেলের সমর্থকরা কবর কেনা নিয়ে নোয়াখালি সমিতির সাথে সেলিম-আলীর পুরনো দ্বন্দ্বকে কাজে লাগাতে চাইছেন। নোয়াখালি থেকে কুনু-ফিরোজ প্যানেলে নির্বাচন করছেন ২ জন। তারা হলেন মঈন উদ্দীন বুলু ও মোরশেদ আলম। বুলু থাকেন ব্রংকসে। আর মোরশেদ ওজনপার্কে।

লক্ষীপ এলাকার ভোট পাল্লায় এগিয়ে আছেন ফিরোজ। তবে স্থানীয় গ্রুপ রাজনীতির একটি বড় অংশও কাজ করছেন ফিরোজের বিরুদ্ধে। লক্ষীপ সোসাইটির নেতৃত্বের লড়াইয়ে তারা ফিরোজের বিপক্ষে। তাদের মধ্যে রয়েছেন আজহারুল হক, ইকবাল হোসেন, মিয়া কাদের,হেলাল উদ্দীন, আব্দুল মান্নান পান্না ও এমদাদ হোসেন ফয়সল।

চট্টগ্রাম সমিতি সোসাইটির নির্বাচনে ২ ভাগে বিভক্ত। কাজি আজম, মোহাম্মদ হানিফ,আবু তাহের ও মনির হোসেন সহ অনেক সিনিয়র নেতা কুনু-ফিরোজ প্যানেলের দিকে। আজম ট্রাস্টি বোর্ডের সদস্য হওয়ায় প্রকাশ্যে আসতে পারছেন না। অন্যদিকে মাকসুদ এইচ চৌধুরী, মামুন সিরাজী, মোজাম্মেল হিরাজ, আমিনুল আনসারী, আলী আকবর বাপ্পী, আহসান হাবিব, মোহাম্মদ বুরু ও ইকবাল হোসেন সহ অনেকেই সেলিম-আলী প্যানেলের পরিচালনায় নেতৃত্ব দিচ্ছেন। তাদের নেতৃত্বাধীন চট্টগ্রাম সমিতির সদস্যদের অনেকেই এই প্যানেলে। অন্যদিকে তাহের-আরিফের নেতৃত্বাধীন অনেক নেতা কুনু-ফিরোজকে সমর্থন দিচ্ছেন। মাকসুদ এইচ চৌধুরী প্রতিবেদককে বলেন, ব্রুকলিন কেন্দ্রে হাড্ডাহাড্ডি লড়াই হবে। জয়ের সম্ভাবনা আমাদের বেশি। তবে, কুনু-ফিরোজের সমর্থকরা তা মানতে রাজি নয়। তাদের বক্তব্য হচ্ছে, হোম টাউনের প্রভাব থাকবেই। আমরাই জিতবো ব্রুকলিনে। কাজি আজম বলেন, আমি একটি প্যানেলকে সমর্থন করলেও ট্রাস্টি বোর্ডের সদস্য হওয়ায় মুখ খুলতে পারছি না।

প্রো-প্যালেস্টাইনিদের তোপের মুখে মেয়র মামদানি

১ পৃষ্ঠার পর

লিন ইহুদি নেতারা মেয়রের তীব্র সমালোচনা করেছিলেন। মেয়র সম্প্রতি হামলার তৃতীয় বার্ষিকী উপলক্ষে একটি বিবৃতি দিয়েছিলেন। তাতে হামলার উল্লেখ থাকলেও মূল মনোযোগ ছিল হামাসের নেতৃত্বাধীন হামলার পরবর্তী সময়ে গাজায় ফিলিস্তিনিদের ভোগান্তির কথাই বেশি।

ইউনিয়ন স্কয়ারে 'ইসরায়েলি ফর পিস নিউ ইয়র্ক'-এর আয়োজিত মোমবাতি প্রজ্বলন কর্মসূচিতে মেয়র পৌঁছানোর (স্থানীয় সময় সন্ধ্যা ৭:৩০-এর দিকে) ঠিক আগেই বিশৃঙ্খল পরিস্থিতির মুখে পড়েন তিনি। তবে কড়া পুলিশি বেষ্টনীর মধ্যে আয়োজকরা অনুষ্ঠান চালিয়ে যান। আর সমাবেশস্থলে বিক্ষোভকারীরা তাদের লক্ষ্য করে চিৎকার-চেঁচামেচি করতে থাকেন। বিক্ষোভকারীদের সংখ্যা মোমবাতি প্রজ্বলন কর্মসূচিতে অংশগ্রহণকারীদের সংখ্যার অন্তত দ্বিগুণ বলে মনে হচ্ছিল।

মেয়র যখন কালো কোট পরে এবং গম্ভীর মুখে দৃঢ় পদক্ষেপে পুলিশের ব্যারিকেড পেরিয়ে অনুষ্ঠানস্থলে পৌঁছান, তখন খুব কম বিক্ষোভকারীই তা লক্ষ্য করেছিলেন। তিনি দ্রুত বক্তার মঞ্চের দিকে এগিয়ে যান এবং পুরো অনুষ্ঠানজুড়ে হাতে মোমবাতি নিয়ে দাঁড়িয়ে থাকেন।

বিক্ষোভকারীরা তাকে দেখতে পাওয়ার সাথে সাথেই তীব্র ভাষায় আক্রমণাত্মক স্লোগান দিতে শুরু করেন। ইসরায়েলের দীর্ঘদিনের সমালোচক এই মেয়রের বিরুদ্ধে তারা কাপুরুষ হওয়ার এবং গাজায় শিশু হত্যার অভিযোগ তোলেন। বিক্ষোভকারীদের আগমনের কারণে শোকসভা শুরু হতে দেরি হয়। তারা পৌঁছানোর পর, কয়েকজন বিক্ষোভকারী ইসরায়েলি পতাকা বহনকারী এক ব্যক্তিকে ধাওয়া করে এবং আরও দুজন ভিড়ের দিকে ছুটে যায়। বিক্ষোভকারীদের একটি বড় দল ইসরায়েল ডিফেন্স ফোর্সেস (আইডিএফ)-এর বিরুদ্ধে স্লোগান দেয়-'আইডিএফ-এর মৃত্যু হোক'-এবং বলে 'প্রতিরোধ গৌরবময়, আমরাই জয়ী হব'।

সিটি হলের বাইরে অনুষ্ঠিত আগের একটি বিক্ষোভ থেকে মিছিল করে তারা ইউনিয়ন স্কয়ারে আসে। সেখানে তারা মেয়রকে-যিনি দীর্ঘকাল ধরে ইসরায়েলের সমালোচক-ফিলিস্তিনিদের দাবির সাথে বিশ্বাসঘাতকতা করার দায়ে অভিযুক্ত করে।

বদলে গেল আমেরিকার পাসপোর্ট



১ পৃষ্ঠার পর

নামের এই নতুন পাসপোর্টটি ২০২৮ সাল থেকে কার্যকর হবে। এই পাসপোর্টের জন্য আবেদনের প্রক্রিয়াটিকে আমূল আধুনিকীকরণের পরিকল্পনা ঘোষণা করেছে।

২৯ সেপ্টেম্বর প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের 'America.gov' বিষয়ক এক অনুষ্ঠানে বক্তব্য রাখার সময় যুক্তরাষ্ট্রের পররাষ্ট্রমন্ত্রী মার্কো রুবিও পাসপোর্টের জন্য আবেদনের একটি নতুন প্রক্রিয়া তুলে ধরেন। তিনি জানান, যুক্তরাষ্ট্রের নাগরিকরা এখন থেকে পুরোপুরি ঘরে বসেই" এই প্রক্রিয়া সম্পন্ন করতে পারবেন। পাশাপাশি তিনি একটি চমৎকার" নতুন মার্কিন পাসপোর্টও প্রদর্শন করেন। এতে পরিচিত নীল রঙের প্রচ্ছদটিই বজায় রাখা হবে। তবে সোনালী রঙের আমেরিকান ঈগলের প্রতীকটি হবে আকারে বড় ও আরও স্পষ্ট।

এই পরিবর্তনগুলো ট্রাম্প প্রশাসনের নতুন এআই বা কৃত্রিম বুদ্ধিমত্তা-চালিত সরকারি সেবা প্ল্যাটফর্ম 'America.gov 'এর অংশ। মঙ্গলবার চালু হওয়া এই প্ল্যাটফর্মটিকে একটি একক ডিজিটাল প্রবেশদ্বার হিসেবে অভিহিত করা হয়েছে। যার লক্ষ্য হলো সরকারি সেবা পাওয়ার প্রক্রিয়াটিকে আমেরিকানদের জন্য আরও সহজ ও সুবিধাজনক করে তোলা।

ইরান যুদ্ধে নিহত সেনা পরিবারগুলোর ট্রাম্পের আমন্ত্রনে না

আজকাল ডেস্ক

ইরান যুদ্ধে নিহত সৈন্যদের পরিবারগুলোর ট্রাম্পকে না বললেন। প্রেসিডেন্ট ট্রাম্প 'গোল্ডস্টার' পরিবারগুলোর অধিকাংশই ট্রাম্পের আমন্ত্রনে সাড়া দেননি। প্রেসিডেন্ট ট্রাম্প মঙ্গলবার মঙ্গলবার হোয়াইট হাউসে যুক্তরাষ্ট্রের অতীতের বিভিন্ন সংঘাতের ঘটনায় নিহত সেনাদের পরিবারবর্গের (যাদের গোল্ড স্টার ফ্যামিলিজ বলা হয়) সাথে এক অনুষ্ঠানে যোগ দেন। সেখানে কুয়েতের শুয়াইবা বন্দরে ১ মার্চ ইরানের হামলায় নিহত ৬ সৈন্যের পরিবারের স্বজনদেরও আমন্ত্রন জানিয়েছিলেন। ৬ সেনা পরিবারের মধ্যে মাত্র একজন সৈন্যের পরিবার তার আমন্ত্রনে সাড়া দিয়ে হোয়াইট হাউজে গিয়েছিল। প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প যুদ্ধে নিহত সৈন্যদের পরিবারের সদস্যদের সান্ত্বনা জানান। সেখানে নিহত সেনাদের স্মরণে মোমবাতি প্রজ্বলন করা হয়।

ইরান যুদ্ধের সবচেয়ে প্রাণঘাতী হামলায় নিহত হয় সেনার পরিবারের মধ্যে ৪ পরিবারই এই অনুষ্ঠানে যোগ দেয়নি। ওই হামলায় বেঁচে যাওয়া সেনারা প্রশ্ন তুলেছেন যে, কেন তাদের এমন একটি স্থানে মোতায়েন করা হয়েছিল যেখানে পর্যাপ্ত আকাশ-সুরক্ষা ব্যবস্থা ছিল না এবং যা সহজ লক্ষ্যবস্তু হিসেবে বিবেচিত হতো। মিশেল টিটজেনস ও অন্যান্য স্বজনরা ক্ষোভ প্রকাশ করে বলেছেন, তাদের প্রিয়জনদের সুরক্ষায় যথেষ্ট পদক্ষেপ নেওয়া হয়েছিল কি না-সে বিষয়ে সেনাবাহিনী এখনও কোনো জবাব দেয়নি। তবে টিটজেনস ও তাঁর কিশোর বয়সী ছেলে নেব্রাস্কার বেলভিউ থেকে এই অনুষ্ঠানে যোগ দিতে এসেছিলেন। কুয়েতে ইরানি ড্রোন হামলায় নিহত মাস্টার সার্জেন্ট নোয়াহ টিটজেনসের (যিনি আরও পাঁচজন আর্মি রিজার্ভ সেনার সাথে প্রাণ হারিয়েছিলেন) স্মৃতির প্রতি শ্রদ্ধা জানাতেই তাঁরা সেখানে গিয়েছিলেন।

নিহত মেজর জেফ্রি ওব্রায়েন? — নিহত মেজর কোডি খোর্কের মা ডোনা বুরহানন নিজেকে দাবি করেছেন ট্রাম্পের সমর্থক হিসেবে। কিন্তু বারবার শোকের স্মৃতিকে মনে করা কষ্টদায়ক বিধায় তিনি অনুষ্ঠানে যোগ দেননি।

টিটজেনস বলেন, 'শুরুতে আমি যাওয়ার সিদ্ধান্ত নিয়েছিলাম কারণ আমার ছেলে যেতে চেয়েছিল। তবে পরে আমিও দেখতে চেয়েছিলাম অনুষ্ঠানটি আসলে কী নিয়ে। তাছাড়া আমার স্বামীর স্মৃতির প্রতি সমর্থন জানাতেও আমি যেতে চেয়েছিলাম।'

তিনি জানান, তাঁরা হোয়াইট হাউসের কয়েকটি কক্ষ ঘুরে দেখেন এবং প্রেসিডেন্ট ট্রাম্প ও ফার্স্ট লেডি মেলানিয়া ট্রাম্পের সাথে ছবি তোলেন। টিটজেনস বলেন, প্রেসিডেন্ট তাঁদের বলেছিলেন যে, তাঁর যদি ওই কিশোরের মতো ঘন কোঁকড়ানো চুল থাকত, তবে তিনি খুশি হতেন।

টিটজেনস বলেন, এই সংবর্ধনা অনুষ্ঠান আমার প্রশ্নের উত্তর পাওয়ার বিষয়ে আমার মনোভাব বদলায়নি'। তবে তিনি যোগ করেন যে, হোয়াইট হাউসের এক ব্যক্তির সাথে তাঁর কথা হয়েছে যিনি সহায়তার আশ্বাস দিয়েছেন।

সেপ্টেম্বরের শেষ সপ্তাহে পালিত 'গোল্ড স্টার মাদারস অ্যান্ড ফ্যামিলিজ ডে' (নিহত সেনাদের মা ও পরিবারের প্রতি সম্মান জানানোর দিবস) উপলক্ষে হোয়াইট হাউজে এই বার্ষিক অনুষ্ঠানের আয়োজন করা হয়। হোয়াইট হাউস জানিয়েছে, এবারের সংবর্ধনা অনুষ্ঠানে ভিয়েতনাম যুদ্ধ থেকে শুরু করে বিভিন্ন সংঘাতের ঘটনায় নিহত প্রায় ৪০ জন সেনার প্রতি শ্রদ্ধা জানানো হয়েছে।

২৮ ফেব্রুয়ারি শুরু হওয়া ইরান যুদ্ধে যুক্তরাষ্ট্রের ১৯ জন সেনা নিহত এবং ৪০০ এরও বেশি সেনা আহত হয়েছেন। টিটজেনস জানান, সংবর্ধনা অনুষ্ঠানে তিনি মেজর জেফরি আর. ওব্রায়েন এবং পিএফসি ইসাবেলা গঞ্জালেসের পরিবারের সদস্যদেরও দেখেছিলেন। মেজর ওব্রায়েন পোর্ট শুয়াইবায় নিহত হয়েছিলেন এবং পিএফসি গঞ্জালেজ ১৭ জুলাই জর্ডানের মুওয়াফফাক সালতি বিমান ঘাঁটিতে ইরানি হামলায় প্রাণ হারিয়েছিলেন।

১লা মার্চের হামলায় ঠিক কী ঘটেছিল, সে বিষয়ে পরিবারগুলো এখনও উত্তরের অপেক্ষায় রয়েছে। কুয়েতের ওই হামলার বিষয়ে পেন্টাগনের কাছ থেকে পর্যাপ্ত তথ্য না পাওয়ায় 'গোল্ড স্টার' পরিবারগুলো (যাদের স্বজনরা যুদ্ধে প্রাণ হারিয়েছেন) হতাশা প্রকাশ করেছে।

হোয়াইট হাউজের আমন্ত্রনে সাড়া দেননি জোই আমোর। তার ৩৯ বছর বয়সী স্ত্রী মাস্টার সার্জেন্ট নিকোল এম. আমোর নিহতদের মধ্যে ছিলেন। সোমবার ফেসবুকে দেওয়া এক বিবৃতিতে তিনি বলেন, "হামলার আগে কী ঘটেছিল, কী তথ্য পাওয়া গিয়েছিল, কী সিদ্ধান্ত নেওয়া হয়েছিল এবং ছয়জন মার্কিন সেনার প্রাণ হারানোর ঠিক আগের মুহূর্তগুলোতে কী ঘটেছিল-তা নিয়ে নানা প্রশ্ন রয়েছে। আমি আর চুপচাপ জানতে চাইব না। আজ আমি আমেরিকান জনগণের কাছে আহ্বান জানাচ্ছি, তারা যেন এই ছয়টি পরিবারের পাশে দাঁড়ান এবং স্বচ্ছতার দাবি জানান।"

হামলায় আহত মার্কিন সেনারা অ্যাসোসিয়েটেড প্রেস (এপি)-কে জানিয়েছেন যে, সম্ভাব্য হুমকি নিয়ে তাঁরা যে উদ্বেগ প্রকাশ করেছিলেন তা আমলে নেওয়া হয়নি। এছাড়া হামলার পরবর্তী সপ্তাহগুলোতে সামরিক চিকিৎসা ব্যবস্থা তাঁদের যথাযথ সেবা দিতে ব্যর্থ হয়েছে বলেও তাঁরা অভিযোগ করেন। ১লা মার্চের হামলার বিষয়ে এপি-র প্রতিবেদনটি ১৩ জন সেনার সাক্ষাৎকারের ওপর ভিত্তি করে তৈরি করা হয়েছে।

পোর্ট শুয়াইবা হামলার বিষয়ে এপি-র প্রতিবেদনের ওপর কোনো মন্তব্য করতে অস্বীকৃতি জানিয়েছে সেনাবাহিনী। তারা জানিয়েছে, হামলায় নিহতদের পরিবারকে তদন্তের ফলাফল সম্পর্কে এখনও আনুষ্ঠানিকভাবে জানানো হয়নি (যদিও তদন্তটি মূল মাসেই সম্পন্ন হয়েছে)। সেনাবাহিনী আরও জানিয়েছে যে, তদন্তের ফলাফল প্রকাশের আগে তারা সংবেদনশীল তথ্যগুলো বাদ দেওয়ার কাজ করছে। পেন্টাগনও এ বিষয়ে কোনো মন্তব্য করতে রাজি হয়নি।

আইওয়া-ভিত্তিক সংগঠন 'স্যালুট টু দ্য ফলেন' এর প্রতিষ্ঠাতা এবং সেনাবাহিনীর সাবেক সার্জেন্ট জন ধম্পসন বলেন, যুদ্ধে নিহত সেনাদের সম্মান জানানো রাজনীতির ঊর্ধ্বে। বেশ কয়েকটি পরিবার তাঁকে বলেছে, অনুষ্ঠানটি সম্পর্কে তারা পর্যাপ্ত সময় হাতে রেখে বা আগেভাগে কোনো নোটিশ না পাওয়ায় সেখানে উপস্থিত হতে পারেনি। অন্তত দুটি পরিবার জানিয়েছে যে তারা কোনো আমন্ত্রণপত্র পায়নি। (তথ্যসূত্র-এপি এবিসি ৮ নিউজ বোস্টন হেরাল্ড)।

LAW OFFICE OF ALBERT GHUNNEY
ATTORNEY AT LAW

ACCIDENT / IMMIGRATION / DIVORCE

ইমিগ্রেশনঃ ফ্যামিলি পিটিশন, গ্রীনকার্ড, সিটিজেনশীপ, এসাইলাম ও ওয়ার্ক পারমিট রিনিউ।
ডিভোর্স, চাইল্ড সাপোর্ট, কাস্টডি, এলিমনি। ইনকর্পোরেশন এন্ড বিজনেস ট্যাক্স

বাংলাদেশ থেকে B1/B2/F1/M1/J1 ভিসা প্রসেস

সহযোগিতার জন্য যোগাযোগ করুনঃ

ইমিগ্রেশন সার্ভিসে ১২ বছরের অভিজ্ঞ নিউইয়র্ক স্টেট লাইসেন্সড ল'ইয়ার

MURAD HOSSAIN MSS, LLB (DU), LLM USA, DTL UK

347-891-8958, h_m_murad@yahoo.com
37-22 73rd Street, (1F), Jackson Heights, NY 11372

সরকারি চাকরি নয়, প্রয়োজন কর্মসংস্থানের উদ্যোগ

১২ পৃষ্ঠার পর

হওয়ার মানসিকতা তৈরি করতে হবে। সব তরুণের ভবিষ্যৎ যে কেবল চাকরির মধ্যে সীমাবদ্ধ থাকবে, এই ধারণা পরিবর্তন করা প্রয়োজন। এই ধারণা থেকে বের হয়ে আসতে হবে আমাদের নতুন প্রজন্মকে। ছোট ও মাঝারি উদ্যোগ, স্টার্টআপ, প্রযুক্তিনির্ভর ব্যবসা এবং ফ্রিল্যান্সিংয়ের মতো ক্ষেত্রগুলোকে আরও শক্তিশালী করতে হবে।

সরকারি চাকরি অবশ্যই সম্মানজনক এবং গুরুত্বপূর্ণ পেশা। কিন্তু একটি দেশের ভবিষ্যৎ কেবল সরকারি চাকরির সংখ্যার ওপর নির্ভর করতে পারে না। একটি শক্তিশালী অর্থনীতির জন্য প্রয়োজন এমন একটি ব্যবস্থা, যেখানে একজন তরুণ চাকরি পাওয়ার পাশাপাশি নিজেও কর্মসংস্থান সৃষ্টি করতে পারেন। ২১ লাখ আবেদনকারীর এই ঘটনা আমাদের একটি গুরুত্বপূর্ণ বার্তা দেয়, বাংলাদেশের তরুণরা কাজ করতে চায়, তারা সুযোগের অপেক্ষায় আছে। এখন দায়িত্ব হলো সেই সুযোগ তৈরি করা।

আমাদের উন্নয়নের পরবর্তী অধ্যায় হতে হবে কর্মসংস্থাননির্ভর উন্নয়ন। শুধু অর্থনৈতিক প্রবৃদ্ধির সংখ্যা নয়, সেই প্রবৃদ্ধি কত মানুষের জন্য মর্যাদাপূর্ণ কাজের সুযোগ তৈরি করছে, সেটিই হওয়া উচিত মূল বিবেচনা। কারণ, একটি দেশের সবচেয়ে বড় সম্পদ তার তরুণ জনগোষ্ঠী। এই সম্পদকে কাজে লাগাতে পারলে বাংলাদেশ এগিয়ে যাবে আরও দ্রুত। আর যদি এই শক্তিকে কাজে লাগানো না যায়, তাহলে হতাশা ও অনিশ্চয়তা বাড়বে। তাই এখন সময় এসেছে সরকারি চাকরির প্রতিযোগিতার সংখ্যা গোনার পরিবর্তে কর্মসংস্থানের নতুন পথ তৈরি করা।

ড. মো. শফিকুল ইসলাম
সহযোগী অধ্যাপক, কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়

জ্যামাইকায় বাংলাদেশী আমেরিকান অভিজ্ঞ ও বিশেষজ্ঞ ডাক্তার দ্বারা পরিচালিত মেডিকেল ও ডেন্টাল অফিস

মেডিসিন বিশেষজ্ঞ

এখানে ল্যাব, সনোগ্রাম, ইকেজি, ফ্লু, হজ্ব ভ্যাকসিন দেয়া হয়।

Cell: 718-864-8882

আমরা প্রায় সব ধরনের ইন্সিওরেন্স গ্রহণ করি।

Dr. Mohammad M. Rahman, MD
Attending Physician, NYU School of Medicine

Board Certified in Internal Medicine, Geriatrics, Hospice & Palliative Care Medicine

Astoria Office
30-04 36th Avenue
LIC, NY 11106
Tel: 718-383-4500
www.drmrahman.com

718-526-0700

অভিজ্ঞ ডেন্টিষ্ট

Digital Xray সহ সর্বাধুনিক প্রযুক্তিতে অত্যন্ত যত্নসহকারে শিশু, বয়োজ্যেষ্ঠ সহ সবার দাঁতের সকল প্রকার চিকিৎসা করা হয়।

We Do Implant

Dr. Siddiqur Rahman D.D.S.

We accept Medicaid, Metro Plus, Health Plus, Wellcare, Fidelis, Health First, United Health Care, Affinity & Other PVT. INS.

Dental Office

Jamaica Office
170-12, Highland Ave,
Jamaica NY 11432
Tel: 718-526-0700

Mon-Tue-Thu-Fri (2Pm to 7 Pm)

Wednesday (12 Pm to 5 Pm)
Saturday (12pm to 5 Pm)

MEDICAL & DENTAL OFFICE
170-12, HIGHLAND AVE, JAMAICA, NY 11432

কনস্ট্রাকশন / রেনোভেশন

Free Estimate

নতুন কিচেন / রিনোভেশন • বাথরুম ইনস্টলেশন/ রিপেয়ার
কার্পেটিং / ফ্লোরিং / ওয়াল • টাইলস, প্লাম্বিং ও ইলেক্ট্রিক সহ
যে কোন কনস্ট্রাকশন কাজের জন্য যোগাযোগ করুন।

বাংলা কনস্ট্রাকশন ইনক
73-05 37th Road, Jackson Heights, NY 11372
Email:bmz01x@gmail.com
Phone: 646-996-7171

HOPE & CHERISH
—HOME CARE—
HOME CARE
PCA, HHA, OPWDD & PEDIATRIC SERVICE
COUNTIES SERVED
BRONX • BROOKLYN • MANHATTAN
STATEN ISLAND • QUEENS • NASSAU
WE ARE PROVIDING PCA/HHA CERTIFICATION, TRAINING, AND RECRUITMENT
Please Contact
718-252-3590
CELL: 646-591-8396 | TEXT: 646-591-8396
EMAIL: SHAH@HOPENCHERISH.COM
WWW.HOPENCHERISH.COM
3345 NEPTUNE AVE, BROOKLYN, NY 11224

OPEN HOUSE

119-11 194th Street, Saint Albans, NY 11412

Saturday, 3rd October 2 pm-4 pm

Price: $569,900
Cash or Rehab Loan

4 Bedrooms, 2 Full Baths, Living, Dining, Basement & 1 Car Garage.

FOR SALE

945a Herkimer Street, Brooklyn, NY 11233

3 Family bricks, 9 bedrooms, 6 full bathrooms, finished basement
3 heating boilers, 3 hot water tanks, 3 gas meters, 4 eclectic meters

Asking: $1, 599,000

FOR SALE

97 49 91st St, Ozone Park, NY 11416

4 Bedrooms, 2 Baths, 2-Unit Townhouse with full basement

Price: $724,950
Cash or Rehab Loan

FOR SALE

1715 Saint Peters Avenue, Bronx, NY 10461

Legal 4 Family, 7 Bedrooms & 6 full Bathrooms, 5 Rooms in Basement

Asking: $1,599,000

ISLAND ADVANTAGE REALTY

MLS

Kamruz Zaman Baccu

Licenses Real Estate Salesperson

347-465-3220

kamruzbaccu1@gmail.com

GOLDEN AGE HOME CARE

GOLDEN A
HOME CA

PCA HOME CARE সেবা
আমাদের স

আমরা শীর্ষস্থানীয় PCA HOME CARE সেবা
আমরা HHA/PCA সার্টিফিকেট প্রদান করে,
সার্ভিস -এ এনরোল করে নেব এবং সব সধরনে

Please Contact

Shah Nawaz MBA
President & CEO
GOLDEN AGE HOME CARE INC.

Tel: 718-775-
Cell: 646-591-83
Email: shah@gol

আমাদের নিজস্ব PCA ও HHA ট্রেনিং

JACKSON HTS OFFICE
71-24 35th Avenue
Jackson Heights, NY 11372
Ph: 718-775-7852, Fax: 917-396-4115

BRONX OFFICE
3789 East Tremont Ave
Bronx, NY 10465
Ph: 347-449-5983, Fax: 347-275-9834

HILLSIDE AVE. O
170-18A Hillside
Jamaica, NY 1
Ph: 718-530-1
Fax: 917-396-

Email: info@goldenagehomecare.c

AGE
RE
HHA/PCA SERVICE
SKILLED NURSING
নিতে চান?
াথে যোগাযোগ করুন
প্রদানকারী প্রতিষ্ঠান
আপনাকে HOME CARE
নর সেবা প্রদান করবো
7852
96 Text: 646-591-8396
denagehomecare.com
স্কুল আছে
FFICE
e Ave
432
820
115
BROOKLYN OFFICE
516 McDonald Ave
Brooklyn, NY 11218
Ph: 718-540-8870
Fax: 917-396-4115
We Hire And Train HHA/PCA Certificate Holder AIDES
আমরা HHA/PCA সার্টিফিকেট সহ এইডস প্রশিক্ষণ ও নিয়োগ দিচ্ছি
om | www.goldenagehomecare.com
Design by: ihopeprint.com, 929-538-7903

বিসমিল্লাহির রাহমানির রাহিম
বাংলাদেশ সোসাইটি ইন্‌ক, নির্বাচন-২০২৬
নির্বাচনের তারিখঃ ২৫ অক্টোবর, রবিবার ২০২৬
সমৃদ্ধি, কল্যাণ, স্বচ্ছতা ও জবাবদিহিতার পরিষদ
কুনু-ফিরোজ
পরিষদে ভোট দিন
আসুন পরিবর্তনের পক্ষে রায় দেই, যোগ্য নেতৃত্বকে জয়ী করি
A1
আজমল হোসেন কুনু
সভাপতি
Ajmol Hussain Kunu—President
A4
ফিরোজ আহমেদ
সাধারণ সম্পাদক
Firoz Ahmed—General Secretary
মোঃ জামিল আনসারী
কামিল, এমবিএ
পেশা, সামাজিক কার্যক্রম ও সাংগঠনিক অভিজ্ঞতা
প্রেসিডেন্ট এন্ড সিইওঃ এন ওয়াই সি প্রিপেইড ওয়্যারলেস ইনক
নির্বাহী সম্পাদক: ইয়র্ক বাংলা
সমাজকল্যাণ সম্পাদক: বাংলাদেশ সোসাইটি ইনক, ইউ.এস.এ
সাধারণ সম্পাদক: ফাউন্ডেশন অফ গ্রেটার জৈন্তা, নিউইয়র্ক
সাবেক সমাজ কল্যাণ সম্পাদক: (২০১৯-২০২২) জালালাবাদ এসোসিয়েশন অব আমেরিকা ইনক,
সাবেক সহকারী শিক্ষক: ইসলাম শিক্ষা (২০০৬-২০১০) হযরত শাহপরান (রহ) উচ্চবিদ্যালয়, সিলেট
প্রতিষ্ঠাতা সদস্য: জৈন্তা জামেয়া ইসলামিয়া মহিলা দাখিল মাদ্রাসা, সিলেট
সদস্য: নিউইয়র্ক বাংলাদেশ প্রেসক্লাব
A7
MD JAMIL ANSARY
Organizing Secretary
সাংগঠনিক সম্পাদক পদপ্রার্থী
A1-A21 আপনাদের মূল্যবান ভোট ও দোয়া প্রার্থী
A2
A3
A5
A6
A7
A8
A9
A10
A11
A12
A13
A14
A15
A16
A17
A18
A19
A20
A21
PLEASE CAST YOUR VOTE IN FIRST ROW (A1 to A21) FOR KUNU-FIROZ PANEL
মেশিনের প্রথম সারিতে কুনু-ফিরোজ পরিষদে (A1 থেকে A21) পর্যন্ত অনুগ্রহ করে আপনার মূল্যবান ভোট দিন
প্রচারে: ফাউন্ডেশন অফ গ্রেটার জৈন্তা, নিউইয়র্ক

বিসমিল্লাহির রাহমানির রাহিম
বাংলাদেশ সোসাইটি ইন্‌ক, নির্বাচন ২০২৬
BANGLADESH SOCIETY INC. ELECTION 2026
নির্বাচন ২৫ অক্টোবর, রবিবার ২০২৬
"সমৃদ্ধি কল্যাণ, সততা, স্বচ্ছতা ও জবাবদিহীতার পরিষদ"
কুনু-ফিরোজ
পরিষদ
A1
আজমল হোসেন কুনু
সভাপতি
AJMOL HUSSAIN KUNU, PRESIDENT
A4
ফিরোজ আহমেদ
সাধারণ সম্পাদক
FIROZ AHMED, GENERAL SECRETARY
আসুন পরিবর্তনের পক্ষে রায় দেই, যোগ্য নেতৃত্বকে জয়ী করি
A1 to A21
A2
দুলাল বেহেদু
সিনিয়র সহ-সভাপতি
DULAL BEHEDO, SR. VICE PRESIDENT
A3
আবুল কালাম ভূঁইয়া
সহ-সভাপতি
ABUL KALAM BHUIYAN, VICE PRESIDENT
A5
মোঃ নওশেদ হোসেন
সহ-সাধারণ সম্পাদক
ASST. GENERAL SECRETARY
A6
মফিজুল ইসলাম ভূঁইয়া রুমি
কোষাধ্যক্ষ
MOFIJUL ISLAM BHUIYAN RUMI, TREASURER
A7
মোঃ জামিল আনসারী
সাংগঠনিক সম্পাদক
MD JAMIL ANSARY, ORGANIZING SECRETARY
A8
রুশদী আহমেদ চৌধুরী (বাবু)
সাংস্কৃতিক সম্পাদক
CULTURAL SECRETARY
A9
সৈয়দ গৌছুল হোসেন
জনসংযোগ ও প্রচার সম্পাদক
PUBLIC RELATION & PUBLICITY SECRETARY
A10
কয়েছ আহমদ
সমাজকল্যাণ সম্পাদক
KOYES AHMED, SOCIAL WELFARE SECRETARY
A11
মোঃ আখতার বাবুল
সাহিত্য সম্পাদক
MD. AKHTER BABUL, LITERACY SECRETARY
A12
মোরশেদ আলম
ক্রীড়া ও আপ্যায়ন সম্পাদক
MORSHED ALAM, SPORTS & ENTERTAINMENT SECRETARY
A13
মোঃ মাইন উদ্দিন (নটু)
স্কুল ও শিক্ষা সম্পাদক
SCHOOL & EDUCATION SECRETARY
A14
বি মেহের চৌধুরী
মহিলা ও শিশু বিষয়ক সম্পাদক
WOMEN & CHILDREN AFFAIRS SECRETARY
A15
কাজী হাসান
যুব ও তথ্যপ্রযুক্তি সম্পাদক
KAZI HASAN, YOUTH & IT SECRETARY
A16
আবুল বাশার ভূঁইয়া
কার্যকরী সদস্য
ABUL BASHAR BHUIYAN, EXECUTIVE MEMBER
A17
সিদ্দিক পাটোয়ারী
কার্যকরী সদস্য
SIDDEQUE PATWARY, EXECUTIVE MEMBER
A18
প্রফেসর মোঃ আব্দুল বাছির
কার্যকরী সদস্য
PROF. MD ABDUL BASIR, EXECUTIVE MEMBER
A19
মাসুদুল হক ছানু
কার্যকরী সদস্য
MASHUDUL HAQUE SANU, EXECUTIVE MEMBER
A20
মোহাম্মদ কাউছার আলম
কার্যকরী সদস্য
MOHAMED KAWSAR ALAM, EXECUTIVE MEMBER
A21
মনিরুল ইসলাম মনির
কার্যকরী সদস্য
MONIRUL ISLAM MONIR, EXECUTIVE MEMBER
কুনু-ফিরোজ
পরিষদে আপনার মূল্যবান ভোট দিন
মেশিনের প্রথম সারিতে কুনু-ফিরোজ পরিষদে (A1 থেকে A21) পর্যন্ত অনুগ্রহ করে আপনার মূল্যবান ভোট দিন
PLEASE CAST YOUR VOTE IN FIRST ROW (A1 to A21) FOR KUNU-FIROZ PANEL
প্রচারে: কেন্দ্রীয় নির্বাচন পরিচালনা কমিটি

স্পষ্ট হচ্ছে শুভংকরের ফাঁকি

১২ পৃষ্ঠার পর

ধরনের বিনিয়োগ সরকারের পক্ষে দীর্ঘ সময় ধরে চালু রাখা সম্ভব হয় না। যখন এটি কমে আসে বা ধীর হয়, তখন এ প্রক্রিয়ায় অর্থনীতিতে আসা অর্থের জোগানও বন্ধ হয়ে যায়। আবার সরকারের আগের বিনিয়োগের জন্য করা ঋণ পরিশোধে চাপ বাড়ে। ফলে অর্থনীতি থেকে অর্থ চলে যাওয়া শুরু করে।

একই সময়ে যেসব ব্যবসায়ী বা গোষ্ঠী সরকারি ব্যয় ও বড় প্রকল্পকেন্দ্রিক অর্থনীতির মাধ্যমে সম্পদ তৈরি করেছে, তাদের একটি অংশ যদি সেই অর্থ উৎপাদনশীল নতুন বিনিয়োগের পরিবর্তে জমি, ফ্ল্যাট, বিদেশি সম্পদ, বিলাসী ভোগ কিংবা আর্থিক সম্পদে সরিয়ে নেয়, তাহলে অর্থনীতিতে চাহিদা ও বিনিয়োগ দুই দিকেই চাপ তৈরি হতে পারে। তখন একটি অদ্ভুত পরিস্থিতি তৈরি হয়।

পরিসংখ্যানে হয়তো এখনো বড় কোনো বিপর্যয় দেখা যাচ্ছে না। মানুষ এখনো খাচ্ছে, পোশাক পরছে, মোবাইল ব্যবহার করছে, সন্তানকে স্কুলে পাঠাচ্ছে। কিন্তু একই মানুষ আগের মতো মাছ কিনছে না, চিকিৎসা পিছিয়ে দিচ্ছে, ভ্রমণ বাদ দিচ্ছে, বিয়ের অনুষ্ঠান ছোট করছে, নতুন গাড়ি কেনা স্থগিত করছে, রেস্টুরেন্টে যাওয়া কমাচ্ছে। অর্থাৎ অর্থনীতি ভেঙে পড়ার আগে তার জীবনযাত্রা সংকুচিত হতে শুরু করেছে।

তাই সব মিলিয়ে বাংলাদেশের বর্তমান অর্থনৈতিক চাপকে শুধু কভিড, ইউক্রেন যুদ্ধ, জ্বালানি সংকট কিংবা সাম্প্রতিক বৈশ্বিক অস্থিরতার ফল হিসেবে দেখলে সমস্যার গভীরতা বোঝা যাবে না। এসব বহিরাগত অভিঘাত সংকটকে তীব্র করেছে, কিন্তু সংকটের ভিত্তি তৈরি হয়েছে দেশের অর্থনৈতিক কাঠামোর ভেতরেই। এটি এমন একটি প্রবৃদ্ধির মডেল, যেখানে সরকারি ব্যয়, বড় প্রকল্প, আমদানিনির্ভর ভোগ এবং সীমিতসংখ্যক খাত ও গোষ্ঠীর হাতে সম্পদ কেন্দ্রীভূত হওয়ার ওপর অতিরিক্ত নির্ভরতা তৈরি করেছে। বাস্তবতা হলো, এ ধরনের অর্থনৈতিক কাঠামো দীর্ঘ মেয়াদে স্থিতিশীল চাহিদা ও উৎপাদনশীল বিনিয়োগ নিশ্চিত করতে পারার জন্য উপযুক্ত নয়। বাংলাদেশের জন্য প্রকৃত চ্যালেঞ্জ তাই শুধু অর্থনীতিকে আবার আগের গতিতে ফিরিয়ে নেওয়া নয়; বরং এমন একটি প্রবৃদ্ধির কাঠামো তৈরি করা, যেখানে মানুষের আয় ও ক্রয়ক্ষমতা টেকসইভাবে বাড়বে, সরকারি বিনিয়োগ উৎপাদনশীল বেসরকারি বিনিয়োগকে উৎসাহিত করবে এবং মানুষের ভোগের সক্ষমতা কৃত্রিমভাবে ফুলে ওঠা নয়, বাস্তব উৎপাদনশীলতার ওপর দাঁড়াবে।

লেখক: উন্নয়নকর্মী

বিশ্বের যেকোন দেশে ভ্রমণের জন্য
একমাত্র আমরাই দিচ্ছি সর্বনিম্ন মূল্যের নিশ্চয়তা।
আমরা ওমরার প্যাকেজ করে থাকি
আমাদের প্যাকেজ বিবরণ
- ওমরা ভিসা
- এয়ার টিকেট
- ১ দিন মক্কায় ট্যুর
- ১ দিন মদিনা ট্যুর
- মক্কা থেকে মদিনা গাড়িতে
- এয়ারপোর্ট থেকে হোটেল (4 Star Hotel with Breakfast.)
- মদিনার হোটেল থেকে এয়ারপোর্ট ড্রপ অফ (একজন বাংলাদেশী মোয়াল্লেম মক্কা ও মদিনা)

* হজের পর পরই ওমরাহ পুরোদমে শুরু হয়ে যাবে ইনশাআল্লাহ
* শুধুমাত্র গ্রুপ প্যাকেজের জন্য প্রযোজ্য।

NAFS TRAVEL INC.
SANU SHEAK (SANA)
Cell: 347-537-7657
Email: nafstravel@gmail.com
www.nafstravel.com

NAFS TRAVEL
37-59 74th Street, Jackson Heights, NY 11372
(Inside Mollika electronics next to CITI Bank)

জাতিসংঘ সবার করে হবে

১০ পৃষ্ঠার পর

কখনো ইসরায়েলের বিরুদ্ধে কোনো সিদ্ধান্ত নেয়নি। ফিলিস্তিনের ৮৫ ভাগ জমি ইসরায়েলের দখলে। দুই কোটি ফিলিস্তিনি লোকসংখ্যার মধ্যে প্রায় ১০ লাখ বিভিন্ন সময়ে ইসরায়েলি হত্যাযজ্ঞের শিকার। কাশ্মীরের সংঘাত বন্ধে ১৯৪৮ সাল থেকে বিভিন্ন সময়ে সাধারণ পরিষদ সিদ্ধান্ত নিয়েছে। ভারত বা পাকিস্তানের কেউই তা মানতে চায় না। অন্তত এক লাখ কাশ্মীরি বিভিন্ন সময় এই সংঘাতে মৃত্যুবরণ করেছে। কম্বোডিয়ার খেমার রুজ সরকার প্রায় ২০ লাখ নাগরিক হত্যা করেছে, অথচ জাতিসংঘ দীর্ঘদিন খেমার রুজ সরকারকে বৈধতা দিয়ে গেছে। সোমালিয়ায় এখনো গৃহযুদ্ধ চলছে। মৃতের সংখ্যা পাঁচ লাখ। জাতিসংঘ এখানেও ব্যর্থ। রুয়ান্ডায় যখন হুতু জনগোষ্ঠী তুতসি জনগোষ্ঠীর ওপর চড়াও হয়, আট লাখ তুতসি গণহত্যার শিকার হয়, জাতিসংঘ শান্তিরক্ষীরা কিছুই করতে পারেনি। এখানেই শেষ নয়; সুদান, দক্ষিণ সুদান, কঙ্গো, ইরাক, সিরিয়া, ইয়েমেন এবং আমাদের প্রতিবেশী মিয়ানমারে হয় গণহত্যা চলছে, নয় যুদ্ধ চলছে। যুদ্ধ চলছে ইউক্রেন, ইরান, লেবানন ও ফিলিস্তিনে। জাতিসংঘ এসব হত্যা বা যুদ্ধ নিরসনে ব্যর্থ হয়েছে।

তাহলে কি জাতিসংঘ ব্যর্থ? জাতিসংঘ কি কাগুজে বাঘ? জাতিসংঘের কি কোনো কার্যকারিতা নেই?

যুদ্ধ চলাকালীন নিপীড়িত জনগণ বা শরণার্থীদের কাছে মানবিক সাহায্য পৌঁছাতে এখনো জাতিসংঘের বিকল্প নেই। দুর্ভিক্ষপীড়িত দেশকে খাদ্য সাহায্য দিতে জাতিসংঘ কার্পণ্য করে না। মহামারীতে জাতিসংঘ এগিয়ে যায়। অনগ্রসর দেশে অর্থনৈতিক ও শিক্ষা-সংস্কৃতি ক্ষেত্রে জাতিসংঘ সাহায্য করে থাকে। জাতিসংঘের সাধারণ পরিষদ একমাত্র প্লাটফর্ম, যেখানে প্রতি বছর সর্বোচ্চ সংখ্যক বিশ্বনেতা অংশ নেন, সর্বোচ্চ সংখ্যক দেশ প্রতিনিধিত্ব করে। ফলে আন্তর্জাতিক বিশ্বব্যবস্থায় জাতিসংঘের এখনো বিকল্প নেই। অনেকে তাই মনে করেন, যুগোপযোগী সংস্কারে হয়তো জাতিসংঘকে আবার কার্যকর সংস্থায় রূপান্তর করা যাবে।

১১ জাতি ব্রিকস জোট সম্প্রতি নয়াদিল্লিতে শীর্ষ সম্মেলন করেছে। এর আগে ১০ জাতি সাংহাই কোঅপারেশন অর্গানাইজেশনও শীর্ষ সম্মেলন করেছে। দুটি সংস্থাই জাতিসংঘের সংস্কারের দাবি করছে, বিশেষ করে নিরাপত্তা পরিষদের। চীন গ্লোবাল গভর্ন্যান্স ইনিশিয়েটিভের আওতায় জাতিসংঘের সংস্কার নিয়ে কথা বলা শুরু করেছে। আফ্রিকান ইউনিয়ন বহু দিন থেকে নিরাপত্তা পরিষদে ভেটো ক্ষমতাসহ অন্তত একটি স্থায়ী সদস্যপদ চাইছে। ব্রাজিল, জার্মানি, ভারত ও জাপান জোটবদ্ধ হয়ে প্রত্যেকের জন্য নিরাপত্তা পরিষদের স্থায়ী সদস্যপদ চাইছে।

এবারের শীর্ষ সম্মেলনে ব্রিকস ভারতের স্থায়ী সদস্যের দাবি সমর্থন করেছে। আবার ইতালি, স্পেন, পাকিস্তান, আর্জেন্টিনা, মেক্সিকো, কোরিয়া এই চার দেশের বিরোধিতা করছে। ১৮ কোটি জনসংখ্যা নিয়ে স্বল্পোন্নত বা উন্নয়নশীল দেশ হিসেবে বাংলাদেশের এখানে নীরব থাকার সুযোগ নেই। বাংলাদেশকে তাই সমমনা উন্নয়নশীল দেশগুলো নিয়ে জোট গড়ে তুলতে হবে এবং কার্যকর সমাধানের জন্য সোচ্চার হতে হবে। সবল কোনো দেশ যেন দুর্বলের ওপর যুদ্ধ চাপিয়ে দিতে না পারে, আবার নিরাপত্তা পরিষদে ভেটো ক্ষমতার যথেচ্ছ ব্যবহার করে সংখ্যাগরিষ্ঠের ইচ্ছাকে পদানত না করে। জাতিসংঘ তবেই প্রকৃত অর্থে 'সবার জাতিসংঘ' হয়ে উঠবে।

লেখক: সাবেক কূটনীতিক

আমলাতন্ত্র : ক্ষমতা ও আনুগত্যের বিনিময় ব্যবস্থা

৫ পৃষ্ঠার পর

পারে। তাই সংস্কারবিরোধিতা শুধু ব্যক্তিগত মানসিকতার সমস্যা হিসেবে দেখলে বিষয়টির গভীরতা ধরা পড়ে না। এর পেছনে থাকতে পারে প্রাতিষ্ঠানিক স্বার্থ, ক্ষমতার কেন্দ্রীভবন, জবাবদিহির দুর্বলতা এবং দীর্ঘদিনের পৃষ্ঠপোষকতাভিত্তিক প্রশাসনিক সংস্কৃতি। এই কারণেই আমলাতন্ত্র সংস্কারের প্রশ্নটি আসলে ক্ষমতার কাঠামো সংস্কারের প্রশ্ন।

রাজনৈতিক প্রভুত্বের সংস্কৃতি তৈরি না হলে রাজনৈতিক তাঁবেদারির সংস্কৃতিও তৈরি হয় না।

রাজনীতিকরা আমলাতন্ত্রকে ব্যবহার করেন ক্ষমতা সংহত করার জন্য; আর আমলাতন্ত্রের সুবিধাভোগী অংশ রাজনৈতিক ক্ষমতার আশ্রয়ে নিজেদের অবস্থান শক্তিশালী করে। এটি একটি ক্ষমতার বিনিময়ব্যবস্থা। এই ব্যবস্থার সবচেয়ে বড় ক্ষতিগ্রস্ত পক্ষ হলো জনগণ। সরকার রাষ্ট্রের একটি শাসনকারী কাঠামো; কিন্তু সরকার রাষ্ট্রের সমার্থক নয়। সরকার পরিবর্তনশীল, রাজনৈতিক দল সরকার গঠন করে; কিন্তু প্রজাতন্ত্রের সকল ক্ষমতার মালিক জনগণ।

অতএব কোনো সরকার আমলাতন্ত্রকে নিজের রাজনৈতিক বাহিনীতে পরিণত করার অধিকার রাখে না। আবার কোনো আমলারও রাজনৈতিক ক্ষমতার আশ্রয় নিয়ে জনগণের ওপর প্রভুত্ব করার অধিকার নেই।

আমলাতন্ত্র রাষ্ট্রের নির্বাহী কাঠামোর অংশ-কিন্তু কোনো রাজনৈতিক দলের সরকারের প্রতি প্রশাসনের প্রাতিষ্ঠানিক দায়িত্ব থাকবে-কিন্তু সেই দায়িত্ব হবে সংবিধান ও আইনসম্মত নীতি বাস্তবায়নের মাধ্যমে। কোনো ব্যক্তি, দল বা রাজনৈতিক প্রভুর ব্যক্তিগত ইচ্ছার প্রতি আনুগত্য তার সাংবিধানিক কর্তব্য নয়।

জনগণের সঙ্গে রাষ্ট্রের সম্পর্কও বদলাতে হবে। আজও অনেক নাগরিক সরকারি দপ্তরে গিয়ে নিজেকে রাষ্ট্রের মালিক হিসেবে নয়, বরং রাষ্ট্রের কাছে একজন অসহায় আবেদনকারী হিসেবে অনুভব করেন।

এটি শুধু প্রশাসনিক দুর্বলতা নয়; এটি রাষ্ট্রদর্শনের সংকট।

যে কর্মকর্তা জনগণের করের অর্থে বেতন পান, তিনি যদি জনগণের সঙ্গে এমন আচরণ করেন যেন জনগণ তাঁর কাছে দায়বদ্ধ-তাহলে প্রজাতন্ত্রের মৌলিক সম্পর্কটিই উল্টে যায়।

রাষ্ট্র জনগণের অভিভাবক নয়। সরকার জনগণের অভিভাবক নয়। আমলাতন্ত্রও জনগণের অভিভাবক নয়।

সুতরাং কোনো প্রতিষ্ঠানই জনগণের ঊর্ধ্বে নয়।

আমলাতন্ত্র সংস্কার মানে শুধু নতুন কাঠামো তৈরি, নতুন কমিশন গঠন কিংবা কিছু কর্মকর্তাকে বদলি করা নয়।

কৃত্রিম সংস্কার মানে ক্ষমতার সংস্কৃতি পরিবর্তন করা।

এর জন্য অন্তত কয়েকটি মৌলিক পরিবর্তন প্রয়োজন-

প্রথমত- রাজনৈতিক আনুগত্যের পরিবর্তে সংবিধান ও আইনের প্রতি আনুগত্য নিশ্চিত করতে হবে।

দ্বিতীয়ত- ব্যক্তি বা রাজনৈতিক প্রভুর প্রতি আনুগত্যের পরিবর্তে প্রতিষ্ঠানের প্রতি দায়বদ্ধতা প্রতিষ্ঠা করতে হবে।

তৃতীয়ত- নিয়োগ, পদায়ন ও পদোন্নতিতে রাজনৈতিক পৃষ্ঠপোষকতার সুযোগ কমিয়ে স্বচ্ছ, মেধাভিত্তিক ও প্রাতিষ্ঠানিক ব্যবস্থা গড়ে তুলতে হবে।

চতুর্থত- নাগরিক সেবাকে অনুগ্রহ নয়, নাগরিকের অধিকার হিসেবে প্রতিষ্ঠা করে আমলাতন্ত্রকে জনগণের কাছে জবাবদিহিমূলক করতে হবে।

একজন আমলা রাজনৈতিক দলের কর্মী হবেন না-এটি যেমন নিশ্চিত করতে হবে, তেমনি তিনি আইন লঙ্ঘন করলে, ক্ষমতার অপব্যবহার করলে বা নাগরিকের অধিকার ক্ষুণ্ন করলে তাঁর জবাবদিহিও নিশ্চিত করতে হবে।

আমলাতন্ত্রকে রাজনৈতিক প্রভাবমুক্ত করার অর্থ এই নয় যে নির্বাচিত সরকারের কোনো প্রশাসনিক কর্তৃত্ব থাকবে না। গণতান্ত্রিক রাষ্ট্রে নির্বাচিত সরকার জনগণের ম্যান্ডেট নিয়ে রাষ্ট্র পরিচালনা করে। প্রশাসন সেই সরকারের আইনসম্মত নীতি বাস্তবায়ন করবে।

কিন্তু প্রশাসনকে দলীয় আনুগত্যে বাধ্য করা এবং সরকারের আইনসম্মত নীতি বাস্তবায়ন-এই দুটি বিষয় এক নয়।

এই সীমারেখা স্পষ্ট না হলে "সরকারের প্রতি আনুগত্য" ধীরে ধীরে "ক্ষমতাসীন দলের প্রতি আনুগত্যে" পরিণত হয়।

রাষ্ট্র সংস্কারের লক্ষ্য তাই আমলাতন্ত্রকে সরকারের বিরুদ্ধে দাঁড় করানো নয়; বরং সরকার ও দল, রাষ্ট্র ও সরকার, নীতি ও ব্যক্তিগত নির্দেশ-এই বিভাজনগুলো সাংবিধানিক ও প্রাতিষ্ঠানিকভাবে স্পষ্ট করা।

জুলাইয়ের শিক্ষা: সরকার পরিবর্তন নয়, রাষ্ট্রের ক্ষমতার চরিত্র পরিবর্তন।

জুলাইয়ের গণঅভ্যুত্থানকে যদি শুধু একটি সরকার পরিবর্তনের ঘটনা হিসেবে দেখা হয়, তাহলে তার প্রাতিষ্ঠানিক তাৎপর্য সীমিত হয়ে যায়।

জুলাইয়ের অভিজ্ঞতা থেকে রাষ্ট্রের ক্ষমতার চরিত্র, প্রতিষ্ঠানগুলোর জবাবদিহি এবং জনগণের সঙ্গে রাষ্ট্রের সম্পর্ক নতুন করে ভাবার প্রয়োজন দেখা দিয়েছে।

পুরোনো ক্ষমতার কাঠামো যদি অক্ষত থাকে, শুধু রাজনৈতিক নেতৃত্ব বদলালেই রাষ্ট্রের চরিত্র বদলায় না।

এ কারণেই জুলাইকে শুধু সরকার পরিবর্তনের ঘটনা হিসেবে নয়, রাষ্ট্রের ক্ষমতার চরিত্র ও জনগণের সঙ্গে রাষ্ট্রের সম্পর্ক পুনর্বিবেচনার একটি ঐতিহাসিক সুযোগ হিসেবে বুঝতে হবে।

আর সেই রাষ্ট্র রূপান্তরের প্রশ্নে আমলাতন্ত্রকে পাশ কাটিয়ে যাওয়ার কোনো সুযোগ নেই।

আমাদের লক্ষ্য আমলাতন্ত্র ধ্বংস করা নয়। একটি আধুনিক রাষ্ট্র দক্ষ, পেশাদার, আইনভিত্তিক ও স্থিতিশীল প্রশাসন ছাড়া চলতে পারে না।

তাই আমলাতন্ত্রের সংস্কার মানে কর্মকর্তাদের বিরুদ্ধে যুদ্ধ নয়; একটি বিকৃত ক্ষমতা-সম্পর্কের বিরুদ্ধে সংস্কার।

অধ্যাপক আলী রীয়াজের বক্তব্য তাই আমাদের জন্য একটি গুরুত্বপূর্ণ সতর্কবার্তা।

কিন্তু সেই সতর্কবার্তাকে কোনো একটি শ্রেণির বিরুদ্ধে অভিযোগ হিসেবে ব্যবহার করাই যথেষ্ট নয়।

আমাদের দেখতে হবে-রাজনৈতিক ক্ষমতা ও আমলাতান্ত্রিক ক্ষমতার যে পারস্পরিক সম্পর্ক দীর্ঘদিন ধরে রাষ্ট্রকে প্রভাবিত করেছে, সেটি কীভাবে ভাঙা যায়।

আমলাতন্ত্রকে রাজনৈতিক প্রভুর তাঁবু থেকে বের করে সাংবিধানিক প্রজাতন্ত্রের অধীন আনতে হবে।

তাই রাষ্ট্র রূপান্তরের প্রকৃত লক্ষ্য হতে হবে এমন একটি প্রশাসন প্রতিষ্ঠা করা, যেখানে সরকার জনগণের সেবক, আমলাতন্ত্র জনগণের সেবক এবং রাষ্ট্রীয় ক্ষমতার প্রতিটি প্রতিষ্ঠান জনগণের সার্বভৌম ক্ষমতার প্রতি শ্রদ্ধাশীল ও জবাবদিহিমূলক।

ক্ষমতার মুখ বদলালে সরকার বদলায়;
ক্ষমতার চরিত্র বদলালে রাষ্ট্র বদলায়।

আর জুলাইয়ের প্রকৃত শিক্ষা যদি রাষ্ট্র রূপান্তর হয়, তবে সেই রূপান্তরের একটি অপরিহার্য শর্ত হলো-

রাজনৈতিক প্রভুর আমলাতন্ত্র নয়, আমরা চাই প্রজাতন্ত্রের আমলাতন্ত্র।

লেখক: গীতিকবি
faraizees@gmail.com

- Personal Injuries & Death Claims
- Car Accidents and Medical Mal Practice
- Divorce, Family Matters and Domestic Violence
- Real Estate and Business Closing
- Foreclosure proceedings
- Bankruptcy
- All Civil Matters
- Wills, Trust and Estate Planning
- All Criminal Matters
- All Immigration Matters

MD Golam Mostofa, ESQ.
NY State Attorney
LL. B Honors (1st Class) & LL.M (1st Class), Bangladesh.
Barrister-At-Law, London.
Attorney-At-Law, NY.

Address:
Queens: 148-45 Hillside Ave
Jamaica, NY 11435

Phone# 718-487-4873, Cell: 917-285-6247(Text) Email: abmostofa1@gmail.com

আমরাই একমাত্র
যারা সর্বোচ্চ সুবিধার
নির্ভরযোগ্য
নিশ্চয়তা
প্রদান করি
ZAM ZAM
TRAVEL US
আমাদের সার্ভিস সমূহ
এয়ার টিকেটিং
হজ্ প্যাকেজ
সার্ভিস প্রোভাইডার
HOTEL
হোটেল বুকিং
ভিসা প্রোসেসিং
ওমরাহ্ প্যাকেজ
সার্ভিস প্রোভাইডার
কেন আমাদের সার্ভিস নিবেন?
বিশেষজ্ঞ দল
যাচাইকৃত ভিসা চেকলিস্ট
প্রিমিয়াম সহায়তা
নিখুঁত ভিসা আবেদন পরিষেবা
ZAM ZAM TRAVEL US
in a Partnership with
إثراء الخير
ITHRAA ALKHAIR
এয়ার লাইন সমূহ
السعودية SAUDIA
QATAR AIRWAYS القطرية
Emirates
TURKISH AIRLINES
ঢাকা অফিস
+88 017 1133 6292
Tropical Mollah Tower
Shop no: 08 (4th Floor), Progoti Sharoni
Middle Badda, Dhaka 1212, Bangladesh
নিউইয়র্ক অফিস
+1 718 395 9697
37-15 73 Street (Suite-207),
Jackson Heights, NY-11372
zamzamtravelus
www.zamzamtravelus.com
zamzamtravelus@gmail.com

Marriage Media

পাত্র-পাত্রী

খুজছেন সন্ধান দাতা

আপনি বিয়ে করে আমেরিকাতে স্থায়ীভাবে বসবাস করতে চান?

সকল ধর্ম, সকল বর্ণের ইমিগ্রান্ট/ননইমিগ্রান্ট, ডাক্তার, ইঞ্জিনিয়ার, শিক্ষক, ফার্মাসিষ্ট, নার্স, ফেডারেল জব, প্রাইভেট জব, ব্যবসায়ী, ট্যাক্সি ড্রাইভার, ছাত্র/ছাত্রী, ডিভোর্স, বিধবা ও (বয়স্ক) পাত্র-পাত্রী।

৫০টি স্টেটের বাঙ্গালি পরিবারের সাথে যোগাযোগ।
সাফল্যতার সাথে অগ্রগতি।

আল্লাহর হুকুম ছাড়া কিছু হয় না আমি উছিলা মাত্র।

খান ভাই

646-637-7590

Email: khanma663@gmail.com

COOL Multiservices LLC
Real Estate, Tax, Insurance & Consultancy
We Offer Mortgage
Wireless Communication Limo Service

শাহ্ হামজার স্মরণে
বিশ্বাসের উত্তরাধিকার, উৎকর্ষতার ভবিষ্যৎ

১৯৯৯ সাল থেকে কুল মাল্টিসার্ভিসেস এলএলসি আমাদের কমিউনিটির একটি নির্ভরযোগ্য ভরসার নাম। দীর্ঘ এই পথচলায় আমরা সততা, নিষ্ঠা ও পেশাদারিত্বের মাধ্যমে মানুষের আস্থা অর্জন করেছি।
আজ আমরা গর্বের সাথে জানাচ্ছি—আপনার পরিবারের ভবিষ্যৎ আরও নিরাপদ ও সুন্দর করে গড়ে তুলতে আমরা আমাদের সেবার পরিধি ও দক্ষতা আরও বিস্তৃত করেছি।
আপনি যদি ট্যাক্স সংক্রান্ত সহায়তা চান, কিংবা নিজের স্বপ্নের একটি বাড়ির খোঁজে থাকেন—যে দলকে আপনি বছরের পর বছর বিশ্বাস করেছেন, সেই দল আজও আপনার পাশে আছে।

আমাদের প্রধান সেবাসমূহ

* ট্যাক্স প্রস্তুতি ও পরামর্শ
  দ্রুত, নির্ভুল ও সর্বোচ্চ রিটার্ন নিশ্চিত করার জন্য অভিজ্ঞ সহায়তা।
* মর্টগেজ ও ঋণ সমাধান (প্রি এপ্রোভাল)
  সহজ শর্ত, প্রতিযোগিতামূলক সুদের হার ও ব্যক্তিগত গাইডলাইন।
* রিয়েল এস্টেট সেবা
  বাড়ি কেনা বা বিক্রি—বাজার বিশ্লেষণ করে আপনাকে সঠিক সিদ্ধান্তে পৌঁছাতে সহায়তা।

আপনার স্বপ্নের বাড়ির শুরু এখান থেকেই

প্রথমবার বাড়ি কিনছেন?
আপনাকে আন্তরিক স্বাগতম।
এই প্রক্রিয়াকে জটিল মনে করার কোনো কারণ নেই। আমরা প্রথমবার বাড়ি কিনতে আগ্রহীদের জন্য প্রি-অ্যাপ্রুভালসহ প্রতিটি ধাপে পাশে থেকে সহায়তা করি, যাতে আপনার "স্বপ্নের বাড়ি" বাস্তবে রূপ নেয়।

কুল-এর সাথে যুক্ত হয়ে উপভোগ করুন
২৫ বছরেরও বেশি সময়ের সততা, অভিজ্ঞতা ও পেশাদার সেবার নিশ্চয়তা।

: যোগাযোগ :
১৯৭০১ হিলসাইড অ্যাভিনিউ, হলিস, নিউ ইয়র্ক ১১৪২৩

৭১৮-৮০৩-৮২০০

ইমেইল: coolmultiservicesllc@gmail.com

হ্যান্ডস অন
ফিজিক্যাল থেরাপি রিহাবিলেইশন

এ. ভূঁইয়া
এলআইসি. ফিজিক্যাল থেরাপিস্ট

আপনি কি নিম্নে উল্লেখিত যে কোন ব্যথায় ভুগছেন?
তাহলে আজই যোগাযোগ করুন।
আমাদের আছে ২০ বছরের অভিজ্ঞতা।

* পিঠ ব্যথা
* গাড় ব্যথা
* বাহু ব্যথা
* কব্জি ব্যথা
* হাঁটু ব্যথা
* পায়ের পাতা ব্যথা
* পায়ের আঙ্গুল ব্যথা

ক্লিনিক খোলা থাকার সময়
সোমবার থেকে শুক্রবার
সকাল ১০.০০-সন্ধ্যা-৭টা
শনিবার
সকাল ১০.০০-বিকাল-৪টা
রবিবার বন্ধ

আমরা প্রায় সব ইন্স্যুরেন্স গ্রহণ করি

আমরা ইংলিশ, স্প্যানিশ, হিন্দি, বাংলা ও আরবীতে কথা বলি

75-17 41 Ave. Elmhurst, NY 11373
(Corner of 76th St & Broadway
170-08 Hillside Ave, Jamaica, NY 11432
Tel : 917-832-7824, Cell : 718-696-7002
Fax : 917-832-6100

হোমিও চিকিৎসা

জ্যাকসন হাইটস এর বাংলাদেশ প্লাজার নীচ তলায়

ডাঃ এফ হক
হোমিওপ্যাথিক কনসালট্যান্ট
DI. Hom (USA)
(Diploma in Homeopathy)

ব্যথা, পাইলস, গ্যাস্টিক, কিডনি ও প্রস্রাবের সমস্যা, যৌন ও চর্মরোগ সহ সব ধরনের জটিল রোগ।

হোমিও ভিটামিন সেলিং সেন্টার
Homeo & Vitamin Selling Center

এপয়েন্টমেন্ট এর জন্য কল করুন
347-596-3111, 347-485-8020

জ্যাকসন হাইটস অফিসঃ (বাংলাদেশ প্লাজা) (দুপুর ২টা থেকে রাত ৯টা পর্যন্ত)
৩৭-১৫ ৭৩ স্ট্রিট (Lower Level), জ্যাকসন হাইটস, নিউ ইয়র্ক।
ব্রুকলিন অফিসঃ (সকাল ১০টা থেকে দুপুর ২টা পর্যন্ত)
৪৭৫ ম্যাকডোনালস্ এভিনিউ, (৩য় তলা), ব্রুকলিন, নিউ ইয়র্ক।

বিসমিল্লাহির রাহমানির রাহিম
BANGLADESH SOCIETY INC, ELECTION-2026
বাংলাদেশ সোসাইটি ইনক
নির্বাচন ২৫ অক্টোবর, রবিবার-২০২৬
সেলিম-আলী
পরিষদ
আপনাদের সাথে নিয়ে আরও তিন বছর
আরও অগ্রগতি • আরও অর্জন
নতুন প্রজন্মের জন্য আরও সমৃদ্ধ বাংলাদেশ সোসাইটি
অনুগ্রহ করে আপনার মূল্যবান ভোট দিন
B1
আতাউর রহমান সেলিম
সভাপতি পদপ্রার্থী
Athaur Rahman Salim, President
B4
মোহাম্মদ আলী
সাধারণ সম্পাদক পদপ্রার্থী
Mohammad Ali, General Secretary
B2
মো: মহিউদ্দীন দেওয়ান
সিনিয়র সহ-সভাপতি পদপ্রার্থী
Md. Mohiuddin Dewan, Sr. Vice President
B3
মো: কামরুজ্জামান কামরুল
সহ-সভাপতি পদপ্রার্থী
Md. Kamruz Zaman, Vice President
B5
হারুন চেয়ারম্যান
সহ-সাধারণ সম্পাদক পদপ্রার্থী
Harun Chairman, Asst. General Secretary
B6
নওশাদ হায়দার
কোষাধ্যক্ষ পদপ্রার্থী
Nowshad Haider, Treasurer
B7
ডিউক খান
সাংগঠনিক সম্পাদক পদপ্রার্থী
Md. Z.H. Khan (Duke Khan), Organizing Secretary
B8
অনিক রাজ
সাংস্কৃতিক সম্পাদক পদপ্রার্থী
Mostofa Anik Raj, Cultural Secretary
B9
রিজু মোহাম্মদ
জন সংযোগ ও প্রচার সম্পাদক পদপ্রার্থী
Rezu Mohammed, Public Relation & Publicity Sec.
B10
মুনসুর আহমেদ
সমাজকল্যাণ সম্পাদক পদপ্রার্থী
Mansur Ahammad, Social Welfare Secretary
B11
রুমানা আহমেদ
সাহিত্য সম্পাদক পদপ্রার্থী
Rumana Ahmed, Literary Secretary
B12
হাসান খান
ক্রীড়া ও আপ্যায়ন সম্পাদক পদপ্রার্থী
Hasan Khan, Sports & Ent. Secretary
B13
এএসএম মাইন উদ্দীন (বাবলু)
স্কুল ও শিক্ষা সম্পাদক পদপ্রার্থী
Asm Main Uddin (Bablu), School & Edu. Secretary
B14
শাহনাজ হোসেন
মহিলা ও শিশু বিষয়ক সম্পাদক পদপ্রার্থী
Shahanaz Hossain, Woman & Children Secretary
B15
